বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়/বিদ্যুৎ বিভাগের আওতায় ২০১৪-১৫ অর্থবছরের এডিপিভুক্ত সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনের ওপর মন্ত্রণালয়/বিভাগভিত্তিক সারসংক্ষেপ

ক্রঃ নং	মন্ত্রণালয় /বিভাগের নাম	মোট সমাপ্ত প্রকল্পের সংখ্যা	সমাপ্ত প্রকল্পের ধরণ			মূল সময় ও ব্যয়ের তুলনায়				
			বিনিয়োগ প্রকল্পের সংখ্যা	কারিগরী সহায়তা প্রকল্পের সংখ্যা	জেডিসি এফভুক্ত প্রকল্পের সংখ্যা	সময় ও ব্যয় উভয়ই অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন-সর্বোচ্চ	ব্যয় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	ব্যয় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন-সর্বোচ্চ
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
০১	বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয় / বিদ্যুৎ বিভাগ	৭	৬	১	০	৪	৭	• ২৫% • ১২৫ %	৪	• ২৫.২৩ % • ২৪.৮ %

১। সমাপ্ত প্রকল্পের সংখ্যাঃ ৭ (সাত)

২। সমাপ্ত প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধির কারণঃ

প্রকল্পের ব্যয় বৃদ্ধির কারণ:

ক) প্রকল্প গ্রহণের সময় সুদূরপ্রসারী পরিকল্পনা না করে এবং ভবিষ্যতের প্রেক্ষাপট বিবেচনা না করে ডিপিপি প্রণয়ন করা হয়। ফলে পরবর্তীতে কাজের পরিধি বেড়ে যায়, ফলশ্রুতিতে ব্যয় বৃদ্ধি পায়;

খ) বার বার মেয়াদ বৃদ্ধির ফলে স্থানীয় ও আন্তর্জাতিক বাজারে দ্রব্যমূল্যে দাম বেড়ে যায় এবং কোন কোন ক্ষেত্রে দরপত্রের রেট শিডিউল পরিবর্তন হয়ে যায়, ফলে প্রকল্প ব্যয় বেড়ে যায়;

গ) জটিল ও ব্যতিক্রমধর্মী কাজের ক্ষেত্রে অনেক সময় টার্ণকী ঠিকাদারের উপর অতিমাত্রায় নির্ভরশীলতা বেড়ে যায় এবং চুক্তি স্বাক্ষরের সময় সকল শর্তাবলী সাবধানতার সাথে বিবেচনা করা হয়না বিধায় টার্ণকী ঠিকাদার বিভিন্ন সময় বাড়তি বিল দাবী করার সুযোগ পায়।

প্রকল্পের মেয়াদ বৃদ্ধির কারণ:

ক) মূল ডিপিপি অনুমোদনের তারিখের পরেও টেন্ডার ডকুমেন্ট তৈরি, টেন্ডার আহবান, মূল্যায়ন ও কার্যাদেশ প্রদানে অনেক বিলম্ব হয়। ফলে মাঠ পর্যায়ে প্রকল্পের বাস্তবায়ন কাজ শুরু হতে বেশির ভাগ ক্ষেত্রে এক বছর থেকে দুই বছর বিলম্ব হয়ে যায়;

খ) সাহায্যপুষ্ট প্রকল্পের ক্ষেত্রে ঋণ চুক্তি স্বাক্ষর ও কার্যকর করতে যথেষ্ট বিলম্ব হয়;

গ) সাহায্যপুষ্ট প্রকল্পের দরপত্র মূল্যায়নের সময় উন্নয়ন সহযোগী সংস্থার কনকারেন্স পেতে যথেষ্ট বিলম্ব হয়;

ঘ) ভূমি অধিগ্রহণজনিত জটিলতার কারণে বেশির ভাগ প্রকল্পে যথেষ্ট সময়ক্ষেপণ হয়;

ঙ) প্রকল্প দপ্তরের অদক্ষতার কারণে এবং দূরদর্শিতার অভাবে প্রকল্পের বাস্তবায়ন বিলম্ব হয়।

৩। সমাপ্তকৃত প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রধান প্রধান সমস্যা ও সুপারিশঃ

সমস্যা	সুপারিশ
৩.১ প্রকল্পের ব্যয় বৃদ্ধি ও বাস্তবায়নে অত্যাধিক বিলম্ব	৩.১ প্রকল্প প্রণয়নের ক্ষেত্রে বাস্তবসম্মতভাবে ব্যয় ও সময় নির্ধারণ এবং বাস্তবায়ন পর্যায়ে তা অনুসরণ করা প্রয়োজন।
৩.২ কাজের গুণগতমান সংক্রান্ত।	৩.২.১ কাজের গুণগতমান নিশ্চিত করতে ভবিষ্যতে পিপিআর যথাযথভাবে অনুসরণপূর্বক দক্ষ জনবল এবং প্রয়োজনীয় যন্ত্রপাতি সমন্বিত ঠিকাদার নিয়োগ করা প্রয়োজন। ৩.২.২ প্রকল্পের আওতায় সম্পাদিত কাজ বিশেষ করে নিম্নমানের পূর্ত কাজের জন্য তদারকির দায়িত্বে নিয়োজিত সংশ্লি ষ্ট কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক।
৩.৩ সাহায্যপুষ্ট প্রকল্প সংক্রান্ত।	৩.৩ সাহায্যপুষ্ট প্রকল্পের ক্ষেত্রে উন্নয়ন সহযোগী দেশ/প্রতিষ্ঠান থেকে দ্রুত সঠিক সময়ে অর্থ প্রাপিতর বিষয়টি নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সংস্থা ও ম ন্ত্রণালয়/বিভাগ কর্তৃক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক।
৩.৪ প্রকল্পের যানবাহন সংক্রান্ত।	৩.৪ বিদ্যমান সরকারি নিয়ম অনুযায়ী প্রকল্পের আওতায় সংগৃহীত যানবাহন সরকারি পরিবহন পুলে জমা দেয়ার ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক।
৩.৫ প্রকল্প পরিচালক সংক্রান্ত।	৩.৫.১ প্রকল্প সুষ্ঠু বাস্তবায়ন নিশ্চিতকল্পে ঘন ঘন প্রকল্প পরিচালক বদলি বা পরিবর্তন না করে বিদ্যমান নিয়ম অনুযায়ী প্রকল্প পরিচালক নিয়াগে সচেষ্ট থাকার প্রয়োজন আছে। ৩.৫.২ বিভিন্ন সংস্থার আওতায় বাস্তবায়নাধীন ও ভবিষ্যতে প্রকল্পের জন্য সরকারী নির্দেশনা অনুযায়ী পূ র্ণকালীন ও যোগ্য প্রকল্প পরিচালক নিয়োগের বিষয়টি উদ্যোগী বিভাগ হতে নিশ্চিত করা প্রয়োজন।
৩.৬ পিসিআর প্রেরণে বিলম্ব।	৩.৬ প্রকল্প সমাপ্তি ঘোষণার পর পরই পিসিআর প্রণয়ন করে আইএমইডিতে প্রেরণ নিশ্চিত করা আবশ্যক।

"আমিনবাজার ওল্ড এয়ারপোর্ট ২৩০ কেভি সঞ্চালন লাইন এন্ড এসোসিয়েটেড সাব-ষ্টেশন (১ম সংশোধন)" শীর্ষক প্রকল্পের সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত : জুন ২০১৫)

১। **প্রকল্পের নাম** : আমিনবাজার ওল্ড এয়ারপোর্ট ২৩০ কেভি সঞ্চালন লাইন এন্ড এসোসিয়েটেড সাব-ষ্টেশন (১ম সংশোধন) ।

২। **উদ্যোগী বিভাগ/ মন্ত্রণালয়** : বিদ্যুৎ বিভাগ/ বিদ্যুৎ জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়।

৩। **বাস্তবায়নকারী সংস্থা** : পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ লিমিটেড (পিজিসিবি)।

৪। **প্রকল্প এলাকা** : ঢাকা জেলার আমিনবাজার, কল্যাণপুর, পুরাতন বিমানবন্দর, সাতমসজিদ, ক্যান্টনমেন্ট, উলন ও রামপুরা এলাকা।

৫। **প্রকল্পের ব্যয় ও বাস্তবায়নকাল** :

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		● প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়ন কাল	অতিক্রান্ত ব্যয় (মুল প্রাক্কলিত ব্যয়ের%)	অতিক্রান্ত সময় (অনুমোদিত বাস্তবায়ন কালের%)
●মূল ●জিওবি ●প্রঃ সাঃ ●সংস্থার নিজস্ব	● সর্বশেষ সংশোধিত ●জিওবি ●প্রঃ সাঃ ●সংস্থার নিজস্ব	●জিওবি ●প্রঃ সাঃ ●সংস্থার নিজস্ব	মূল	সর্বশেষ সংশোধিত			
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)
● ৬৫২৭১.৭০ ● ২৮০১৯.৪০ ● ৩৭২৫২.৩০ ● -	● ৭৫৩৮০.৪৫ ● ২২২৩৩.১২ ● ৪৮০৪৭.৬৪ ● ৫০৯৯.৬৮	●৭৩৩,৩৬.১২ ● ২২২০৮.৫০ ● ৪৬০২৭.৯৪ ● ৫০৯৯.৬৮	জুলাই'০৬ -জুন'১০	জুলাই'০৬ -জুন'১৫	জুলাই'০৬ -জুন'১৫	৮০৬৪.৪২ (১২.৩৫%)	৫ বছর (১২৫%)

৬। **সাধারণ পর্যবেক্ষণ:**

৬.১। **পটভূমি:** কল্যাণপুর (৩×৭৫ এমভিএ), মিরপুর (২×৭৫, ২×৫০ এমভিএ), ধানমন্ডি (২×৭৫ এমভিএ), মগবাজার (২×৭৫ এমভিএ), ১৩২/৩৩ কেভি সাব-স্টেশন এবং রামপুরা ও আমিনবাজার ২৩০/১৩২ কেভি সাবস্টেশনের মাধ্যমে ঢাকা শহরের পশ্চিমাঞ্চলে বিদ্যুৎ সরবরাহ করা হতো । কিন্তু এ সকল সাবস্টেশনসমূহ ক্রমান্বয়ে অতিরিক্ত লোডেড হয়ে পড়া য় এবং গণভবন ও শেরে বাংলা নগরসহ ঢাকার পশ্চিমাঞ্চলে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের লক্ষ্যে ১৩২ কেভির আন্তঃসংযোগ সঞ্চালন লাইনসহ আগারগাঁও, ক্যান্টনমেন্ট ও সাতমসজিদ এলাকায় ৩টি নতুন ১৩২/৩৩ কেভির সাবস্টেশন নির্মাণ এবং আমিনবাজার থেকে ১০ কিলোমিটার দৈর্ঘ্যের ২৩০ কেভির সঞ্চালন লাইনসহ আগারগাঁওয়ে ২৩০/১৩২ কেভির ১টি সাবস্টেশন নির্মাণের জন্য আলোচ্য প্রকল্পটি বাস্তবায়নের জন্য গ্রহণ করা হয়।

৬.২। **উদ্দেশ্য :**

(ক) ঢাকা শহরের পশ্চিমাঞ্চলের ক্রমবর্ধমান বিদ্যুৎ চাহিদা পূরণ ও এলাকার বিদ্যমান সঞ্চালন নেটওয়ার্ক লোডমূক্ত রাখা; এবং

(খ) ঢাকা শহরের পশ্চিমাঞ্চলে বিদ্যুৎ সরবরাহের নির্ভরযোগ্যতা বৃদ্ধি।

৬.৩। প্রকল্প পরিদর্শন: আইএমই বিভাগের শিল্প ও শক্তি সেক্টরের পরিচালক (শক্তি) বেগম নাসিমা মহসিন কর্তৃক গত ৩ জানুয়ারি ২০১৬ তারিখে প্রকল্পটি পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্প পরিচালকসহ পিজিসিবি 'র সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত থেকে সহায়তা প্রদান করেন।

৬.৪। **প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:**

পিজিসিবি'র তত্ত্বাবধা য়ক প্রকৌশলী /নির্বাহী প্রকৌশলী পদমর্যাদার ৫ জন কর্মকর্তা পূর্ণকালীন /খন্ডকালীন প্রকল্প পরিচালকের দায়িত্ব পালন করেন। এ সংক্রান্ত তথ্যাদি নিম্নে প্রদান করা হলো:-

ক্রমিক নম্বর	প্রকল্প পরিচালকের নাম	পদবী	পূর্ণকালীন/ খন্ডকালীন	সময় কাল
১।	প্রকৌশলী মোঃ বিল্লাল হোসেন	তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ লিঃ	পূর্ণকালীন	২০০৬-০৭ থেকে ২৯ নভেম্বর ২০০৯ পর্যন্ত
২।	মো: সিরাজুল ইসলাম	তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ লিঃ	পূর্ণকালীন	৩০ নভেম্বর ২০০৯ থেকে ১৮ এপ্রিল ২০১২ পর্যন্ত
৩।	প্রকৌশলী মোঃ ফরিদ উদ্দিন আহমেদ	তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ লিঃ	খন্ডকালীন	১৯ এপ্রিল ২০১২ থেকে ৭ ডিসেম্বর ২০১৩ পর্যন্ত
৪।	মোহাম্মদ সাইফুল হক	তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ লিঃ	পূর্ণকালীন	৮ ডিসেম্বর ২০১৩ থেকে ১২ আগস্ট ২০১৪ পর্যন্ত
৫।	মোঃ আঃ মোনায়েম চৌধুরী	নির্বাহী প্রকৌশলী, পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ লিঃ	খন্ডকালীন	১৩ আগস্ট ২০১৪ থেকে ১৫ ফেব্রুয়ারী ২০১৫ পর্যন্ত
৬।	মোঃ আঃ মোনায়েম চৌধুরী	তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ লিঃ	পূর্ণকালীন	১৬ফেব্রুয়ারী ২০১৫ থেকে ৩০ জুন ২০১৫ পর্যন্ত

সূত্র: বিদ্যুৎ বিভাগ কর্তৃক২ ডিসেম্বর, ২০১২ তারিখে প্রেরিত পিসিআর

৭। **প্রকল্পের অঙ্গভিত্তিক আর্থিক ও বাস্তব অগ্রগতিঃ**

(লক্ষ টাকায়)

ক্রমিক নম্বর	অঙ্গের নাম	একক	সর্বশেষ ডিপিপি অনুযায়ী (পরিকল্পিত লক্ষ্যমাত্রা)		বাস্তবায়ন অগ্রগতি	
			বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক (%)
(১)	(২)	(৩)	(৫)	(৪)	(৬)	(৭)
রাজস্ব ব্যয়						
১	কর্মকর্তাদের বেতন	জন	১২ জন	১৯৫.০০	৯ জন	১৯৪.৭৫ (৯৯.৮৭%)
২	কর্মচারীদের বেতন	জন	৫ জন	৫১.০০	(৫ জন)	৫১.৪৬ (১০১%)
৩	ভাতা	জন	১৮ জন	২৫৮.০০	১৮ জন	২৫৮.২২ (১০০.০৮%)
৪	অন্যান্য			৩৪৭.০০		৩৪৭.১২ (১০০.০৩%)
৫	কনসালটেন্সী	জনমাস (স্থানীয়) জনমাস (বৈদেশিক)	৩৭ জনমাস (স্থানীয়) ১১ জনমাস (বৈদেশিক)	২৮৮.০০	৩৬.৬৭ জনমাস	২৬৪.১১ (৯১.৭০%)
৬	প্রশিক্ষণ (স্থানীয়)	জন	৬০ জন	০.০০	-	-
৭	প্রশিক্ষণ (বৈদেশিক)	জন	৩ জন	২১.০০	৩ জন	১৪.৫০ (৬৯.০৪%)

(লক্ষ টাকায়)

ক্রমিক নম্বর	অঙ্গের নাম	একক	সর্বশেষ ডিপিপি অনুযায়ী (পরিকল্পিত লক্ষ্যমাত্রা)		বাস্তবায়ন অগ্রগতি	
			বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক (%)
(১)	(২)	(৩)	(৫)	(৪)	(৬)	(৭)
৮	পরিবহন	থোক	থোক	৩৫৬.০০	থোক	৩৫৪.৪১ (৯৯.৫৫%)
৯	ইন্সুরেন্স	থোক	থোক	২৮৯.০০	থোক	২৭৯.৯৯ (৯৬.৮৮%)
১০	ক্ষতিপূরণ	কি.মি.	১৮.৯৫ কি.মি.	৪৪৪.০০	২২.৫২১ কি.মি.	৪৪৪.০৭ (১০০.০১%)
১১	টেস্টিং ফি	কি.মি.	১৮.৯৫ কি.মি.	২.০০	২২.৫২১ কি.মি.	১.৮২ (৯১%)
১২	জরিপ	কি.মি.	১৮.৯৫ কি.মি.	৬৫৮.০০	২২.৫২১ কি.মি.	৪৮৭.৮৬ (৭৪.১৪%)
১৩	হায়ারিং চার্জ	থোক	থোক	১৫.০০	থোক	১৫.২৯ (১০১.৯৩%)
১৪	ইআইএ স্টাডি	থোক	থোক	১.০০	থোক	-
১৫	বিবিধ (টিএ, ডিএ, ওটি পেট্রোল, স্টেশনারী, টেলিফোন ইত্যাদি)	থোক	থোক	১৩৯.০০	থোক	১৪০.২২ (১০০.৮৭%)
উপমোট (রাজস্ব)			**৩০৬৪.০০**			**২৮৫৩.৮২ (৯৩.১৪%)**
মুলধন ব্যয়						
১৬	যানবাহন	যানবাহনের সংখ্যা	৪ টি	৭৫.০০	৪ টি	৭৪.৬৪ (৯৯.৫২%)
১৭	টুল্‌স এন্ড প্ল্যান্টস	কি.মি., এসএসের সংখ্যা ও এসএস এক্সটেনশনের সংখ্যা	১৮.৯৫ কি.মি. লাইন, ৩ টি এসএস, ১টি এসএস এক্সটেনশন	১০৩৩.০০	২২.৫২১ কি.মি. লাইন, ৩ টি এসএস, ১টি এসএস এক্সটেনশন	৭৬৫.৭৪ (৭৪.১২%)
১৮	অফিস যন্ত্রপাতি	থোক	থোক	৫.০০	থোক	৫.০০ (১০০%)
১৯	অফিস আসবাবপত্র	থোক	থোক	২.০০	থোক	১.৯৫ (৯৭.৫০%)
২০	ইলেক্ট্রিক যন্ত্রপাতি	কি.মি., এসএসের সংখ্যা ও এসএস এক্সটেনশনের সংখ্যা	১৮.৯৫ কি.মি. লাইন, ৩ টি এসএস, ১টি এসএস এক্সটেনশন	৪০৬৩৪.০০	২২.৫২১ কি.মি. লাইন, ৩ টি এসএস, ১টি এসএস এক্সটেনশন	৩৯২১৭.৬০ (৯৬.৫১%)
২১	ভুমি অধিগ্রহণ	একর	৭.৫ একর	৩৬৭.০০	২.৬৫ একর	৩৬৭.০৫ (১০১.০১%)
২২	ভুমি উন্নয়ন	ঘঃমিঃ	৪০,০০০ ঘঃমিঃ	১০০.০০	৪০,০০০ ঘঃমিঃ	৯৭.৪৯ (৯৭.৪৯%)

(লক্ষ টাকায়)

ক্রমিক নম্বর	অঙ্গের নাম	একক	সর্বশেষ ডিপিপি অনুযায়ী (পরিকল্পিত লক্ষ্যমাত্রা)		বাস্তবায়ন অগ্রগতি	
			বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক (%)
(১)	(২)	(৩)	(৫)	(৪)	(৬)	(৭)
২৩	অন্যান্য ভবন (অনাবাসিক)	থোক	থোক	১৩.০০	থোক	৭.০৮ (৫৪.৪৬%)
২৪	নির্মাণ ব্যয়	কি.মি., এসএসের সংখ্যা ও এসএস এক্সটেনশনের সংখ্যা	১৮.৯৫ কি.মি. লাইন, ৩ টি এসএস, ১টি এসএস এক্সটেনশন	৯০১৯.০০	২২.৫২১ কি.মি. লাইন, ৩ টি এসএস, ১টি এসএস এক্সটেনশন	৮৯০১.০০ (৯৮.৬৯%)
২৫	সিডি-ভ্যাট	থোক	থোক	১১৩০০.০০	থোক	১১২৯৩.০৪ (৯৯.৯৩%)
২৬	নির্মাণকালীন সুদ	থোক	থোক	৭৯১১.০০	থোক	৭৯১১.০৩ (১০০%)
উপমোট (মুলধন)			**৭০৪৫৯.০০**			**৬৮৬৪১.৬২** (৯৭.৪২%)
২৭	ফিজিক্যাল কন্টিজেন্সি	থোক	থোক	০.০০	-	-
২৮	প্রাইস কন্টিজেন্সি	থোক	থোক	১৮৫৮.০০	থোক	১৮৪০.৬৯ (৯৯.০৬%)
	সর্বমোট			**৭৫৩৮০.০০**		**৭৩,৩৩৬.১২** (৯৭.২৮%)

৮। **পরিদর্শনকালীন পর্যবেক্ষণ:**

৮.১ প্রধান প্রধান অঙ্গ বাস্তবায়ন অগ্রগতির বিবরণ: প্রকল্পের প্রধান অঙ্গসমূহের বাস্তবায়ন অগ্রগতির বিবরণ নিম্নে প্রদান করা :

ক্রমিক নম্বর	অংগের নাম	কাজের বর্ণনা
১	আমিনবাজার-ওল্ড এয়ারপোর্ট ২৩০ কেভি ওভারহেড এবং আন্ডাগ্রাউন্ড সঞ্চালন লাইন নির্মাণ	১১৪৩৪.৭৬ লক্ষ টাকা ব্যয়ে আমিনবাজার ২৩০/১৩২ কেভি উপকেন্দ্র থেকে ওল্ড এয়ারপোর্ট ২৩০/১৩২ কেভি উপকেন্দ্র পর্যন্ত ৭.৮৯৬ কিঃমিঃ ডাবল সার্কিটবিশিষ্ট ২৩০ কেভি সঞ্চালন লাইন নির্মাণ করা হয়েছে; তন্মধ্যে আমিনবাজার উপকেন্দ্র থেকে কল্যাণপুর পর্যন্ত ৩.৫৭৫ কিঃমিঃ ওভার হেড সঞ্চালন লাইন এবং কল্যাণপুর থেকে ওল্ড এয়ারপোর্ট ২৩০/১৩২/৩৩ কেভি উপকেন্দ্র পর্যন্ত ৪.৩২১ কিঃমিঃ আন্ডারগ্রাউন্ড সঞ্চালন অন্তর্ভূক্ত। উক্ত সঞ্চালন লাইনের মাধ্যমে ওল্ড-এয়ারপোর্ট ২৩০/১৩২/৩৩ কেভি উপকেন্দ্রে বিদ্যুৎ সরবরাহ করা হচ্ছে। ওল্ড এয়ারপোর্ট ২৩০/১৩২/৩৩ কেভি উপকেন্দ্র থেকে ডেসকোর ৩৩/১১ কেভি উপকেন্দ্রে বিদ্যুৎ সরবরাহ করা হচ্ছে।
২	ওল্ড এয়ারপোর্ট-ক্যান্টনমেন্ট ১৩২ কেভি আন্ডারগ্রাউন্ড সঞ্চালন লাইন নির্মাণ	৯০০৬.৪১ লক্ষ টাকা ব্যয়ে ওল্ড এয়ারপোর্ট থেকে ক্যান্টনমেন্ট ১৩২/৩৩ কেভি উপকেন্দ্র পর্যন্ত ৭.১৪৭ কিঃমিঃ ডাবল সার্কিটবিশিষ্ট ১৩২ কেভি আন্ডারগ্রাউন্ড সঞ্চালন লাইন নির্মাণ করা হয়েছে। উক্ত লাইনের মাধ্যমে ক্যান্টনমেন্ট ১৩২/৩৩ কেভি উপকেন্দ্রে বিদ্যুৎ সরবারহ করা হচ্ছে।

ক্রমিক নম্বর	অংগের নাম	কাজের বর্ণনা
৩	ওল্ড এয়ারপোর্ট-সাতমসজিদ ১৩২ কেভি আন্ডারগ্রাউন্ড সঞ্চালন লাইন নির্মাণ	৫১৩০.০৬ লক্ষ টাকা ব্যয়ে ওল্ড এয়ারপোর্ট থেকে সাতমসজিদ ১৩২/৩৩ কেভি উপকেন্দ্র পর্যন্ত ৪.৬২৪ কিঃমিঃ ডাবল সার্কিটবিশিষ্ট ১৩২ কেভি আন্ডারগ্রাউন্ড সঞ্চালন লাইন নির্মাণ করা হয়েছে। উক্ত লাইনের মাধ্যমে ক্যান্টনমেন্ট ১৩২/৩৩ কেভি উপকেন্দ্রে বিদ্যুৎ সরবারহ করা হচ্ছে।
৪	উলন-রামপুরা ১৩২ কেভি আন্ডারগ্রাউন্ড সঞ্চালন লাইন নির্মাণ	৩৫৯৬.৮৮ লক্ষ টাকা ব্যয়ে রামপুরা থেকে উলন পর্যন্ত ২.৯০ কিঃমিঃ ডাবল সার্কিটবিশিষ্ট ১৩২ কেভি আন্ডারগ্রাউন্ড সঞ্চালন লাইন নির্মাণ করা হয়েছে। উক্ত লাইনের মাধমে গড়ে প্রায় ২২০ মেঃওঃ বিদ্যুৎ সরবারহ করা হচ্ছে।
৫	ওল্ড এয়ারপোর্ট ২৩০/১৩২/৩৩ কেভি জিআইএস উপকেন্দ্র নির্মাণ	১২৪৬৩.৫৪ লক্ষ টাকা ব্যয়ে ওল্ড এয়ারপোর্ট ২৩০/১৩২/৩৩ কেভি জিআইএস উপকেন্দ্র নির্মাণ করা হয়েছে। ওল্ড এয়ারপোর্ট উপকেন্দ্রে ২৩০/১৩২/৩৩ কেভির ৩০০ এমভিএ ক্ষমতা সম্পন্ন ২টি ট্রান্সফর্মার এবং ১৩২/৩৩ কেভি ১২০ এমভিএ ক্ষমতা সম্পন্ন ২ টি ট্রান্সফর্মার স্থাপন করা হয়েছে। উক্ত উপকেন্দ্রের নির্মাণ সম্পন্নের কারণে ২৩০ কেভি উপকেন্দ্রের ৫৪০ মেঃওঃ, ১৩২ কেভি উপকেন্দ্রের ২১৬ মেঃওঃ বিদ্যুৎ জাতীয় গ্রীডের সঙ্গে যুক্ত হয়েছে। ওল্ড এয়ারপোর্ট ২৩০/১৩২/৩৩ কেভি উপকেন্দ্র থেকে ক্যান্টনমেন্ট ১৩২/৩৩ কেভি উপকেন্দ্রে, সাতমসজিদ ১৩২/৩৩ কেভি উপকেন্দ্রে ও ডেসকোর ৩৩/১১ কেভি উপকেন্দ্রে বিদ্যুৎ সরবরাহ করা হচ্ছে।
৬	ক্যান্টনমেন্ট ও সাতমসজিদ ১৩২/৩৩ কেভি জিআইএস উপকেন্দ্র নির্মাণ	উক্ত প্রকল্পের আওতায় ৯৬১০.১৩ লক্ষ টাকা ব্যয়ে ২ টি যথাক্রমে (ক) ক্যান্টমেন্ট ১৩২/৩৩ কেভি উপকেন্দ্র এবং (খ) সাতমসজিদ ১৩২/৩৩ কেভি উপকেন্দ্র নির্মাণ করা হয়েছে। ক্যান্টনমেন্ট ১৩২/৩৩ কেভি উপকেন্দ্র: ক্যান্টনমেন্ট উপকেন্দ্রে ১৩২/৩৩ কেভি ৮০/১২০ এমভিএ ক্ষমতা সম্পন্ন ২টি ট্রান্সফর্মার স্থাপন করা হয়েছে। এর ফলে ১৩২ কেভি উপকেন্দ্রের ২১৬ মেঃওঃ জাতীয় গ্রীডের সঙ্গে যুক্ত হয়েছে। উক্ত উপকেন্দ্র থেকে ডেসকোর ৩৩/১১ কেভি উপকেন্দ্রে বিদ্যুৎ সরবরাহ করা হচ্ছে। সাতমসজিদ ১৩২/৩৩ কেভি উপকেন্দ্র: সাতমসজিদ উপকেন্দ্রে ১৩২/৩৩ কেভি ৮০/১২০ এমভিএ ক্ষমতা সম্পন্ন ২টি ট্রান্সফর্মার স্থাপন করা হয়েছে। এর ফলে ১৩২ কেভি উপকেন্দ্রের ২১৬ মেঃওঃ জাতীয় গ্রীডের সঙ্গে যুক্ত হয়েছে। উক্ত উপকেন্দ্র থেকে ডিপিডিসি'র ৩৩/১১ কেভি উপকেন্দ্রে বিদ্যুৎ সরবরাহ করা হচ্ছে।
৭	আমিনবাজার ২৩০ কেভি বে-এক্সটেনশন	৮৯৫.৭৫ লক্ষ টাকা ব্যয়ে আমিনবাজার ২৩০/১৩২ কেভি উপকেন্দ্রে ২টি ২৩০ কেভি লাইন বে-এক্সটেনশনের কাজ সম্পন্ন করা হয়েছে। আমিনবাজার উপকেন্দ্র থেকে ওল্ড এয়ারপোর্ট উপকেন্দ্রে বিদ্যুৎ সরবরাহের জন্য ২৩০ কেভি সঞ্চালন লাইন আমিনবাজার উপকেন্দ্রে হুক-আপকরণ কাজের মাধ্যমে ২৩০ কেভি বে-এক্সটেনশন অংশ সম্পন্ন করা হয়।
৮	কনসালটেন্সী সার্ভিস	আমিনবাজার-ওল্ড এয়ারপোর্ট ২৩০ কেভি সঞ্চালন লাইন এন্ড এসোসিয়েটেড সাবষ্টেশন নির্মাণ প্রকল্পের জন্য Korea Electric Power Corporation (KEPCO) এর নিকট থেকে 11 Man-Month International এবং 37 Man-Month National কনসালটেন্সী সার্ভিস গ্রহণ করা হয়। বিড ডকুমেন্ট প্রস্তুত করা, ডিজাইন-ড্রয়িং প্রস্তুত কাজে পিজিসিবিকে সহায়তা করা, উপকেন্দ্রের সিভিল কাজ, ইলেকট্রিক্যাল কাজ, টেস্টিং এবং কমিশনিং কাজ পর্যবেক্ষণ এবং মতামত প্রদান কনসালটেন্সী সার্ভিস কাজের আওতাভুক্ত ছিল।

৯। প্রকল্প সংশ্লিষ্ট স্থির চিত্র: প্রকল্প সংশ্লিষ্ট ৩ (তিন)টি স্থির চিত্র নিম্নে প্রদান করা হলো:-



চিত্র-১: আমিন বাজার ২৩০/১৩২ কেভি উপকেন্দ্রে স্থাপিত ট্রান্সফরমার



চিত্র-২: আমিন বাজার ২৩০/১৩২ কেভি উপকেন্দ্রে stringing ও erection শেষে স্থাপিত ওভারহেড টাওয়ার



চিত্র-৩: সাতমসজিদ ১৩২/৩৩ কেভি উপকেন্দ্রের কন্ট্রোল প্যানেল

১০। **প্রকল্পের প্রকিউরমেন্ট সংক্রান্ত তথ্য**

(লক্ষ টাকায়)

ক্রমিক নম্বর	কাজের নাম/প্যাকেজের নাম	দরপত্র আহ্বানের তারিখ	দরপত্র খোলার তারিখ	পিজিসিবি বোর্ড কর্তৃক দরপত্রের কারিগরী প্রস্তাব অনুমোদনের তারিখ	দাতা সংস্থা (এডিবি) কর্তৃক কারিগরী প্রস্তাব অনুমোদনের তারিখ	পিজিসিবি কর্তৃক আর্থিক প্রস্তাব মূল্যায়ন অনুমোদনের তারিখ	দাতা সংস্থা (এডিবি) কর্তৃক আর্থিক প্রস্তাব অনুমোদনের তারিখ	- চুক্তি স্বাক্ষরের তারিখ - ঠিকাদারের নাম - চুক্তি অনুসারে কার্য সম্পাদনের তারিখ - বাস্তবে কার্য সম্পাদনের তারিখ - চুক্তি মূল্য - পরিশোধিত মূল্য
(১)	**(২)**	**(৩)**	**(৪)**	**(৫)**	**(৬)**	**(৭)**	**(৮)**	**(৯)**
১	আমিনবাজার-ওল্ড এয়ারপোর্ট ২৩০ কেভি সঞ্চালন লাইন নির্মাণ প্রকল্প	১৮.১২.২০০৮	৩১.৩.২০০৯	৮.৯.২০০৯	১৭.৯.২০০৯	১৫.১১.২০০৯	১৬.১২.২০০৯	-২১ মার্চ ২০১০ - CCC-ETERN JV, CHINA - ৭ মে ২০১২ -১২ অক্টোবর ২০১৩ - ১০২৮২.০০ - ১১৪৩৪.৭৬
২	ওল্ড এয়ারপোর্ট-ক্যান্টমেন্ট ১৩২ কেভি আন্ডারগ্রাউন্ড সঞ্চালন লাইন নির্মাণ প্রকল্প	১৪.০৭.২০০৮	১৫.১০.২০০৮	১৬.৩.২০০৯	২২.৫.২০০৯	২৩.৮.২০০৯	১৮.৯.২০০৯	-১৫ নভেম্বর ২০০৯ - CCC-ETERN JV, CHINA - ১১ অক্টোবর ২০১১ - ১৯ নভেম্বর ২০১৩ - ৯২৯২.০০ - ৯০০৬.৪১
৩	ওল্ড এয়ারপোর্ট-সাতমসজিদ ১৩২ কেভি আন্ডারগ্রাউন্ড সঞ্চালন লাইন নির্মাণ প্রকল্প	১৪.০৭.২০০৮	১৫.১০.২০০৮	১৬.৩.২০০৯	২২.৫.২০০৯	২৩.৮.২০০৯	২.১০.২০০৯	-১৫ নভেম্বর ২০০৯ - CCC-ETERN JV, CHINA - ১১ জানুয়ারী ২০১২ - ৮ ডিসেম্বর ২০১৪ - ৫৬৬৬.০০ - ৫১৩০.০৬
৪	উলন-রামপুরা ১৩২ কেভি আন্ডারগ্রাউন্ড সঞ্চালন লাইন নির্মাণ প্রকল্প	০৪.০৮.২০০৮	২৭.১০.২০০৮	১৬.৩.২০০৯	২২.৫.২০০৯	২৩.৮.২০০৯	১৭.৯.২০০৯	-১৫ নভেম্বর ২০০৯ - CCC-ETERN JV, CHINA - ১৩ জুলাই ২০১১ - ২৯ আগস্ট ২০১১ -৩৭৪৬.০০ - ৩৫৯৬.৮৮
৫	ওল্ড এয়ারপোর্ট ২৩০/১৩২/৩৩ কেভি জিআইএস উপকেন্দ্র নির্মাণ প্রকল্প	১৬.০৩.২০০৯	০১.০৭.২০০৯	১১.১০.২০০৯	২৭.১১.২০০৯	১৭.১২.২০০৯	১৪.১.২০১০	- ১১ এপ্রিল ২০১০ - SIEMENS CONSORTIUM - ২৫ জুলাই ২০১২ - ৩০ ডিসেম্বর ২০১৪ - ১০৯১৫.০০ - ১২৪৬৩.৫৪
৬	ক্যান্টনমেন্ট ও সাতমসজিদ ১৩২/৩৩ কেভি জিআইএস উপকেন্দ্র নির্মাণ প্রকল্প	৩০.০৩.২০০৯	১৬.০৭.২০০৯	১১.১০.২০০৯	১৮.১২.২০০৯	৪.১.২০১০	৩.২.২০১০	- ২১ সেপ্টেম্বর ২০১০ - SIEMENS CONSORTIUM - ১২ জুলাই ২০১২ - ৩০ অক্টোবর ২০১৩ (ক্যান্টনমেন্ট) ২৮ ডিসেম্বর ২০১৪ (সাতমসজিদ) - ৭৯৪০.০০ - ৯৬১০.১৩

ক্রমিক নম্বর	কাজের নাম/প্যাকেজের নাম	দরপত্র আহ্বানের তারিখ	দরপত্র খোলার তারিখ	পিজিসিবি বোর্ড কর্তৃক দরপত্রের কারিগরী প্রস্তাব অনুমোদনের তারিখ	দাতা সংস্থা (এডিবি) কর্তৃক কারিগরী প্রস্তাব অনুমোদনের তারিখ	পিজিসিবি কর্তৃক আর্থিক প্রস্তাব মূল্যায়ন অনুমোদনের তারিখ	দাতা সংস্থা (এডিবি) কর্তৃক আর্থিক প্রস্তাব অনুমোদনের তারিখ	- চুক্তি স্বাক্ষরের তারিখ - ঠিকাদারের নাম - চুক্তি অনুসারে কার্য সম্পাদনের তারিখ - বাস্তবে কার্য সম্পাদনের তারিখ - চুক্তি মূল্য - পরিশোধিত মূল্য
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)
৭	আমিনবাজার ২৩০ কেভি বে-এক্সটেনশন প্রকল্প	১৭.০৯.২০০৯	১৭.১১.২০০৯	২০.১.২০১০	২.২.২০১০	১০.৩.২০১০	১৭.৩.২০১০	- ১৬ জুন ২০১০ - SIEMENS INDIA LTD. - ৫ সেপ্টেম্বর ২০১১ - ৪ আগস্ট ২০১২ - ৮০৩.০০ - ৮৯৫.৭৫
৮	কনসালটেন্সী সার্ভিস	৩০.০৭.২০০৭	১২.০৯.২০০৭	১৬.১.২০০৮	৪.৩.২০০৮	৩১.৩.২০০৮	১৪.৫.২০০৮	- ১৪ জুলাই ২০০৮ - KEPCO - ১৩ ফেব্রুয়ারী ২০১১ - ৩০ নভেম্বর ২০১৪ - ২৬২.০০ - ২৪৯.৪৮

১১। **প্রকল্পের উদ্দেশ্য অর্জনঃ**

পরিকল্পিত উদ্দেশ্য	প্রকৃত অর্জন
• ঢাকা শহরের পশ্চিমাঞ্চলে বিদ্যুৎ চাহিদা পূরণ করা এবং উক্ত এলাকায় বিদ্যমান সঞ্চালন ব্যবস্থার উপর থেকে অতিরিক্ত চাপ কমানো; এবং • ঢাকা শহরের পশ্চিমাঞ্চলে বিদ্যুৎ সরবরাহের নির্ভরযোগ্যতা বৃদ্ধি করা।	উক্ত প্রকল্প সম্পন্নের কারনে ২৩০ কেভি উপকেন্দ্র ক্যাপাসিটি ৫৪০ মেঃওঃ, ২৩০ কেভি ট্রান্সমিশন লাইন ক্যাপাসিটি ৮৮৫ মেঃওঃ, ১৩২ কেভি উপকেন্দ্র ক্যাপাসিটি ৬৫০ মেঃওঃ এবং ১৩২ কেভি লাইন ক্যাপাসিটি ৭৫০ মেঃওঃ জাতীয় গ্রিডের সাথে যুক্ত হয়েছে। উক্ত উপকেন্দ্র সমূহ যথাক্রমে আগারগাঁও, ক্যান্টনমেন্ট এবং সাতমসজিদ এলাকায় অবস্থিত। এর ফলে উক্ত প্রকল্প সম্পন্ন হওয়ায় ঢাকা ক্যান্টনমেন্ট, মিরপুর, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, শ্যামলী, মোহাম্মদপর, লালমাটিয়া ইত্যাদি এলাকা তথা ঢাকা শহরের পশ্চিমাঞ্চলে বিদ্যুৎ চাহিদা পূরণ করা এবং উক্ত এলাকায় বিদ্যমান সঞ্চালন ব্যবস্থার উপর হতে অতিরিক্ত চাপ কমানোসহ আশানুরূপ ভোল্টেজ বৃদ্ধি সম্ভব হয়েছে এবং ঢাকা শহরের পশ্চিমাঞ্চলে বিদ্যুৎ সরবরাহের নির্ভরযোগ্যতা বৃদ্ধি পেয়েছে বলে প্রতীয়মান হয়।

১২। **অডিট সংক্রান্ত তথ্য:** প্রকল্প বাস্তবায়নকালে ২০১১, ২০১২ সালে দুইবার ও ২০১৪, ২০১৫ সালে পাঁচ বার অভ্যন্তরীণ অডিট সম্পন্ন হয়। এ সময়ে ৮১টি আপত্তি উত্থাপিত হয়, তন্মধ্যে ৬৭টি আপত্তি নিষ্পত্তি করা হয়েছে এবং ১৪টি আপত্তি অনিষ্পন্ন রয়েছে। এছাড়া ২০০৭-০৮, ২০০৮-০৯, ২০০৯-১০, ২০১০-১১, ২০১১-১২, ২০১২-১৩, ২০১৩-১৪ অর্থবছরসমূহের জন্য সাত বার এক্সটার্নাল অডিট সম্পন্ন হয়। এ অডিটকালে ১৩টি আপত্তি উত্থাপিত হয়। তন্মধ্যে ৫টি অডিট নিষ্পত্তি করা হয়েছে এবং ৮টি আপত্তি অনিষ্পন্ন রয়েছে।

১৩। **সমস্যা:**

১৩.১ **ভূমি অধিগ্রহণে বিলম্ব:** পুরাতন বিমানবন্দর এলাকায় ১টি ২৩০/১৩২ কেভি সাব-স্টেশন নির্মাণের প্রস্তাব থাকলেও বিমান বাহিনী প্রস্তাবে অপারগতা জ্ঞাপন করে। পরবর্তীতে গণপূর্ত অধিদপ্তরের আগারগাঁও কার্যালয়ে সাবস্টেশনটি নির্মাণের জন্য

জমি পাওয়া যায় এবং চুক্তি স্বাক্ষরের ১ বছর পর ২৯ মে ২০১১ তারিখে প্রকল্প সাইট ঠিকাদারকে প্রবেশাধিকার দেওয়া হয়। অনুরূপভাবে সাতমসজিদ ১৩২/৩৩ কেভি সাব-স্টেশন নির্মাণের জমি প্রদানে ঢাকা বিশ্ববিদ্যালয় অপরাগতা জানায় এবং পরবর্তীতে ডিপিডিসি 'র সাতমসজিদ ৩৩/১১ কেভি উপকেন্দ্র এলাকায় সাবস্টেশনটি নির্মাণের সিদ্ধান্ত হয়। ২১ সেপ্টেম্বর ২০১০ তারিখে চুক্তি স্বাক্ষরের ২ বছর পর ১০ নভেম্বর ২০১২ তারিখে সাইটে ঠিকাদারকে প্রকেশাধিকার দেওয়া হয়। ভূমি প্রাপ্তির এ বিলম্ব প্রকল্প যথাসময়ে বাস্তবায়নে বাধাগ্রস্থ করে;

১৩.২ **রাস্তা খনন কাজের অনুমুতি প্রাপ্তিতে বিলম্ব:** প্রকল্পের আন্ডারগ্রাউন্ড সঞ্চালন লাইনের জন্য ঢাকা সিটি কর্পোরেশন থেকে রাস্তা খনন কাজের অনুমতি প্রাপ্তিতে দীর্ঘসূত্রিতার কারণে উক্ত অঙ্গের বাস্তবায়ন বিলম্বিত হয়;

১৩.৩ **টাওয়ারের পাইলিং কাজ বিঘ্নিত:** আমিনবাজার -ওল্ড এয়ারপোর্ট ২৩০ কেভি ওভারহেড সঞ্চালন লাইনের ১ ও ৩ নম্বর টাওয়ারের পাইলিং কাজ স্থানীয় ব্রিক ফিল্ড মালিকের আপত্তির কারণে প্রায় এক মাস স্থগিত রাখতে হয়। ফলে বাস্তবায়ন বিলম্বিত হয়;

১৩.৪ **অপ্রতুল জনবল:** প্রকল্পটি বাস্তবায়নে পিজিসিবি'র পর্যাপ্ত সংখ্যক জনবল না থাকার কারণে প্রকল্প বাস্তবায়ন বাধাগ্রস্থ হয়;

১৩.৫ **অডিট আপত্তি:** প্রকল্পের অভ্যন্তরীণ অডিট কর্তৃক উত্থাপিত ৮১টি আপত্তির মধ্যে ১৩টি আপত্তি এবং FAPAD কর্তৃক উত্থাপিত ১৩টি আপত্তির মধ্যে ৮টি আপত্তি অনিষ্পন্ন রয়েছে; এবং

১৩.৬ **চুক্তিসীমার পর কার্য সম্পাদন:** ১০ নম্বর অনুচ্ছেদে বর্ণিত ৮টি দরপত্র প্যাকেজের প্রতিটির ক্ষেত্রে চুক্তি অনুযায়ী কার্য সম্পাদনের সময়সীমার পর বাস্তবে কার্য সম্পাদন করা হয়েছে।

১৩.৭ **চুক্তিমূল্য অপেক্ষা পরিশোধিত মূল্য বেশী:** অনুচ্ছেদ ১০ এ বর্ণিত ৮টি প্যাকেজের মধ্যে ৪টি প্যাকেজের (ক্রমিক নম্বর ১,৫,৬ ও ৭) চুক্তি মূল্য অপেক্ষা পরিশোধিত মূল্য বেশী। এ পরিশোধিত মূল্য বেশী হওয়ার কারণ বিদ্যুৎ বিভাগ কর্তৃক প্রেরিত প্রকল্প সমাপ্তি প্রতিবেদনে উল্লেখ করা হয়নি।

১৪। **সুপারিশ/মতামত:**

১৪.১ পরবর্তী পর্যায়ে পিজিসিবি নতুন প্রকল্প গ্রহণের পূর্বে জমি নির্বাচন ও প্রাপ্তির প্রাথমিক নিশ্চয়তা নিশ্চিত করবে। প্রয়োজন এ বিষয়ে পিজিসিবি বিদ্যুৎ বিভাগের সহায়তা গ্রহণ করবে (অনুচ্ছেদ ১৩.১);

১৪.২ আন্ডারগ্রাউন্ড সঞ্চালন লাইনের জন্য রাস্তা খননের অনুমতি গ্রহণের বিষয়ে পিজিসিবি সকল প্রকল্পের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবহিতকরণপূর্বক প্রাথমিক আলোচনা সম্পন্ন করবে। এ বিষয়ে প্রয়োজনে আন্তঃমন্ত্রণালয় সভা আহবানের ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে (অনুচ্ছেদ ১৩.২);

১৪.৩ প্রকল্পের নির্মাণ কাজের সুষ্ঠু বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট সকল স্টেকহোল্ডারদের সংগে পিজিসিবি ভবিষ্যতে আলোচনার উদ্যোগ গ্রহণ করতে পারে (অনুচ্ছেদ ১৩.৩);

১৪.৪ ভবিষ্যতে প্রকল্প বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় সংখ্যক জনবল নিশ্চিত করে প্রকল্প গ্রহণ করা বাঞ্ছনীয় হবে (অনুচ্ছেদ ১৩.৪);

১৪.৫ সকল ক্রয় প্যাকেজ চুক্তি অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে সম্পাদন কর হয়নি। এ বিষয়ের জন্য ঠিকাদারকে liquidated damage প্রয়োগ করা হয়েছে কিনা সে সম্পর্কে আইএমই বিভাগকে অবহিত করতে হবে (অনুচ্ছেদ ১৩.৬);

১৪.৬ চুক্তিমূল্য অপেক্ষা পরিশোধিত মূল্য বেশী হওয়ার কারণ সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ খতিয়ে দেখে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে (অনুচ্ছেদ ১৩.৭);

১৪.৭ ভবিষ্যতে সকল দরপত্র প্যাকেজের কাজ চুক্তি অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে সম্পাদনের বিষয়ে বাস্তবায়নকারী সংস্থা সচেষ্ট থাকবে (অনুচ্ছেদ ১৩.৬);

১৪.৮ প্রকল্পের সকল অনিষ্পন্ন অডিট নিষ্পত্তির জন্য বাস্তবায়নকারী সংস্থা দ্রুত উদ্যোগ গ্রহণ করবে (অনুচ্ছেদ ১৩.৫); এবং

১৪.৯ সুপরিশ অনুচ্ছেদ ১৪.১ থেকে ১৪.৮ এর আলোকে গৃহীত ব্যবস্থাসমূহ সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ আইএমই বিভাগকে অবহিত করবে।

"সিদ্ধিরগঞ্জ - মানিকনগর ২৩০ কেভি সঞ্চালন লাইন (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পের সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত: জুলাই ২০১৪)

১। **প্রকল্পের নাম** : সিদ্ধিরগঞ্জ - মানিকনগর ২৩০ কেভি সঞ্চালন লাইন (১ম সংশোধিত)।

২। **উদ্যোগী বিভাগ/ মন্ত্রণালয়** : বিদ্যুৎ বিভাগ/বিদ্যুৎ জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়।

৩। **বাস্তবায়নকারী সংস্থা** : পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ লিমিটেড (পিজিসিবি)।

৪। **প্রকল্পের অবস্থান** : ঢাকা জেলার মানিকনগর ও নারায়নগঞ্জ জেলার সিদ্ধিরগঞ্জ

৫। **প্রাক্কলিত ব্যয়** : (লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়ন কাল	অতিক্রান্ত ব্যয় (মুল প্রাক্কলিত ব্যয়ের%)	অতিক্রান্ত সময় (অনুমোদিত বাস্তবায়ন কালের%)
মূল মোট জিওবি প্রঃ সাঃ সংস্থার নিজস্ব	সর্বশেষ সংশোধিত মোট জিওবি প্রঃ সাঃ সংস্থার নিজস্ব	●মোট ●জিওবি ●প্রঃ সাঃ ●সংস্থার নিজস্ব	মূল	সর্বশেষ সংশোধিত			
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)
●৩৯১৭০.২৫ ●৭৫৫২.১৪ ●২৯১৪৮.৩১ ●২৪৬৯.৮০	●৩০০৫০.৭৯ ● ৫২০৪.৬১ ●২২২৪১.১৬ ●২৬০৫.০২	●২৯২৮৬.৭৩ ●৫৫৮৭.০২ ●২০৪৪০.৪১ ●৩২৫৯.৩০	আগস্ট ২০০৯ থেকে ডিসেম্বর ২০১১ পর্যন্ত	আগস্ট ২০০৯ থেকে জুন ২০১৫ পর্যন্ত	আগস্ট ২০০৯ থেকে জুলাই ২০১৪ পর্যন্ত	(-) ৯৮৮৩.৫২ (২৫.২৩%)	২ বছর ৭ মাস (১০৬.৯০%)

নোট: (১) আলোচ্য প্রকল্পের প্রকল্প সাহায্য আইডিএ কর্তৃক ঋণ হিসাবে প্রদান করা হয়েছে।

(২) মূল অনুমোদিত ব্যয় অপেক্ষা প্রকৃত ব্যয় ৯৮৮৩.৫২ লক্ষ টাকা অর্থাৎ ২৫.২৩% কম ব্যয় হয়েছে।

৬। **বাস্তবায়নকাল :**

মূল ডিপিপি অনুযায়ী		আগস্ট ২০০৯ থেকে ডিসেম্বর ২০১১ পর্যন্ত
ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে ১ম বার বাস্তবায়নকাল বৃদ্ধি		আগস্ট ২০০৯ থেকে জুন ২০১৩ পর্যন্ত
ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে ২য় বার বাস্তবায়নকাল বৃদ্ধি		আগস্ট ২০০৯ থেকে জুন ২০১৪ পর্যন্ত
১ম সংশোধিত ডিপিপি অনুযায়ী		আগস্ট ২০০৯ থেকে জুন ২০১৫ পর্যন্ত

৭। **সাধারণ পর্যবেক্ষণ :**

৭.১। **পটভূমি :** দেশের মোট উৎপাদিত বিদ্যুতের প্রায় ৪৫ ভাগই বৃহত্তর ঢাকার বিদ্যুৎ চাহিদা পূরণের জন্য ব্যবহৃত হয়। ঢাকা শহরের ক্রমবর্ধমান সম্প্রসারণের ফলে বিদ্যুতের চাহিদা বৃদ্ধি পাচ্ছে। এ ক্রমবর্ধমান বিদ্যুৎ চাহিদা পূরণের জন্য বিশ্ব ব্যাংকের অর্থায়নে নারায়নগঞ্জের সিদ্ধিরগঞ্জে ৩৩৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল পাওয়ার প্ল্যান্ট নির্মাণাধীন আছে। সিদ্ধিরগঞ্জের বিদ্যমান সঞ্চালন অবকাঠামো দ্বারা এ বিদ্যুৎ কেন্দ্রের উৎপাদিত বিদ্যুৎ সঞ্চালন করা সম্ভব হবে না। সিদ্ধিরগঞ্জে উৎপাদিত ব্য বিদ্যুতের জন্য নির্ভরশীল ও মানসম্মত সঞ্চালন ব্যবস্থা গড়ে তোলার লক্ষ্যে আলোচ্য প্রকল্পটি বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হয়।

৭.২। **উদ্দেশ্য :**

(ক) সিদ্ধিরগঞ্জে নির্মাণাধীন ৩৩৫ মেঃওঃ পাওয়ার প্ল্যান্ট থেকে উৎপাদিত বিদ্যুৎ সঞ্চালন;

(খ) ঢাকা শহরের দক্ষিণ-পূর্বাঞ্চলের ক্রমবর্ধমান বিদ্যুৎ চাহিদা পূরণের উদ্দেশ্য বিদ্যমান ১৩২ কেভি সঞ্চালন লাইন

নতুন ২৩০ কেভি ডাবল সার্কিট সঞ্চালন লাইন দ্বারা প্রতিস্থাপনপূর্বক সঞ্চালন ব্যবস্থার ক্ষমতা বৃদ্ধি; এবং

(গ) সঞ্চালন লস হ্রাস।

৭.৩। প্রকল্পের অনুমোদন ও সংশোধন : আলোচ্য প্রকল্পটি গত ২৫ আগস্ট ২০০৯ তারিখের একনেক সভায় মোট ৩৯১৭০.০০ লক্ষ টাকা (জিওবি ৭৫৫২.০ লক্ষ, প্রঃ সাঃ ২৯১৪৮.০০ লক্ষ এবং সংস্থার নিজস্ব ২৪৭০.০০ লক্ষ) প্রাক্কলিত ব্যয়ে অনুমোদিত হয়। বিদ্যুৎ বিভাগের প্রস্তাবের পরিপ্রেক্ষিতে গত ২৬ ডিসেম্বর ২০১১ তারিখে পরিকল্পনা কমিশন ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পটির মেয়াদ ১ম বার জুন ২০১৩ পর্যন্ত বৃদ্ধি করে। অতঃপর বিদ্যুৎ বিভাগের পুনঃপ্রস্তাবের পরিপ্রেক্ষিতে গত ১৬ জুন ২০১৩ তারিখে পরিকল্পনা কমিশন ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পটির মেয়াদ ২য় বার জুন ২০১৪ পর্যন্ত বৃদ্ধি করে। অতঃপর ৩০০৫০.৭৯ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয় ও আগস্ট থেকে জুন ২০১৫ পর্যন্ত বাস্তবায়ন মেয়াদে প্রকল্পটির ১ম সংশোধন ১৯ আগস্ট ২০১৪ তারিখের একনেক সভায় অনুমোদিত হয়।

৭.৪। **প্রকল্পের মূল কার্যক্রম:**

- নারায়ণগঞ্জ জেলার সিদ্ধিরগঞ্জ থেকে ঢাকার মানিকনগর পর্যন্ত মোট ১১ কিঃমিঃ ২৩০ কেভি সঞ্চালন লাইন নির্মাণ;
- মানিকনগরে একটি ২৩০/১৩২ কেভি জিআইএস (গ্যাস ইনসুলেটেড সুইচ গিয়ার) উপকেন্দ্র নির্মাণ;
- সিদ্ধিরগেঞ্জ একটি ২৩০/১৩২ কেভি এআইএস (এয়ার ইনসুলেটেড সুইচ গিয়ার) উপকেন্দ্র নির্মাণ।

৭.৫। **প্রকল্প পরিদর্শন:** আইএমই বিভাগের শিল্প ও শক্তি সেক্টরের পরিচালক (শক্তি) বেগম নাসিমা মহসিন কর্তৃক গত ৪ ফেব্রুয়ারি ২০১৬ তারিখে প্রকল্পটি পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্প পরিচালকসহ পিজিসিবি 'র সংশ্লিষ্ট কর্মকর্তারগণ উপস্থিত হয়ে সহায়তা প্রদান করেন।

৭.৬। **প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:** পিজিসিবি'র তত্ত্বাবধায়ক প্রকৌশলী পদমর্যাদার নিম্নবর্ণিত ২ জন কর্মকর্তা প্রকল্প পরিচালকের পূর্ণকালীন দায়িত্ব পালন করেন:-

ক্রমিক নম্বর	প্রকল্প পরিচালকের নাম	পদবী	পূর্ণকালীন/ খন্ডকালীন	সময় কাল
১।	জনাব নিখিল রঞ্জন চক্রবর্তী	তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ লিঃ	পূর্ণকালীন	১ জুলাই ২০০৯ থেকে ২ জুলাই ২০১১ পর্যন্ত
২।	জনাব প্রণব কুমার রায়	তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ লিঃ	পূর্ণকালীন	৩ জুলাই ২০১১ থেকে সমাপ্তি পর্যন্ত

৮। প্রকল্পের অঙ্গভিত্তিক আর্থিক ও বাস্তব অগ্রগতি

(লক্ষ টাকায়)

ক্রমিক নম্বর	অঙ্গের নাম	সর্বশেষ ডিপিপি অনুযায়ী		প্রকল্পের অগ্রগতি	
		পরিমাণ/ সংখ্যা	প্রাক্কলিত ব্যয়	বাস্তব	আর্থিক (%)
১	২	৩	৪	৫	৬
১	অফিসারদের বেতন	১০ জন	১৯০.৫৭	১০ জন	১৯০.৫৭ (১০০%)
২	কর্মচারীদের বেতন	৫ জন	৪১.২৯	৫ জন	৪১.২৯ (১০০%)
৩	ভাতাদি	১৫ জন	২৮৩.৭৪	১৫ জন	২৮৩.৭৪ (১০০%)
৪	ক্ষতিপূরণ	১১ কিঃমিঃ	১১৮.৬৯	১১ কিঃমিঃ	১১৮.৭৪ (১০০%)
৫	পরামর্শক	আন্তর্জাতিক ২৯.০৬ জনমাস দেশীয় ১৯.২৭ জনমাস	৯১৮.১২	আন্তর্জাতিক ২৯.০৬ জনমাস দেশীয় ১৯.২৭ জনমাস	৮৫৫.৯৬ (৯৩.২৩%)
৬	টেস্টিং ফি এবং জরিপ	১১ কিঃমিঃ	১২.৭৫	১১ কিঃমিঃ	১২.৭৫ (১০০%)
৭	হায়ারিং চার্জ	থোক	৪.৮৮	থোক	৪.৮৮ (১০০%)
৮	ইআইএ স্ট্যাডি	থোক	১৫.০০	থোক	১৫.০০ (১০০%)
৯	অন্যান্য (টিএ, ডিএ ইত্যাদি)	থোক	৮১.২৫	থোক	৮১.২৫ (১০০%)
১০	যানবাহন	৫টি	৬৪.৩৩	৫টি	৬৪.৩৩ (১০০%)
১১	টুলস্, প্ল্যান্টস, স্পেয়ার্স	থোক	৮১৩.২২	থোক	৮১৩.২২ (১০০%)
১২	অফিস সরঞ্জাম	থোক	৩.৩৬	থোক	৩.০৮ (৯১.৬৬%)
১৩	অফিস আসবাবপত্র	থোক	০.৯৪	থোক	০.৯৪ (১০০%)
১৪	বৈদ্যুতিক যন্ত্র ও যন্ত্রপাতি	লট	১৪৫৫৩.৮০	লট	১৪৬৪৮.৫০ (১০০.৬৫%)
১৫	ভূমি অধিগ্রহণ	১.০৭ একর	৭৮৫.৯৮	১.০৭ একর	৭৮৫.৯৮ (১০০%)
১৬	ভূমি উন্নয়ন	থোক	৩০.০০	থোক	৩০.০০ (১০০%)
১৭	ইনস্টলেশন কস্ট	থোক	৫৪১৯.৩৪	থোক	৫৪১৯.৫৪ (১০০%)
১৮	সিডিভ্যাট এবং অন্যান্য চার্জ	থোক	৪২০০.০০	থোক	৩৮৩৭.৬১ (৯১.৩৭%)
১৯	নির্মাণকালীণ সুদ	থোক	১৪২৫.০০	থোক	২০৭৯.৩৫ (১৪৫.৯২%)
২০	গ) জিক্যালকন্টিনজেন্সী	থোক	৩০০.০০	-	-
২১	ঘ) প্রাইস কন্টিনজেন্সী	থোক	৭৮৮.৫৪	-	-
	সর্বমোট:		**৩০০৫০.৭৯**		**২৯২৮৬.৭৩ (৯৭.৪৫%)**

৯। পরিদর্শনকালীন পর্যবেক্ষণ:

৯.১। <u>প্রধান অঙ্গসমূহের বাস্তবায়ন বিবরণ:</u>

সিদ্ধিরগঞ্জ-মানিকনগর ২৩০ কেভি সঞ্চালন লাইন নির্মাণ:ঢাকার মানিকনগর থেকে নারায়ণগঞ্জের সিদ্ধিরগঞ্জ পর্যন্ত ১১ কিঃমিঃ দৈর্ঘ্যের ২৩০ কেভি ডাবল সার্কিট সঞ্চালন লাইন (Twin Mallard ফেজ কন্ডাক্টরসহ এবং ১টি ৭×৪.০ স্টীল earthwire ও OPGWসহ) নির্মাণ করা হয়েছে। সঞ্চালন লাইনটি নির্মাণের জন্য জমি পাওয়া যায়নি বিধায় মাতুয়াইল-মানিকনগর পর্যন্ত সিঙ্গেল সার্কিট সঞ্চালন লাইন খুলে সে জায়গায় বর্ণিত সঞ্চালন লাইন নির্মাণ করা হয়। ঠিকাদার কর্তৃক এ লাইন নির্মাণ কাজ জুলাই ২০১২ মাসে সমাপ্ত করার জন্য নির্ধারিত থাকলেও বাস্তবে কাজটি এপ্রিল ২০১৪ মাসে সমাপ্ত করা হয়। অর্থাৎ নির্ধারিত সময়ের ১ বছর ৯ মাস পর কাজটি সম্পাদন

করা হয়;

৯.২। **সিদ্ধিরগঞ্জ সাবস্টেশন নির্মাণ:** সিদ্ধিরগঞ্জ বিদ্যুৎ স্টেশন কমপ্লেক্সের ভেতর এ প্রকল্পের আওতায় ১টি ২৩০/১৩২ কেভি AIS সাবস্টেশন নির্মাণ করা হয়েছে। ২৩০ কেভি সিস্টেমের আওতায় ২ সেট ২২৫/৩০০ (ONAN/ONAF) এমভিএ, সংশ্লিষ্ট Substation Automation System (SAS) সহ ২৩০/১৩৮/৩৪.৫ কেভি ৩ ফেজের অটো ট্রান্সফরমার, টেলিপ্রটেকশন ও টেলিকমিউনিকেশন প্যানেলসহ ১টি ফাইবার অপটিকস্ Multiplexer equipment (FOX-515) এবং DFDR (Digital Fault & Disturbance Recorder) স্থাপন ও কমিশনিং করা হয়েছে। সকল সিস্টেমসহ সাবস্টেশনটি নির্মাণের কাজ মার্চ ২০১২ মাসে সম্পাদনের জন্য নির্ধারিত থাকলেও বাস্তবে নির্ধারিত সময়ের ১১ মাস পর অর্থাৎ ফেব্রুয়ারী ২০১৩ মাসে সাব স্টেশনটি নির্মাণের কাজ সমাপ্ত করা হয়।

৯.৩। সাবস্টেশনটি নির্মাণের পূর্বে নির্ধারিত জমির পূর্ব দিকে কিছু সংখ্যক স্টাফ কোয়ার্টার ছিল। ঠিকাদারকে জমি হস্তান্তরের পর উক্ত কোয়ার্টার স্থানান্তর না করায় সিদ্ধিরগঞ্জ বিদ্যুৎ কর্তৃপক্ষের চাহিদা অনুসারে সাবস্টেশনের বাইরে পিজিসিবি কর্তৃক স্টাফদের জন্য নতুনভাবে আবাসানের ব্যবস্থা করা হয়। ঠিকাদারের সঙ্গে চুক্তি সম্পাদনের প্রায় ১ বছর পর উক্ত স্টাফ কোয়ার্টার স্থানান্তরপর্বক জমি খালি করা হয়।

৯.৪। মানিকনগর GIS সাবস্টেশন নির্মাণ: এ GIS সাবস্টেশনটি ওয়াসা কর্তৃপক্ষের ১.০৭৫১১ একর ভূমির উপর নির্মাণ করা হয়েছে। প্রায় ১ বছর বা তার বেশি সময় ধরে ধারাবহিক আলোচনা ও সভা অনুষ্ঠানের পর ওয়াসা কর্তৃপক্ষ জমিটি ১৭ আগস্ট ২০১১ তারিখে পিজিসিবি বরাবর হস্তান্তর করে। এর ফলে প্রকল্প বাস্তবায়ন বিলম্বিত হয় বলে প্রকল্প পরিচালক অবহিত করেন। সাবস্টেশনটির ক্ষমতা হচ্ছে ২৩০ /১৩৮/৩৪.৫ কেভি, ২×২২৫/৩০০ এমভিএ। এ সাবস্টেশনে ২ সেট ২২৫/৩০০ (ONAN/ONAF) MVA, সংশ্লিষ্ট SAS সহ ২৩০/১৩৮/৩৪.৫ কেভি তিন ফেজের অটো ট্রান্সফরমার, টেলিপ্রোটেকশন ও টেলিকমিউনিকেশন সিস্টেম, SAS সিস্টেম স্থাপন এবং নতুন নিয়ন্ত্রণ ভবন নির্মাণ করা হয়েছে। ভূমি প্রাপ্তির বিলম্বের কারণে বাস্তবায়ন ব্যাহত হয়। এ ভূমির উপর একটি বড় খোলা নর্দমা ছিল এবং এ নর্দমা পরিষ্কার ও ভরাটকরণ কাজে যথেষ্ট সময় ব্যয়িত হয় এবং সে কারণে বাস্তবায়ন বিলম্বিত হয় বলে প্রকল্প পরিচালক জানান।

৯.৫। এ সাবস্টেশনের মালামাল শিপমেন্টের প্রাক্কালে টা র্নকী ঠিকাদারের Joint Venture Agrement ও এলসি সংশোধনের কারণে বাস্তবায়ন বিলম্বিত হয় বলে জানা যায়।

৯.৬। সিদ্ধিরগঞ্জ সাবস্টেশনের জন্য আমদানীকৃত ২৩০ কেভি সার্কিট ব্রেকার খুঁটি চট্টগ্রাম বন্দর থেকে আনয়নকালে ৪টি খুঁটি ক্ষতিগ্রস্থ হয় এবং এগুলি প্রতিস্থাপন করতে সময় ব্যয়িত হয়। ফলে বাস্তবায়ন বিলম্বিত হয়।

৯.৭। সিদ্ধিরগঞ্জ থেকে মানিকনগর পর্যন্ত ডাবল সার্কিট সঞ্চালন লাইন প্রাথমিক পর্যায়ে বিদ্যমান ১৩২ কেভি মাতুয়াইল থেকে মানিকনগর পর্যন্ত সিঙ্গেল সার্কিট সঞ্চালন লাইনের এলাইনমেন্টে নির্মাণের পরিকল্পনা করা হয়। কিন্তু সিদ্ধিরগঞ্জ ও ডেমরা এলাকার বাসিন্দাদের প্রবল প্রতিরোধের কারণে সঞ্চালন লাইনের রুট পরিবর্তন করে ডি এন্ডডি খালের পশ্চিম পাড়ে নির্ধারণ করা হয়। এ রুট পরিবর্তনের কারণে প্রকল্পের বাস্তবায়ন ২০ মাস বিলম্বিত হয়।

৯.৮। প্রকল্পের পিসিআর এর ৫ম পৃষ্ঠার অনুচ্ছেদ ২ এর ৪র্থ কলামের প্রকৃত ব্যয়ের হিসাব ও ৫ম কলামের প্রদত্ত ২৫.৭২%, ৬ষ্ঠ পৃষ্ঠার ছকের ৫ম কলামের বর্ণিত সর্বমোট ২৯০৯৪ .৯৪ লক্ষ টাকা এবং ৭ম পৃষ্ঠার ৮ম অনুচ্ছেদের ছকের ২য় কলামে বর্ণিত দরপত্রের ডিপিপি অনুসারে প্রাক্কলিত ব্যয় সঠিক নয়। ৫ম পৃষ্ঠার ২য় অনুচ্ছেদের ৪র্থ কলামের প্রকৃত ব্যয় ২৯২৮৬ .৭৩ লক্ষ টাকা ও ৫ম কলামে প্রদত্ত ব্যয় হ্রাসের শতকরা হার হবে ২৫ .২৩%, ৬ষ্ঠ পৃষ্ঠার ছকের ৫ম কলামের বর্ণিত সর্বমোট ২৯২৮৬ .৭৩ লক্ষ টাকা হবে এবং ৭ম পৃষ্ঠার ৮ম অনুচ্ছেদের ছকের ২য় কলামে বর্ণিত ডিপিপি অনুসারে দরপত্রের প্রাক্কলিত ব্যয় যথাক্রমে ১) ৫৭৪২.৪৯ লক্ষ টাকা , ২) ৮৭০৪.৩৮ লক্ষ টাকা, ৩) ৬২৯৭.৩০ লক্ষ টাকা ও ৪) ৯১৮.১২ লক্ষ টাকা হবে।

১০। অডিট: ২০০৯-১০ থেকে ২০১৩-১৪ অর্থবছর পর্যন্ত FAPAD কর্তৃক ৯টি আপত্তি উত্থাপিত হয় এবং ৮টি নিষ্পত্তি করা হয়েছে। শুধুমাত্র ২০১৩-১৪ অর্থ-বছরে উত্থাপিত ১টি আপত্তি নিষ্পত্তি হয়নি।

১১। উদ্দেশ্য অর্জন:

পরিকল্পিত উদ্দেশ্য	প্রকৃত অর্জন
১) সিদ্ধিরগঞ্জে নির্মাণাধীন ৩৩৫ মেঃওঃ বিদ্যুৎ প্ল্যান্ট ও নির্মিতব্য অন্যান্য বিদ্যুৎ প্ল্যান্ট থেকে উৎপাদিত বিদ্যুৎ সঞ্চালন করা;	১) আলোচ্য প্রকল্পের আওতায় নির্মিত ২৩০ কেভি ডাবল সার্কিট সঞ্চালন লাইনের মাধ্যমে সিদ্ধিরগঞ্জে ৩৩৫ মেঃওঃ বিদ্যুৎ প্ল্যান্ট ও নির্মিতব্য অন্যান্য বিদ্যুৎ প্ল্যান্ট থেকে উৎপাদিত বিদ্যুৎ সঞ্চালন করা সম্ভব হবে;
২) দক্ষিণ-পূর্ব ঢাকার ক্রমবর্ধমান বিদ্যুৎ চাহিদা পূরণ ও পূর্বের ১৩২ কেভি সঞ্চালন লাইনের কর্মভার মোচন;	২) নির্মিত এ ২৩০ কেভি লাইনের মাধ্যমে সঞ্চালিত বিদ্যুৎ দ্বারা দক্ষিণ -পূর্ব ঢাকার ক্রমবর্ধমান বিদ্যুৎ চাহিদা পূরণপূর্বক পূর্বের ১৩২ কেভি সঞ্চালন লাইনের কর্মভার মোচন করা অনেকাংশে সম্ভব হবে;
৩) ট্রান্সমিশন লস হ্রাস	৩) নির্মিত ২৩০ কেভি লাইনের মাধ্যমে অধিক বিদ্যুৎ সঞ্চালনপূর্বক ট্রান্সমিশন লস হ্রাস করা সম্ভব হবে বলে প্রকল্প কর্তৃপক্ষ জানায়।

১২। প্রকল্প সংশ্লিষ্ট স্থির চিত্র: প্রকল্প সংশ্লিষ্ট ৩ (তিন)টি স্থির চিত্র নিম্নে প্রদান করা হলো:-



চিত্র-১: মানিকনগর সাবস্টেশনের সুইচ ইয়ার্ড



চিত্র-২: সিদ্ধিরগঞ্জ সাবস্টেশনের কন্ট্রোল রুম



চিত্র-৩: সিদ্ধিরগঞ্জ সাবস্টেশনে নির্মিত ওভারহেড লাইন

১৩। **প্রকল্পের প্রকিউরমেন্ট সংক্রান্ত তথ্যঃ**

(লক্ষ টাকায়)

ক্রমিক নম্বর	প্যাকেজের বর্ণনা	দরপত্রের প্রাক্কলিত ব্যয়		দরপত্র প্রস্তাব		কার্য সম্পাদনের তারিখ	
		অনুমোদিত ডিপিপি অনুসারে	চুক্তিমূল্য	দরপত্র আহবানের তারিখ	চুক্তি সম্পাদনের তারিখ	চুক্তি অনুসারে	প্রকৃত
১	২	৩	৪	৫	৬	৭	৮
১.	G1-PGCB for Design, Supply, Erection, Testing & Commissioning on Turnkey Basis of 230 KV Siddhirganj-Maniknagar Double Circuit Transmission Line.	৫৭৪২.৪৯	৫৭৪২.০০	২৯ অক্টোবর ২০০৯	৮ সেপ্টেম্বর ২০১০	চুক্তি কার্যকরের তারিখ থেকে ২২ মাস	২৫ এপ্রিল ২০১৪
২.	G2-PGCB for the Execution of Design, Supply, Erection, Testing & Commissioning on Turnkey Basis of 230 KV AIS Substation At Siddhirganj on Turnkey Basis	৮৭০৪.৩৮	৮৭২৩.০০	১৫ নভেম্বর ২০০৯	৩০ সেপ্টেম্বর ২০১০	চুক্তি কার্যকরের তারিখ থেকে ১৮ মাস	২৭ ফেব্রুয়ারী ২০১৩
৩.	G3-PGCB for the Execution of Design, Supply, Erection, Testing & Commissioning on Turnkey Basis of 230 KV GIS Substation at Maniknagar on Turnkey Basis	৬২৯৭.৩০	৬২৯৭.০০	২৭ ডিসেম্বর ২০০৯	২৫ নভেম্বর ২০১০	চুক্তি কার্যকরের তারিখ থেকে ২৪ মাস	২২ জুলাই ২০১৪
৪.	S1-PGCB for Consultant Services for the management and supervision of the implementation of the supply and installation of 230 kV transimission line and associated sub-stations at Siddhirganj and Maniknagar	৯১৮.১২	৮৯১.০০	১০ ডিসেম্বর ২০০৭	২২ সেপ্টেম্বর ২০১০	বৈদেশিক= ২৭.৪৮৫ মানবমাস স্থানীয়= ১৯.২৬৭ মানবমাস	৩০ জুন ২০১৪

১৩। **সমস্যা:**

১৩.১। সঞ্চালন লাইনের রুট পরিবর্তনঃ প্রকল্প বাস্তবায়নকালে নির্মিতব্য বিদ্যুৎ সঞ্চালন লইনের পূর্ব পরিকল্পিত এলাইনমেন্ট স্থানীয় বাসিন্দাদের বাধার কারণে পরিবর্তন করতে হয়। এ রুট পরিবর্তনের কারণে সিদ্ধরগঞ্জ থেকে মানিকনগর পর্যন্ত সঞ্চালন লাইন নির্মা ণের কাজ চুক্তি অনুসারে ৭ জুলাই ২০১২ তারিখের সম্পদানের কথা থাকলেও ২৫ এপ্রিল ২০১৪ তারিখে সম্পন্ন হয় (অনুচ্ছেদ ৯.৭);

১৩.২। সিদ্ধিরগঞ্জ সাবস্টেশনের জায়গায় স্টাফ আবাসন : সিদ্ধিরগঞ্জ সাবস্টেশন নির্মাণের জায়গায় সিদ্ধিরগঞ্জ বিদ্যুৎ কেন্দ্রের স্টাফদের আবাসন থাকার কারণে ঠিকাদারকে জমি বুঝিয়ে দিতে বিলম্ব হয় এবং চুক্তি অনুসারে ২৪ মার্চ ২০১২ তারিখে সাবস্টেশন নির্মাণকাজ সম্পন্নের জন্য নির্ধারিত থাকলেও প্রকৃতপক্ষে ২৭ ফেব্রুয়ারি ২০১৩ তারিখে সম্পন্ন হয় (অনুচ্ছেদ ৯.৩);

১৩.৩। **মানিকনগর সাবস্টেশনের জমি প্রাপ্তিতে জটিলতা :** মানিকনগর সাবস্টেশনের ১ .০৭৫১১ একর ভূমি ওয়াসা কর্তৃপক্ষের সঙ্গে দীর্ঘ ১ বছর বা তার বেশি সময় ধরে আলোচনার পর পাওয়া যায়। তদুপরি উক্ত জমিতে একটি খোলা নর্দমা ছিল বিধায় তাতে মাটি ভরাট করে নির্মাণ কাজ শুরু করতে হয়। এর ফলে চুক্তি অনুসারে সাবস্টেশন নির্মাণ কাজ ২৪ নভেম্বর ২০১০ তারিখে সমাপ্ত করার জন্য নির্ধারিত ছিল , কিন্তু বাস্তবে নির্মাণ কাজ শেষ হয় ২২ জুলাই ২০১৪ তারিখে (অনুচ্ছেদ ৯.৪);

১৩.৪। **সিদ্ধিরগঞ্জ সাবস্টেশনের মালামাল ক্ষতিগ্রস্থ :** সিদ্ধিরগঞ্জ সাবস্টেশনের আমদানীকৃত মালামাল চট্টগ্রাম বন্দর থেকে পরিবহন করে আনার সময় ৪টি সার্কিট ব্রেকার খুঁটি ক্ষতিগ্রস্থ হয়। পরবর্তীতে ঠিকাদার কর্তৃক সেগুলি প্রতিস্থাপন করা হয় , কিন্তু এ কারণে বাস্তবায়ন বিঘ্নিত হয় (অনুচ্ছেদ ৯.৬);

১৩.৫। **প্রকল্পের টাইম ওভার রান:** প্রকল্পের মূল বাস্তবায়নকাল ছিল আগস্ট ২০০৯ থেকে ডিসেম্বর ২০১১ । কিন্তু বাস্তবে প্রকল্পটি জুলাই ২০১৪ মাসে সমাপ্ত হয়। এ ক্ষেত্রে প্রকল্পের ১৪৪৫ অনুচ্ছেদ) টাইম ওভার রান হয়েছে %৮৩.) ;

১৩.৬। প্রকল্পের পিসিআর এ ভুল তথ্য প্রদান: প্রকল্পের পিসিআর এর ৫ম পৃষ্ঠার অনুচ্ছেদ ২ এর ৪র্থ কলামের প্রকৃত ব্যয়ের হিসাব ও ৫ম কলামের প্রদত্ত ২৫ .৭২%, ৬ষ্ঠ পৃষ্ঠার ছকের ৫ম কলামের বর্ণিত সর্বমোট ২৯০৯৪ .৯৪ লক্ষ টাকা এবং ৭ম পৃষ্ঠার ৮ম অনুচ্ছেদের ছকের ২য় কলামে বর্ণিত দরপত্রের ডিপিপি অনুসারে প্রাক্কলিত ব্যয় সঠিক নয় (অনুচ্ছেদ ৯.৮); এবং

১৩.৭। **অডিট:** ২০১৩-১৪ অর্থ-বছরে উত্থাপিত ১টি আপত্তি নিষ্পত্তি হয়নি (অনুচ্ছেদ ১০)।

১৪। **সুপারিশ/মতামত:**

১৪.১। ভবিষ্যতে প্রকল্প বাস্তবায়নের পূর্বে যথাযথ জরিপের মাধ্যমে বিদ্যুৎ সঞ্চালন লাইনের এলাইনমেন্ট নির্ধারণ করা বাঞ্ছনীয় হবে। প্রয়োজনে সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের সঙ্গে আলোচনা সভার আয়োজন করা যেতে পারে (অনুচ্ছেদ ১৩.১);

১৪.২। প্রকল্পের নির্মাণকাজের জমি নিষ্কণ্টক করার বিষয়ে বাস্তবায়নকারী সংস্থা সকল প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে (অনুচ্ছেদ ১৩.২);

১৪.৩। প্রকল্পের মালামাল পরিবহনকালে ক্ষতিগ্রস্থ হয়ে বাস্তবায়নকে যাতে বিলম্বিত করতে না পারে সে বিষয়ে বাস্তবায়নকারী সংস্থা যথাযথ সুপারভিশন প্রয়োগ করবে (অনুচ্ছেদ ১৩.৪);

১৪.৪। ভবিষ্যতে প্রকল্পের পিসিআর এ সঠিক তথ্য অন্তর্ভুক্তির বিষয়ে বাস্তবায়নকারী সংস্থা যত্নবান হবে (অনুচ্ছেদ ১৩.৬);

১৪.৫। অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তি করতে হবে (অনুচ্ছেদ ১৩.৬);এবং

১৪.৬। অনুচ্ছেদ ১৪.১ হতে ১৪.৫ এর আলোকে গৃহীত ব্যবস্থাদি সম্পর্কে শীঘ্র আইএমই বিভাগকে অবহিত করতে হবে।

Feasibility Study for Transmission System Improvement, Western Zone শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(কারিগরি সহায়তা প্রকল্প)
(সমাপ্ত : জুন ২০১৫)

১। **প্রকল্পের নাম** : Feasibility Study for Transmission System Improvement, Western Zone

২। **উদ্যোগী বিভাগ/ মন্ত্রণালয়** : বিদ্যুৎ বিভাগ/বিদ্যুৎ জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়।

৩। **বাস্তবায়নকারী সংস্থা** : পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ লিমিটেড (পিজিসিবি)।

৪। **প্রকল্প এলাকা** : গোপালগঞ্জ, মাদারীপুর, রাজবাড়ি, বাগেরহাট, ঝিনাইদহ, খুলনা, কুষ্টিয়া, সাতক্ষীরা, পাবনা, রাজশাহী, সিরাজগঞ্জ এবং রংপুর জেলা।

৫। **প্রকল্পের ব্যয় ও বাস্তবায়নকাল** :

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		**প্রকৃত ব্যয়**	**পরিকল্পিত বাস্তবায়নকাল**		**প্রকৃত বাস্তবায়ন কাল**	**অতিক্রান্ত ব্যয় (মূল অনুমোদিত ব্যয়ের %)**	**অতিক্রান্ত সময় (মূল অনুমোদিত বাস্তবায়ন কালের %)**
মূল টিপিপি	**সর্বশেষ সংশোধিত ডিপিপি**						
•মোট •জিওবি •প্রকল্প সাহায্য •সংস্থার নিজস্ব	**• মোট •জিওবি •প্রকল্প সাহায্য •সংস্থার নিজস্ব**	**•মোট •জিওবি •প্রকল্প সাহায্য সংস্থার নিজস্ব**	**মূল**	**সর্বশেষ সংশোধিত**			
(১)	**(২)**	**(৩)**	**(৪)**	**(৫)**	**(৬)**	**(৭)**	**(৮)**
•৪০৮.৬৮ •০.০০ •৪০৮.৬৮ •০.০০	• ৫০০.৬৯ • ০.০০ •৪৯৭.১৯ • ৩.৫০	• ৪০২.৫০ • ০.০০ • ৪০২.৫০ •০.০০	জুলাই ২০১৩ হতে জুন ২০১৪	জুলাই ২০১৩ হতে জুন ২০১৫	জুলাই ২০১৩ হতে জুন ২০১৫	-৯৮.১৯* (-১৯.৬০%)	এক বছর (১০০%)

*প্রকল্পের প্রাক্কলিত ব্যয় অপেক্ষা প্রকৃত ব্যয় ৯৮.১৯ লক্ষ টাকা ব্যয় হ্রাস পেয়েছে।

৬। **প্রকল্প সাহায্যের উৎসঃ**

আলোচ্য প্রকল্পটিতে উন্নয়ন সহযোগী সংস্থা হিসেবে কেএফডব্লিউ , জার্মানী ০.৪৭ মিলিয়ন ইউরো অনুদান (Grant) প্রকল্প সহায়তা প্রদান করেছে ।

৭। **সাধারণ পর্যবেক্ষণঃ**

৭.১। **পটভূমিঃ**

আলোচ্য কারিগরি সহায়তা প্রকল্পটি বাংলাদেশের পশ্চিমাঞ্চলে পিজিসিবি ’র বিভিন্ন গ্রীড নেটওয়ার্ক সম্প্রসারণের জন্য সমীক্ষা কার্যক্রম পরিচালনার উদ্দেশ্যে গ্রহণ করা হয়। কনসালটেন্ট পিজিসিবি’র পক্ষ থেকে প্রকল্পের একটি ফিজিবিলিটি স্টাডী (টেকনিক্যাল, ফাইনেনসিয়াল এবং ইকোনমিক) সম্পন্ন করেছে। পিজিসিবি priority ranking অনুযায়ী স্টাডী স্কোপ নির্ধরণ করেছিল যা নিম্নোক্ত firm and optional services উল্লেখ করা হলো:

- ১৩২ কেভি সঞ্চালন সিস্টেম, পশ্চিমাঞ্চলীয় গ্রীড নেটওয়ার্কে কম্পোনেন্ট সংযোজন;
- ঈশ্বরদী-রাজশাহী ২৩০ সঞ্চালন সিস্টেম প্রকল্প;
- ঝিনাইদহ ২৩০/১৩২ কেভি হাব উপকেন্দ্র, ২×২২৫ এমভিএ, খুলনা (দ:) ও ঈশ্বরদী ২৩০ কেভি সঞ্চালন লাইন এর মধ্যে নতুন উপকেন্দ্র স্থাপন;
- পানশা (রাজবাড়ী) ১৩২/৩৩ কেভি এআইএস উপকেন্দ্র, ২×২৫/৪১ এমভিএ ট্রান্সফরমার, ৪×১৩২ কেভি বে:
- মিঠাপুকুর ১৩২/৩৩ কেভি এআইএস উপকেন্দ্র, ২×২৫/৪১ এমভিএ ট্রান্সফরমার, ৪×১৩২ কেভি বে:
- ভাঙ্গুড়া ১৩২/৩৩ কেভি এআইএস উপকেন্দ্র, ২×২৫/৪১ এমভিএ ট্রান্সফরমার, ২×১৩২ কেভি বে:
- বগুড়া ২৩০/১৩২ কেভি উপকেন্দ্র।

৭.২। **উদ্দেশ্যঃ**

(ক) দেশের পশ্চিমাঞ্চলের সঞ্চালন লাইন সম্প্রসারণ কাজের কারিগরী ও আর্থিক উপযোগিতা যাচাই;

(খ) সঞ্চালন লাইনের রুট নির্ধারণ এবং সাব-স্টেশন নির্মাণ সার্ভে করা;

(গ) সঞ্চালন লাইন এর নির্মাণ ব্যয় এবং আর্থিক ও অর্থনৈতিক বিশ্লেষণ সম্পাদন।

৭.৩। **প্রকল্পের অনুমোদন অবস্থাঃ**

"ফিজিবিলিটি স্টাডি ফর দা ট্রান্সমিশন সিস্টেম ইমপ্রুভমেন্ট , ওয়েস্টার্ণ জোন" শীর্ষক সমীক্ষা প্রকল্পটি বিগত ৩০/১০/২০১৩ তারিখ মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক জুলাই , ২০১৩ হতে জুন, ২০১৪ মেয়াদে বাস্তবায়নের জন্য ৪০৮.৬৮ লক্ষ টাকা (সম্পূর্ণ প্রকল্প সাহায্য) প্রাক্কলিত ব্যয়ে অনুমোদিত হয়। পরবর্তীতে বাস্তবায়নকাল জুন, ২০১৫ পর্যন্ত বৃদ্ধি, কার্য পরিধিতে অপশনাল সার্ভিস কাজ অন্ত র্ভুক্তি; মূল প্রস্তাব ও সংশোধিত প্রস্তাবের 'প্রিন্টিং ও রিপ্রোডাকশন অংশের ব্যয়ের পা র্থক্য; সেবা খাতে ব্যয় বৃদ্ধি ইত্যাদি কারণে প্রকল্পটি সংশোধন করে ৫০০.৬৯ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়।

৭.৪। **প্রকল্প পরিদর্শনঃ** আইএমই বিভাগের শিল্প ও শক্তি সেক্টরের সহকারী পরিচালক জনাব মোঃ তাওসীফ রহমান কর্তৃক গত ৩১ জুলাই ২০১৬ তারিখে আফতাবনগর, ঢাকায় প্রকল্প পরিচালকের দপ্তর পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্প পরিচালকসহ পিজিসিবি'র সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত থেকে সহায়তা প্রদান করেন।

৭.৫। **প্রকল্প পরিচালক সংক্রান্ত তথ্যঃ**

আলোচ্য প্রকল্পে জনাব মাসুম আলম বকসী, তত্ত্বাবধায়ক প্রকৌশলী পূর্ণকালীন প্রকল্প পরিচালক হিসেবে প্রকল্পের শুরু থেকে শেষ পর্যন্ত দায়িত্ব পালন করেন।

৮. প্রকল্পের অঙ্গভিত্তিক আর্থিক ও বাস্তব অগ্রগতিঃ

পিজিসিবি হতে প্রাপ্ত পিসিআর অনুযায়ী প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি নিম্নে প্রদান করা হ'লঃ

(লক্ষ টাকায়)

ক্রমিক নং	অঙ্গের নাম	সংখ্যা/পরিমাণ	টিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা	প্রকৃত অগ্রগতি
১	২	৩	৪	৫
১।	জনবল(অফিস সহায়ক)	৬ মাস	০.০০	-
২।	সেবা	-	২২৮.৭১	-
৩।	পরামর্শক	-	২৬১.৪০	-
৪।	মুদ্রণ ও প্রতিলিপি	থোক	৭.০৭	-
৫।	বিবিধ	থোক	৩.৫০	-
	সর্বমোটঃ		**৫০০.৬৯**	৪০২.৫০

টিপিপিতে ৪টি আলাদা খাতে অর্থের সংস্থান থাকলেও পিজিসিবি কর্তৃক প্রণীত পিসিআর অনুযায়ী কোন খাতে আলাদাভাবে ব্যয় দেখানো হয়নি। বরং মোট ৪০২.৫০ লক্ষ টাকা ব্যয় প্রদর্শন করা হয়েছে। প্রকল্প পরিচালকের সাথে আলোচনা করে জানা যায় যে, উন্নয়ন সহযোগী সংস্থা সরাসরি পরা মর্শককে বিল প্রদান করেছে , কোন খাতে কত টাকা ব্যয় হয়েছে সেটা পিজিসিবিকে অবহিত করা হয়নি।

৯। পরিদর্শনকালীন পর্যবেক্ষণ/বাস্তবায়ন সমস্যা:

৯.১। Consulting Services এর জন্য ২০/০৩/২০১৩ তারিখে দরপত্র আহবান করা হলেও ৯(নয়) মাস পর ২৬/১২/২০১৩ তারিখে চুক্তি স্বাক্ষ রিত হয়। এত দীর্ঘ বিলম্বের কারণ হিসেবে প্রকল্প দপ্তর হতে জানানো যে , উন্নয়ন সহযোগী সংস্থা এবং পিজিসিবি আলাদাভাবে দরপত্র মূল্যায়ন করা ও সমন্বয় সাধন করার কারণে চুক্তি স্বাক্ষরে বিলম্ব হয়েছে। International Energy Consultants GmbH, Germany আলোচ্য প্রকল্পে পরামর্শ ক হিসেবে নিয়োজিত ছিল।

৯.২। পিজিসিবি কর্তৃক প্রণীত পিসিআর অনুযায়ী কোন খাতে আলাদাভাবে ব্যয় দেখানো হয়নি। প্রকল্প দপ্তর হতে জানা যায় যে, উন্নয়ন সহযোগী সংস্থা সরাসরি পরামর্শককে বিল প্রদান করেছে , কোন খাতে কত টাকা ব্যয় হয়েছে সেটা পিজিসিবিকে অবহিত করেনি। এর ফলে প্রকল্পের আর্থিক স্বচ্ছতা প্রশ্নবিদ্ধ হয়েছে।

৯.৩। প্রকল্পটির কোন এক্সটারনাল অডিট সম্পন্ন হয়নি।

১০। প্রকল্পের প্রকিউরমেন্ট সংক্রান্ত তথ্যঃ

(লক্ষ টাকায়)

Description of procurement (goods/works/consultancy) as per bid document	Tender/Bid/Proposal Cost (in crore Taka)		Tender/Bid/Proposal		Date of completion of works/services and supply of goooods	
	As per RTPP	Contracted value	Invitation date	Contract signing/L.C opening date	As per contract	Actual
1	*2*	*3*	*4*	*5*	*6*	*7*
Consulting Services for the Feasibility Study of the Transmission System Improvement Western Zone	497.19	497.19	20/03/2013	26/12/2013	11/01/2015	07/01/2015

১১। প্রকল্পের উদ্দেশ্য অর্জনঃ

পরিকল্পিত উদ্দেশ্য	প্রকৃত অর্জন
(ক) দেশের পশ্চিমাঞ্চলের সঞ্চালন লাইন সম্প্রসারণ কাজের কারিগরী ও আর্থিক উপযোগীতা যাচাই;	(ক) দেশের ক্রমবর্ধমান বিদ্যুৎ চাহিদার প্রেক্ষিতে পশ্চিমাঞ্চলের বিদ্যমান সঞ্চালন লাইন আরো উচ্চ ক্ষমতাসম্পন্ন এবং নির্ভরশীল করে তোলা প্রয়োজন। সমীক্ষা প্রতিবেদনে সঞ্চালন লাইন সম্প্রসারণ কাজের কারিগরী ও আর্থিক উপযোগীতা বিশদভাবে বিশ্লেষণ করা হয়েছে প্রকল্প দপ্তর জানায়।
(খ) সঞ্চালন লাইনের রুট নির্ধারণ এবং সাব-স্টেশন নির্মাণ সার্ভে করা;	(খ) দেশের পশ্চিমাঞ্চলের বিভিন্ন জেলায় সঞ্চালন লাইনের রুট নির্ধারণ এবং সাব-স্টেশন নির্মাণ সার্ভে করা হয়েছে বলে জানা যায়।
(গ) সঞ্চালন লাইন এর নির্মাণ ব্যয় এবং আর্থি ক ও অর্থনৈতিক বিশ্লেষণ সম্পাদন।	(গ) পরামর্শক কর্তৃক ESIA(Environmental and Social Impact Assessment) study করা হয়েছে এবং সঞ্চালন লাইন এর নির্মাণ ব্যয় এবং আর্থি ক ও অর্থনৈতিক বিশ্লেষণ সম্পাদন করা হয়েছে প্রকল্প দপ্তর জানায়।

১২। **সুপারিশ/মতামত:**

১২.১। বিদেশী সাহায্যপুষ্ট প্রকল্পের ক্ষেত্রে উন্নয়ন সহযোগী সংস্থা কর্তৃক অর্থ ব্যয়ের নিমিত্ত মন্ত্রণালয়/বাস্তবায়নকারী সংস্থাকে নিবিড়ভাবে সম্পৃক্ত করার লক্ষ্যে Agreement -এ সংস্থান রাখার বিষয়ে ERD ও মন্ত্রণালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে (অনুচ্ছেদ-৯.২ দ্রষ্টব্য);

১২.২। পিজিসিবি একটি কারিগরি প্রতিষ্ঠান হিসেবে ১৯৯৪ সালের কোম্পানী অ্যাক্ট অনুযায়ী গঠিত হয়ে ১৯৯৬ সাল থেকে স্বতন্ত্রভাবে সঞ্চালন লাইন নির্মাণ ও ব্যবস্থাপনা সংক্রান্ত কাজ করে যাচ্ছে । সঞ্চালন লাইন নির্মাণ সংক্রান্ত সমীক্ষা প্রতিবেদন প্রণয়ন করাসহ অন্যান্য যে সকল কাজ ইতিমধ্যে বাংলাদেশে একাধিকবার সম্পন্ন হয়েছে, সেই সকল সমীক্ষা কাজ পিজিসিবি'র প্রকৌশলীগণ এবং বাংলাদেশের দক্ষ প্রকৌশলীগণ দ্বারা ভবিষ্যতে পরিচালনা করা যুক্তিযুক্ত হবে;

১২.৩। দ্রুত প্রকল্পটির কোন এক্সটারনাল অডিট সম্পন্ন করতে হবে।

"কন্সট্রাকশন অব হরিপুর ৪১২ মে:ও: কম্বাইন্ড সাইকেল পাওয়ার প্ল্যান্ট এন্ড এসোসিয়েটেড সাব-স্টেশন (নিউ হরিপুর পাওয়ার প্লান্ট ডেভেলপমেন্ট প্রজেক্ট (২য় সংশোধিত)" শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত: জুন ২০১৫)

১।	প্রকল্পের নাম	:	"কন্সট্রাকশন অব হরিপুর ৪১২ মে :ও: কম্বাইন্ড সাইকেল পাওয়ার প্ল্যান্ট এন্ড এসোসিয়েটেড সাব -স্টেশন (নিউ হরিপুর পাওয়ার প্লান্ট ডেভেলপমেন্ট প্রজেক্ট (২য় সংশোধিত)"
২।	উদ্যোগী বিভাগ/ মন্ত্রণালয়	:	বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়/বিদ্যুৎ বিভাগ
৩।	বাস্তবায়নকারী সংস্থা	:	ইলেকট্রিসিটি জেনারেশন কোম্পানী অব বাংলাদেশ লিমিটেড (ইজিসিবিএল)
৪।	প্রকল্প এলাকা	:	নারায়ণঞ্জ জেলার বন্দর উপজেলার হরিপুর এলাকা

৫। প্রকল্পের ব্যয় ও বাস্তবায়ন কাল :

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয় মোট (প্র: সা:)	পরিকল্পিত বাস্তবায়ন কাল		প্রকৃত বাস্তবায়ন কাল	অতিক্রান্ত ব্যয় (মূল অনুমোদিত প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল অনুমোদিত বাস্তবায়ন কালের %)
মূল (প্র: সা:)	সর্বশেষ সংশোধিত (প্র: সা:)		মূল	সর্বশেষ সংশোধিত			
৩৫০৭১৭.৩৫ (২৫০৯০৮.৮৪)	৩৩৭৬৩০.৯৫ (৩০৫২১৭.৫৮)	৩২০০৩০.৬১ (২৯০৮৭৫.৩৭)	জুলাই, ২০০৭ থেকে জুন, ২০১২	জুলাই, ২০০৭ থেকে জুন, ২০১৫	জুলাই, ২০০৭ থেকে জুন, ২০১৫	(-)৩০৬৮৬.৭৪ (-৮.৭৫%)	৩ বছর (৬০%)

নোট: সর্বশেষ সংশোধিত প্রাক্কলিত ব্যয় ৩৩৭৬৩০ .৯৫ লক্ষ টাকার মধ্যে প্রকল্প সাহায্য ৩০৫২১৭ .৫৮ লক্ষ টাকা যা Japan 'International Corporation Agency (জাইকা) থেকে ঋণ হিসাবে প্রদানের সংস্থান ছিল। প্রকল্পের প্রকৃত ব্যয় সর্বশেষ সংশোধিত ব্যয়ের চেয়ে ৩০৬৮৬.৭৪ লক্ষ টাকা কম হয়েছে।

৬। সাধারণ পর্যবেক্ষণ:

৬.১। পটভূমি:

যে কোন দেশের আর্থ -সামাজিক উন্নয়নের অন্যতম গুরুত্বপূর্ন চালিকা শক্তি হচ্ছে বিদ্যুৎ শক্তি। এ কারণে বর্তমান সরকার বিদ্যুৎ খাতকে বিশেষ ভাবে অগ্রাধিকার প্রদান করেছে। ২০২১ সালের মধ্যে সকলের জন্য বিদ্যুৎ নিশ্চিত করার লক্ষ্য মাত্রা নিয়ে সরকার কাজ করে যাচ্ছে। বিদ্যুতের বিদ্যমান base laod প্ল্যান্টসমূহ পুরাতন হয়ে যাওয়ার কারণে চাহিদার তুলনায় বিদ্যুৎ উৎপাদনে ঘাটতি দেখা দিতে পারে বিধায় নতুন বিদ্যুৎ প্ল্যান্ট স্থাপনের প্রয়োজনীয়তা দেখা দেয়। ঢাকা ও এর আশপাশের এলাকায় দেশের সর্বোচ্চ বিদ্যুৎ চাহিদা থাকায় এ চাহিদা পূরনের লক্ষ্যে আলোচ্য প্রকল্পটি বাস্তাবায়নের জন্য গ্রহণ করা হয়।

?.?? ????????

(ক) স্থানীয়ভাবে বিদ্যুৎ উৎপাদনের মাধ্যমে উৎপাদন ঘাটতি পূরণ ও লোডশেডিং হ্রাস;

(খ) জাতীয় বিদ্যুৎ গ্রীড সিস্টেমের স্থায়ীত্ব ও নির্ভরযোগ্যতা বৃদ্ধি; এবং

(গ) দেশের বিশেষতঃ ঢাকা ও এর আশপাশের এলাকার বিদ্যুৎ চাহিদা পূরণ।

৬.৩। প্রকল্পের অনুমোদন ও সংশোধন : ৩৯১৭৯৯.৪০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে ও ১৯৯১-৯২ থেকে ১৯৯৪-৯৫ মেয়াদে বাস্তবায়নের জন "হরিপুর ১০৯ মেঃ ওঃ কম্বাইন্ড সাইকেল পাওয়ার এক্সটেনশন প্রজেক্ট" ২০ নভেম্বর ১৯৯১ তারিখের একনেক কর্তৃক অনুমোদিত হয় । তৎকালে হরিপুর ১০০ মেঃ ওঃ বিদ্যুৎ কেন্দ্রের ৩টি গ্যাস টারবাইনের আয়ুষ্কাল

২০০৭ সালে শেষ হয়ে যাওয়ার প্রেক্ষাপটে অধিক উচ্চতর ক্ষমতাসম্পন্ন বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের প্রয়োজনীয়তা অনুভূত হয়। এ বিবেচনায় "হরিপুর ১৫০ মেঃ ওঃ কম্বাইন্ড সাইকেল পাওয়ার প্ল্যান্ট" বাস্তবায়নের জন্য ১৭ মার্চ ২০০৪ তারিখের একনেক কর্তৃক অনুমোদিত হয়। এ প্রকল্পের সম্ভাব্যতা জরিপকালে এ মর্মে মতামত প্রদান করা হয় যে বিদ্যুৎ ঘাটতি পূরণকল্পে ৩৬০ মেগাওয়াটের ১ টি কম্বাইন্ড সাইকেল পাওয়ার প্ল্যান্ট নির্মাণ করা সম্ভব । অতঃপর এ সংশ্লিষ্ট ডিপিপি প্রণয়ন করা হয় এবং ৩৫০৭১৭.৩৫ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয় ও ২০০৭-০৮ থেকে ২০১১-১২ মেয়াদে বাস্তবায়নের জন্য ২৮ আগস্ট ২০০৭ তারিখে একনেক কর্তৃক প্রকল্পটি অনুমোদিত হয়। অনুমোদিত মেয়াদকালের মধ্যে প্রকল্পের কাজ সমাপ্ত না হওয়ায় বিদ্যুৎ বিভাগ ৮ মে ২০১২ তারিখে ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ জুন ২০১৩ পর্যন্ত বৃদ্ধি করে। বর্ধিত সময়ের মধ্যেও কাজ শেষ না হওয়ায় এবং কতিপয় অঙ্গের ব্যয় বৃদ্ধি/হ্রাসের কারণে প্রকল্পের ১ম সংশোধন মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক ১৪ আগস্ট ২০১৩ তারিখে অনুমোদিত হয়। ১ম সংশোধিত ডিপিপি'র প্রাক্কলিত ব্যয় ৩৯৬৫৯৩.৮৫ লক্ষ টাকা এবং বাস্তবায়ন মেয়াদ জুলাই ২০০৭ থেকে জুন ২০১৪ পর্যন্ত।

প্রকল্পের গ্যাস টারবাইন সরবরাহকারী প্রতিষ্ঠান জাপানের Mitsubishi Hitachi Power System -এর সঙ্গে ইজিসিবি'র টারবাইন পরিচালন, মনিটরিং ও সংরক্ষণ সংক্রান্ত সম্পাদিত লং টাম সার্ভিস এগ্রিমেন্ট চুক্তির মেয়াদ মার্চ ২০১৯ পর্যন্ত কার্যকর থাকবে। কিন্তু প্রকল্পের মেয়াদ জুন ২০১৪ পর্যন্ত নির্ধারিত ছিল এবং প্রকল্পের মূল কাজ সম্পন্নপূর্বক ৬ এপ্রিল ২০১৪ তারিখ থেকে বিদ্যুৎ কেন্দ্রটি বানিজ্যিকভাবে বিদ্যুৎ উৎপাদন শুরু করে। এ কারণে বিদ্যুৎ বিভাগে ২৯ অক্টোবর ২০১৪ তারিখে অনুষ্ঠিত উন্নয়ন প্রকল্প সমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার সিদ্ধান্ত অনুসারে আলোচ্য প্রকল্পের ডিপিপি নিম্নরুপ দুটি অংশে ভাগ করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়ঃ

ক) কনস্ট্রাকশন অব হরিপুর ৪১২ মেঃ ওঃ কম্বাইন্ড সাইকেল পাওয়ার প্ল্যান্ট এন্ড এসোসিয়েটেড সাব-স্টেশন (নিউ হরিপুর পাওয়ার প্ল্যান্ট ডেভেলপমেন্ট প্রজেক্ট) ২য় সংশোধিত

খ) লং টাম সার্ভিস এগ্রিমেন্ট এন্ড আদার সাপোর্ট সার্ভিসেস ফর হরিপুর ৪১২ মেঃ ওঃ কম্বাইন্ড সাইকেল পাওয়ার প্ল্যান্ট (নিউ হরিপুর পাওয়ার ডেভেলপমেন্ট প্রজেক্ট)

বিদ্যুৎ বিভাগে ২৯ অক্টোবর ২০১৪ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তের আলোকে ডিপিপি পুনর্গঠন করা হয় এবং আলোচ্য প্রকল্পের ২য় সংশোধন প্রস্তবের উপর ৬ মে ২০১৫ তারিখে পিইসি সভা অনুষ্ঠিত হয়। পিইসি সভার পর আলোচ্য প্রকল্পের ২য় সংশোধন প্রস্তাব মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক ৩৩৭৬৩০.৯৫ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে এবং জুলাই, ২০০৭ থেকে জুন, ২০১৫ পর্যন্ত বাস্তবায়ন মেয়াদে ৯ জুলাই ২০১৫ তারিখে অনুমোদিত হয়।

৬.৪। প্রকল্প পরিদর্শন: আইএমই বিভাগের শিল্প ও শক্তি সেক্টরের পরিচালক (শক্তি) বেগম নাসিমা মহসিন কর্তৃক গত ২৭ জুলাই ২০১৬ তারিখে প্রকল্পটি সরেজমিনে পরিদর্শন করা হয। পরিদর্শন কালে প্রকল্প পরিচালকসহ প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত হয়ে সহায়তা প্রদান করেন।

৬.৫। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:

ইজিসিবি'র প্রধান প্রকৌশলী /তত্ত্বাবধায়ক প্রকৌশলী ১১ (এগার) জন কর্মকর্তা পূর্ণকালীন /খন্ডকালীন প্রকল্প পরিচালকের দায়িত্ব পালন করেন। নিম্নে তাদের বিবরণ প্রদান করা হলো:-

ক্রমিক নম্বর	প্রকল্প পরিচালকের নাম ও পদবী	পূর্ণকালীন/খন্ডকালীন	সময় কাল
১	২	৩	৪
১।	জনাব আবদুস সালাম, মহাব্যবস্থাপক	পূর্ণকালীন	২৯ জানুয়ারি ২০০৭ থেকে ৩১ ডিসেম্বর ২০০৭ পর্যন্ত
২।	জনাব শান্তি রাম রায় উপ মহাব্যবস্থাপক	অতিরিক্ত দায়িত্বে	১ জানুয়ারি ২০০৮ থেকে ২০ফেব্রুয়ারি ২০০৮ পর্যন্ত
৩।	জনাব মোঃহাসানুজ্জামান সিদ্দিকি অতিরিক্ত প্রধান প্রকৌশলী	বিউবো থেকে প্রেষণে (পূর্নকালীন)	২১ ফেব্রুয়ারি ২০০৮ থেকে ২২ জানুয়ারি ২০০৯ পর্যন্ত

ক্রমিক নম্বর	প্রকল্প পরিচালকের নাম ও পদবী	পূর্ণকালীন/খন্ডকালীন	সময় কাল
১	২	৩	৪
৪।	জনাব রহমত উল্লাহ আহমেদ মহাব্যবস্থাপক	অতিরিক্ত দায়িত্বে	২৩ জানুয়ারি ২০০৯ থেকে ১ মার্চ ২০০৯ পর্যন্ত
৫।	জনাব মোঃহাসানুজ্জামান সিদ্দিকি অতিরিক্ত প্রধান প্রকৌশলী	বিউবো থেকে প্রেষণে (পূর্ণকালীন)	২ মার্চ ২০০৯ থেকে ১ এপ্রিল ২০০৯ পর্যন্ত
৬।	জনাব রহমত উল্লাহ আহমেদ মহাব্যবস্থাপক	অতিরিক্ত দায়িত্বে	২ এপ্রিল ২০০৯ থেকে ১২ নভেম্বর ২০০৯ পর্যন্ত
৭।	জনাব তমাল চক্রবর্তী প্রধান প্রকৌশলী বিউবো	পূর্ণকালীন (বিউবো থেকে প্রেষণে)	১২ নভেম্বর ২০০৯ থেকে ২৯ ডিসেম্বর ২০০৯ পর্যন্ত
৮।	জনাব রহমত উল্লাহ আহমেদ মহাব্যবস্থাপক	খন্ডকালীন (অতিরিক্ত দায়িত্বে)	৩০ ডিসেম্বর ২০০৯ থেকে ৪ এপ্রিল ২০১০ পর্যন্ত
৯।	জনাব মোঃ আবদুল হামিদ উপ-মহাব্যবস্থাপক	পূর্ণকালীন	৫ এপ্রিল ২০০৯ থেকে ২৭ মার্চ ২০১৩ পর্যন্ত
১০।	জনাব মোঃ নাজমুল আলম তত্ত্বধায়ক প্রকৌশলী	পূর্ণকালীন	২৭ মার্চ ২০১৩ থেকে ১ জুলাই ২০১৪ পর্যন্ত
১১।	জনাব মোঃ নাজমুল আলম প্রধান প্রকৌশলী	পূর্ণকালীন	১ জুলাই ২০১৪ থেকে ৩০ জুন ২০১৫ পর্যন্ত

৬.৬। প্রকল্পের মূল কার্যক্রম:

- ২৭২ মেঃ ওঃ গ্যাস টারবাইন ইউনিট স্থাপন;
- ১৪০ মেঃ ওঃ স্টীম টারবাইন ইউনিট স্থাপন;
- বিদ্যমান ১৩২/৩৩ কেভি উপকেন্দ্র অপসারণপূর্বক নতুন ১৩২/৩৩ কেভি উপকেন্দ্র স্থাপন;
- বিদ্যমান ৩৩/১১ কেভি উপকেন্দ্র অপসারণপূর্বক নতুন ৩৩/১১ কেভি উপকেন্দ্র স্থাপন;
- Waste Water treatment প্ল্যান্ট স্থাপন; এবং
- ১৭০৭ বর্গমিটারের ১৫ টি আবাসিক ভবন নির্মাণ ও ৯ টি যানবাহন সংগ্রহ।

৭। ????????? ?????????: বিদ্যুৎ বিভাগ থেকে প্রাপ্ত PCR (project Completion Report) এর তথ্য অনুযায়ী প্রকল্পটির অঙ্গভিত্তিক বাস্তব ও আর্থিক অগ্রগতি নিম্নরুপ:

ক) ইজিসিবি অংশঃ

(লক্ষ টাকায়)

ক্রমিক নম্বর	ডিপিপি অনুযায়ী কাজের অঙ্গ	ইউনিট/ পরিমাণ	পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	বাস্তব (%)	আর্থিক	বাস্তব (%)
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
১	Pay of Officers	17 Nos	170.98	100%	170.98	100%
২	Pay of Staffs	10 Nos	75.39	100%	75.39	100%
৩	Allowances	LS	176.48	100%	183.23	100%
৪	Materials, Supplies & Services	LS	113.53	100%	113.08	100%
৫	Repairs, Maintenance and Rehabilitation	LS	17.83	100%	17.75	100%
৬	Pay & allowances of O&M Manpower who will be engaged during last part of project including Testing & Commissioning period	132 Nos	190.34	100%	190.34	100%
৭	Transport – Vehicles	9 Nos	249.30	100%	245.26	100%
৮	Material & Equipment	1 Lot	180631.38	100%	176521.82	99.99%

৯	Land Development	43102cu.m	76.73	100%	76.72	100%
১০	Land Acquisition / Requisition	0	0.00		0.00	
১১	Civil works (Non-Residential)	Lot	220.32	100%	161.27	99.00%
১২	Civil works (Turn-Key)	1 Lot	24488.98	100%	21812.61	100%
১৩	Cost of Civil works (Residential)	1 Lot	996.00	100%	974.49	100%
১৪	Custom duty, Taxes & VAT	L.S	15000.00	100%	12831.41	100%
১৫	AIT & VAT	L.S	6624.44	100%	6073.75	100%
১৬	Installation, Erections, Testing & Commissioning	1 Lot	13130.40	100%	11656.41	100%
১৭	Consultancy	3 Lot	9603.60	100%	9312.19	98.00%
১৮	Charge of Electrical energy during Construction	LS	0.00		0.00	
১৯	Supply of Natural Gas for initial operation	2 months	2040.73	100%	2040.73	100%
২০	Local Transportation, Insurance & other incidental services	L.S	49058.69	100%	48905.38	100%
২১	Interest during construction	LS	537.74	100%	514.26	100%
২২	Temporary RMS & Service Line Construction	1 Lot	42.35	100%	42.35	100%
২৩	Bank & Other Charges	LS	1701.55	100%	1702.33	100%
২৪	Foreign & Local Training and Inspection & Testing	1 Lot	1359.18	100%	1174.81	100%
২৫	LTSA Service Fee	3 years	0.00		0.00	
২৬	LTSA Spare Parts	Lot	0.00		0.00	
২৭	Physical Contingency		2754.89	100%	0.00	
২৮	Cost Escalation		2754.89	100%	0.00	
	Total: EGCB part		**312015.73**		**294796.56**	

খ) পিজিসিবি অংশঃ

(লক্ষ টাকায়)

ক্রমিক নম্বর	ডিপিপি অনুযায়ী কাজের অঙ্গ	ইউনিট/ পরিমাণ	পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	বাস্তব (%)	আর্থিক	বাস্তব (%)
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
১	Pay of Officers	4 Nos	-		-	
২	Pay of Staffs	1 Nos	-		-	
৩	Allowances	5 Nos	-		-	
৪	Supplies & Services					
৫	Repairs, Maintenance and Rehabilitation					
৬	Materials & Equipment	Lot	13793.68	100%	13560.12	
৭	Land development					
৮	Civil works (Non-Residential)					
৯	Civil works (Turn-Key)	L.S.	390.15	100%	390.18	
১০	Customs duty, Taxes & VAT	L.S.	1893.35	100%	1893.34	
১১	Recovery & Return to store					
১২	AIT & VAT	L.S.	250.97	100%	250.97	

১৩	Bank & Other Charges					
১৪	Interest during construction	L.S.	1232.15	100%	1232.15	
১৫	Installation, errections, testing & Commissioning		501.97	100%	569.64	
১৬	Local Transportation, Insurance & other incidental services	L.S.	3709.47	100%	3680.82	
	Total: PGCB part		**21771.72**		**21577.20**	

গ) আরইবি অংশঃ

(লক্ষ টাকায়)

ক্রমিক নম্বর	ডিপিপি অনুযায়ী কাজের অঙ্গ	ইউনিট/ পরিমাণ	পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	বাস্তব (%)	আর্থিক	বাস্তব (%)
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
১	Pay of Officers	LS	7.40	100%	6.68	
২	Pay of Staffs					
৩	Allowances	LS	1.20	100%	0.74	
৪	Supplies & Services					
৫	Repairs, Maintenance and Rehabilitation					
৬	Materials & Equipment	Lot	1722.54		1676.67	
৭	Land development					
৮	Civil works (Non-Residential)					
৯	Civil works (Turn-Key)	Lot	948.67	100%	904.75	
১০	Customs duty, Taxes & VAT	LS	417.83	100%	400.00	
১১	Recovery & Return to store					
১২	AIT & VAT	LS	100.00	100%	77.88	
১৩	Bank & Other Charges					
১৪	Interest during construction	LS	50.71	100%		
১৫	Installation, errections, testing & Commissioning	Lot	155.65	100%	155.65	
১৬	Local Transportation, Insurance & other incidental services	LS	439.50	100%	434.48	
	Total: REB part		**3843.50**		**3656.85**	

মোট প্রাক্কলিত ব্যয়ঃ

ইজিসিবি অংশ (৩১২০১৫.৭৩ লক্ষ) + পিজিসিবি অংশ (২১৭৭১.৭২লক্ষ) + আরইবি অংশ(৩৮৪৩.৫০ লক্ষ) = **৩৩৭৬৩০.৯৫ লক্ষ টাকা**

প্রকৃত ব্যয়ঃ

ইজিসিবি অংশ (২৯৪৭৯৬.৫৬ লক্ষ) + পিজিসিবি অংশ (২১৫৭৭.২০লক্ষ) + আরইবি অংশ(৩৬৫৬.৮৫ লক্ষ)= **৩২০০৩০.৬১ লক্ষ টাকা**

৮। পরিদর্শনকালীন পর্যবেক্ষণ:

প্রধান অঙ্গসমূহের বাস্তবায়ন অগ্রগতি:

৮.১। প্রকল্প দলিল অনুযায়ী পাওয়ার প্ল্যান্টের ক্ষমতা ৪১২ মেগাওয়াট অনুমোদিত হলেও প্রকৃতপক্ষে প্ল্যান্টের রেটেড ক্যাপাসিটি ৪৩০.২১ মেঃ ওঃ (গ্যাস টারবাইন ২৮১.২১ মেঃ ওঃ + স্টীম টারবাইন ১৪৯.২০ মেঃ ওঃ) । National Load Dispatch Centre (NLDC)-এর চাহিদার ভিত্তিতে এ কেন্দ্রের উৎপাদন হ্রাস /বৃদ্ধি করা হয়। ৬ এপ্রিল ২০১৪ থেকে আলোচ্য পাওয়ার প্ল্যন্টটি বাণিজ্যিকভাবে জাতীয় গ্রীডে বিদ্যুৎ সরবরাহ করছে। ২০/০২/২০১৫ তারিখে সর্বোচ্চ উৎপাদন ছিল ৪৬৮ মেগাওয়াট।

৮.২। আলোচ্য প্রকল্পের অধীনে মূল বিদ্যুৎ কেন্দ্র নির্মাণে Marubeni Corporation, Japan টার্ণকী ঠিকাদার হিসেবে পাওয়ার প্ল্যান্ট স্থাপনের কাজ সম্পন্ন করেছে। আলোচ্য প্রকল্পের অধীনে Mitsubishi, Japan কর্তৃক প্রস্তুতকৃত ২৮১ মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন একটি গ্যাস টারবাইন এবং ৪১২ এমভিএ ক্ষমতাসম্পন্ন একটি গ্যাস টারবাইন জেনারেটর স্থাপন করা হয়েছে। আলোচ্য প্রকল্পের আওতায় Fuji, Japan কর্তৃক প্রস্তুতকৃত ১৪৯ মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন একটি

স্টীম টারবাইন এবং ১৯৫ এমভিএ ক্ষমতাসম্পন্ন একটি স্টীম টারবাইন জেনারেটর স্থাপন করা হয়েছে। প্রকল্পের আওতায় স্থাপিত গুরুত্বপূর্ণ মেশনারীজের বিবরণ নিম্নে দেয়া হলঃ

ক্রমিক নং	যন্ত্রাংশের নাম	উৎপাদনকারী প্রতিষ্ঠান/দেশ	উৎপাদনের বছর
১	Gas Turbine: 281.21 MW	Mitsubishi, Japan	2013
২	Gas Turbine generator: 412 MVA	Mitsubishi, japan	2012
৩	Steam Turbine: 149.2 MW	Fuji, Japan	2012
৪	Steam Turbine Generator: 195 MVA	Fuji, Japan	2012
৫	Transformer: 570 MVA, 132 kV	ABB, India	2011
৬	Heat Recovery Steam Generator	Doosan, Korea	2012

৮.৩। বিদ্যুৎ কেন্দ্রটিতে দ্বৈত জ্বালানীর সংস্থান নেই বিধায় বিকল্প হিসেবে তরল জ্বালানী ব্যবহারের সুযোগ নেই। এমতাবস্থায় গ্যাস সরবরাহ নিয়মিতভাবে এবং কাংক্ষিত চাপে না হলে কেন্দ্রটির ক্ষমতার effective utilization হবেনা।

৮.৪ । প্রাথমিকভাবে প্রকল্পের বাস্তবায়ন মেয়াদ জুলাই ২০০৭ থেকে জুন ২০১২ পর্যন্ত নির্ধারিত ছিল। কিন্তু উক্ত মেয়াদে বাস্তবায়ন সম্পন্ন করা যায়নি বিধায় ১ বার ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ জুন ২০১৩ পর্যন্ত বৃদ্ধি ও দুই দফা ডিপিপি সংশোধনের মাধ্যমে মেয়াদ জুন ২০১৪ ও জুন, ২০১৫ পর্যন্ত নির্ধারিত হয়। ফলে অতিরিক্ত ৩ বছর সময়ে বাস্তবায়ন সম্পন্ন করা হয়, যা মূল অনুমোদিত বাস্তবায়নকালের ৬০% বেশী;

৮.৫। ইপিসি ঠিকাদারের চুক্তি কার্যকর হওয়ার পর BIWTA কর্তৃপক্ষ জানান যে প্রকল্প এলাকার মধ্যে তাদের মালিকানাধীন জমির অংশ বিশেষ অন্তর্ভুক্ত আছে এবং বিআইডব্লউটিএ সেখানে পিলার নির্মাণ কাজ সম্পন্ন করে। ফলে জমির পরিমাণ ৮.৫ একর থেকে ৭.৯ একরে হ্রাস পায়। প্রকল্প জমির পরিমাণ হ্রাস পাওয়ার কারণে প্ল্যান্ট লে-আউট নকশা সংশোধন করতে হয়;

৮.৬। আলোচ্য প্ল্যান্ট নির্মাণের জন্য ভারী মালামাল নদী পথে পরিবহন করে প্রকল্প এলাকায় সুষ্ঠুভাবে স্থানান্তরের জন্য প্রকল্প এলাকার পশ্চিম দিকে শীতলক্ষ্যা নদীর তীরে স্থায়ী জেটি নির্মাণের উদ্যোগ গ্রহণ করা হয়। কিন্তু নির্মাণ কাজের মাঝপথে হাইকোর্টের এক আদেশের কারণে এ জেটি নির্মাণ কাজ স্থগিত করা হয়। ফলে প্রকল্পের মালামাল পরিবহন সাময়িকভাবে ব্যাহত হয় বলে প্রকল্প পরিচালক জানান; এবং

৮.৭। প্রকল্প এলাকায় পিজিসিবি'র ১টি ১৩২/৩৩ কেভির সাবস্টেশন ও আরইবি'র ১টি ৩৩/১১ কেভির সাবস্টেশন বিদ্যমান ছিল। বাস্তবায়নকালে লোডসহ এ দুটি সাবস্টেশন স্থানান্তর করার প্রয়োজন হয়। ৩০ নভেম্বর ২০১১ তারিখে লোড স্থানান্তরপূর্বক সাব-স্টেশন ২টি বন্ধ করে ফেলা হয়।

৯। প্রকল্পের প্রকিউরমেন্ট সংক্রান্ত তথ্যঃ

(লক্ষ টাকায়)

ক্রমিক নম্বর	কাজের নাম/প্যাকেজের নাম	দরপত্র আহ্বানের তারিখ	দরপত্র মূল্য (ডিপিপি অনুসারে)	-চুক্তি স্বাক্ষরের তারিখ -চুক্তি অনুসারে কার্য সম্পাদনের তারিখ -বাস্তবে কার্য সম্পাদনের তারিখ -চুক্তি মূল্য -পরিশোধিত মূল্য
১	২	৩	৪	৫
১।	ভূমি উন্নয়ন	৬ এপ্রিল ২০০৮	৬৪৩.০০	-১৭ জুন ২০০৮ -৩০ অক্টোবর ২০০৮ -৮ ফেব্রুয়ারী ২০০৯ -৮৯.৬৪ -৭৬.৭২

ক্রমিক নম্বর	কাজের নাম/প্যাকেজের নাম	দরপত্র আহ্বানের তারিখ	দরপত্র মূল্য (ডিপিপি অনুসারে)	-চুক্তি স্বাক্ষরের তারিখ -চুক্তি অনুসারে কার্য সম্পাদনের তারিখ -বাস্তবে কার্য সম্পাদনের তারিখ -চুক্তি মূল্য -পরিশোধিত মূল্য
১	২	৩	৪	৫
২।	ইপিসি ঠিকাদার (টার্নকী)	৭ জানুয়ারী ২০১০	২৬৮৫৭৯.৬৮	-৯ ফেব্রুয়ারী ২০১১ -১৪ জুলাই ২০১৩ -২ মার্চ ২০১৪ - -২৫৯৯৯২.৫৫
৩।	পূর্ত কাজ (আবাসিক)	১৮ জুলাই ২০১৩	৯৯৬.০০	-১৩ অক্টোবর ২০১৩ -২৭ জুলাই ২০১৪ -৩১ জানুয়ারি ২০১৫ -৯৯৫.৪৫৪ -৯৭৪.৪৯
৪।	৯টি যানবাহন সংগ্রহ	১৭ নভেম্বর ২০০৯ থেকে ১৪ মে ২০১৫ পর্যন্ত	১৬৫.৬০	-৯ ফেব্রুয়ারী ২০১০ থেকে ২১ মে ২০১৫ পর্যন্ত -৯ মার্চ ২০১০ থেকে ২১ জুন ২০১৫ পর্যন্ত -১০ ফেব্রুয়ারী ২০১০ থেকে ৩০ জুন ২০১৫ পর্যন্ত -২৫৩.৩৪ -২৪৫.২৬

১০। প্রকল্পের উদ্দেশ্য অর্জন:

পরিকল্পিত উদ্দেশ্য	প্রকৃত অর্জন
(ক) স্থানীয়ভাবে বিদ্যুৎ উৎপাদনের মাধ্যমে উৎপাদন ঘাটতি পূরণ ও লোডশেডিং হ্রাস;	(ক) ২৯ মার্চ থেকে ৬ এপ্রিল ২০১৪ সময়কালের মধ্যে প্ল্যান্টে বাণিজ্যিক অপারেশন টেস্ট সম্পাদিত হয়। বিদ্যুৎ উৎপাদনের মাধ্যমে ৬ এপ্রিল ২০১৪ তারিখ থেকে সফলভাবে প্ল্যান্টটি বাণিজ্যিক অপারেশন শুরু করে ও জাতীয় গ্রীডে বিদ্যুৎ সরবরা হ করছে। ফলে উৎপাদন ঘাটতি পূরন ও লোডশেডিং হ্রাস পেয়েছে বলে প্রতীয়মান হয়;
(খ) জাতীয় বিদ্যুৎ গ্রীড সিস্টেমের স্থায়ীত্ব ও নির্ভরযোগ্যতা বৃদ্ধি; এবং	(খ) বাণিজ্যিক টেস্টে বিদ্যুৎ প্ল্যান্টটির বাণিজ্যিক অপারেশন রেটিং ৪০৯.২৪৭ মে:ও: হিসাবে বিউবো নিশ্চিত করে। এ রে টিং অনুসারে প্রতীয়মান হয় যে , জাতীয় বিদ্যুৎ গ্রীড সিস্টেমের স্থায়ীত্ব ও নির্ভরযোগ্যতা বৃদ্ধি পেয়েছে; এবং
(গ) দেশের বিশেষতঃ ঢাকা ও এর আশপাশের এলাকার বিদ্যুৎ চাহিদা পূরণ।	প্ল্যান্টটিতে উৎপাদিত বিদ্যুৎ সরবরাহের মাধ্যমে ঢাকা ও এর আশপাশের এলাকার বিদ্যুৎ চাহিদা অনেকাংশে পূরণ হচ্ছে বলে প্রতীয়মান হয়।

১১। অডিট সংক্রান্ত তথ্য:

২০১১-১২ থেকে ২০১৩ -১৪ পর্যন্ত তিন অর্থ বছরে ৩বার অভ্যন্তরীণ অডিট সম্পন্ন হয় এবং ১৭টি অডিট আপত্তি উত্থাপিত হয়। ১৭টির মধ্যে ১৩টি আপত্তি নিষ্পত্তি করা হয়েছে এবং ৪টি অডিট আপত্তি নিষ্পত্তির অপেক্ষায় আছে। ২০১১-১২ থেকে ২০১৩ -১৪ পর্যন্ত সাত অর্থ বছরে FAPAD কর্তৃক ৭বার External অডিট সম্পন্ন হয়েছে এবং ১৮টি আপত্তি উত্থাপিত হয়। তন্মধ্যে ১৬টি আপত্তি নিষ্পত্তি করা হয়েছে এবং ২টির জবাব দেয়া হয়েছে।



চিত্র:১- হরিপুর বিদ্যুৎ কেন্দ্রের গ্যাস টারবাইন।



চিত্র:২-হরিপুর বিদ্যুৎ কেন্দ্রের হিট রিকোভারী স্টীম জেনারেটর।



চিত্র:৩ হরিপুর বিদ্যুৎ কেন্দ্রের স্টীম টারবাইন।

১২। সমস্যা:

১২.১। প্রকল্পের টাইম ওভার রান: প্রাথমিকভাবে প্রকল্পের বাস্তবায়ন মেয়াদ জুলাই ২০০৭ থেকে জুন ২০১২ পর্যন্ত নির্ধারিত ছিল। কিন্তু উক্ত মেয়াদে বাস্তবায়ন সম্পন্ন করা যায়নি বিধায় ১ বার ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ জুন ২০১৩ পর্যন্ত বৃদ্ধি ও দুই দফা ডিপিপি সংশোধনের মাধ্যমে মেয়াদ জুন ২০১৪ ও জুন, ২০১৫ পর্যন্ত নির্ধারিত হয়। ফলে অতিরিক্ত ৩ বছর সময়ে বাস্তবায়ন সম্পন্ন করা হয়, যা মূল অনুমোদিত বাস্তবায়নকালের ৬০% বেশী (অনুচ্ছেদ ৫ ও ৮.৪);

১২.২। প্রকল্প এলাকা হ্রাসকরণ: ইপিসি ঠিকাদারের চুক্তি কার্যকর হওয়ার পর BIWTA কর্তৃপক্ষ জানান যে প্রকল্প এলাকার মধ্যে তাদের মালিকানাধীন জমির অংশ বিশেষ অন্তর্ভুক্ত আছে এবং বিআইডব্লউটিএ সেখানে পিলার নির্মাণ কাজ সম্পন্ন করে। ফলে জমির পরিমাণ ৮.৫ একর থেকে ৭.৯ একরে হ্রাস পায়। প্রকল্প জমির পরিমাণ হ্রাস পাওয়ার কারণে প্ল্যান্ট লে-আউট নকশা সংশোধন করতে হয় এবং এ কারণে প্রকল্প বাস্তবায়ন ব্যাহত হয় (অনুচ্ছেদ ৮.৫)

১২.৩। স্থায়ী জেটি নির্মাণ: আলোচ্য প্ল্যান্ট নির্মাণের জন্য ভারী মালামাল নদী পথে পরিহবন করে প্রকল্প এলাকায় সুষ্ঠুভাবে স্থানান্তরের জন্য প্রকল্প এলাকার পশ্চিম দিকে শীতলক্ষ্যা নদীর তীরে স্থায়ী জেটি নির্মাণের প্রয়োজন হয়। কিন্তু হাইকোর্টের এক আদেশের কারণে এ জেটি নির্মাণ কাজ স্থগিত করা হয়। ফলে প্রকল্পের মালামাল পরিবহন সাময়িকভাবে ব্যাহত হয় (অনুচ্ছেদ ৮.৬);

১২.৪। বিদ্যমান সাবস্টেশন ও লোড স্থানান্তরকরণ: প্রকল্প এলাকায় পিজিসিবি'র ১টি ১৩২/৩৩ কেভির সাবস্টেশন ও আরইবি'র ১টি ৩৩/১১ কেভির সাবস্টেশন বিদ্যমান ছিল। বাস্তবায়নকালে লোডসহ এ দুটি সাবস্টেশন স্থানান্তর করার প্রয়োজন হয় এবং ৩০ নভেম্বর ২০১১ তারিখে লোড স্থানান্তরপূর্বক সাব-স্টেশন ২টি বন্ধ করে দেয়া হয়। অতঃপর বন্ধ করার পর সে ২টি ভেঙ্গে ফেলা হয় এবং এ কারণে প্রকল্প বাস্তবায়ন ব্যাহত হয় (অনুচ্ছেদ ৮.৭)

১২.৫। **প্ল্যান্টে দ্বৈত জ্বালানী ব্যবস্থার অনুপস্থিতি:** হরিপুর বিদ্যুৎ প্ল্যান্টে দ্বৈত জ্বালানী ব্যবস্থার সংস্থান হয়নি। দেশে গ্যাসের ক্রমহ্রাসমান মজুদের কারণে ভবিষ্যতে সঠিক চাপে গ্যাস সরবরাহ করা সম্ভব না হলে প্ল্যান্টটি সামর্থ্য অনুসারে কাঙ্খিত আউটপুট দিতে পারবে না (অনুচ্ছেদ ৮.৩); এবং

১২.৬। **অনিষ্পন্ন অডিট আপত্তি:** প্রকল্পের অভ্যন্তরীণ অডিটের ৪টি আপত্তি ও এক্সটারনাল অডিটের ২টি আপত্তি অনিষ্পন্ন অবস্থায় আছে (অনুচ্ছেদ ১১)।

১৩। **সুপারিশ/মতামত:**

১৩.১। প্রকল্পের বাস্তবায়ন যাতে নির্ধারিত মেয়াদের মধ্যে সম্পন্ন হয় সে জন্য প্রকল্প কর্তৃপক্ষ/বাস্তবায়নকারী সংস্থা সচেষ্ট থাকবে। প্রয়োজনে সংশ্লিস্ট মন্ত্রণালয়/বিভাগ মনিটরিং কার্যক্রম শক্তিশালী করবে (অনুচ্ছেদ ১২.১);

১৩.২। প্রকল্প এলাকার জমির মালিকানার বিষয়টি নিশ্চিত করে বাস্তবায়নকারী সংস্থা প্রকল্পের বাস্তবায়ন শুরু করবে। প্রয়োজনে এ বিষয়ে সংশ্লিষ্ট সহকারী কমিশনার (ভূমি) এর কার্যলয়ে যোগাযোগ করে বিষয়টি নিশ্চিত করা যেতে পারে (অনুচ্ছেদ ১২.২);

১৩.৩। প্রকল্পের আওতায় কোন মামলা থাকলে তা নিষ্পত্তির জন্য অগ্রাধিকার ভিত্তিতে প্রকল্প কর্তৃপক্ষ/বাস্তবায়নকারী সংস্থা সকল প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। প্রয়োজনে এ বিষয়ে প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগের মাধ্যমে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের সহায়তা গ্রহণ করা যেতে পারে (অনুচ্ছেদ ১২.৩);

১৩.৪। প্রকল্প এলাকায় বিদ্যমান স্থাপনা সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সঙ্গে আলোচনাক্রমে বাস্তবায়ন শুরুর পূর্বে দ্রুত স্থানান্তর/ভেঙ্গে ফেলার বিষয়টি প্রকল্প কর্তৃপক্ষ/বাস্তবায়নকারী সংস্থা নিশ্চিত করবে (অনুচ্ছেদ ১২.৪);

১৩.৫। হরিপুর বিদ্যুৎ প্ল্যান্টে সঠিক চাপে নিরবচ্ছিন্ন গ্যাস সরবরাহের বিষয়টি বাস্তবায়নকারী সংস্থা/মন্ত্রণালয়/বিভাগ নিশ্চিত করবে। পরবর্তী পর্যায়ে বিদ্যুৎ প্ল্যান্টটিতে দ্বৈত জ্বালানী ব্যবস্থা চালু করার বিষয়ে বাস্তবায়নকারী সংস্থা/মন্ত্রণালয়/বিভাগ বিবেচনা করতে পারে (অনুচ্ছেদ ১২.৫);

১৩.৬। প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়ন ও মনিটরিংয়ের স্বার্থে ঘন ঘন প্রকল্প পরিচালক বদলি করা পরিহার করতে হবে (অনুচ্ছেদ ৬.৫);

১৩.৭। প্রকল্প অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে (অনুচ্ছেদ ১২.৭);

১৩.৮। প্রকল্পের আওতায় স্থাপিত Gas Turbine(GT) ও Steam Turbine(ST) যথাযথভাবে সংরক্ষণ এবং নিয়মিত ওভারহোলিং করতে হবে; এবং

১৩.৯। অনুচ্ছেদ (১৩.১-১৩.৭) এর আলোকে গৃহীত ব্যবস্থাদির বিষয়ে আইএমই বিভাগকে দ্রুত অবহিত করতে হবে।

“পল্লী বিদ্যুতায়ন সম্প্রসারণ খুলনা বিভাগীয় কার্যক্রম-১ (সংশোধিত)” শীর্ষক প্রকল্পের _সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত : জুন, ২০১৫)

১। প্রকল্পের নাম: “পল্লী বিদ্যুতায়ন সম্প্রসারণ খুলনা বিভাগীয় কার্যক্রম-১ (সংশোধিত)” শীর্ষক প্রকল্প

২। প্রকল্পের অবস্থান: খুলনা বিভাগের ৯টি পল্লী বিদ্যুৎ সমিতির আওতায় ৫৭টি উপজেলা

৩। উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ : বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়/বিদ্যুৎ বিভাগ

৪। বাস্তবায়নকারী সংস্থা: বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

৫। প্রকল্পের ব্যয় ও বাস্তবায়ন সময় :

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়ন কাল		প্রকৃত বাস্তবায়ন কাল	অতিক্রান্ত ব্যয় (মূল অনুমোদিত প্রাক্কলিত ব্যয়ের %	অতিক্রান্ত সময় (মূল অনুমোদিত বাস্তবায়ন কালের %
মূল (প্র: সা:)	সর্বশেষ সংশোধিত (প্র: সা:)		মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
৩৯৩০০৩.৩১ (০.০০)	৪৬৯৮১.৭২ (০.০০)	৪৪০৪৬.৮২	জানুয়ারি, ২০১১ হতে ডিসেম্বর, ২০১৩	জানুয়ারি, ২০১১ হতে জুন, ২০১৫	জানুয়ারি, ২০১১ হতে জুন, ২০১৫	৪৭৪৩.৫১ (১২.০৭%)	এক বছর ৬ (ছয়) মাস (৫০%)

৬। কাজ অসমাপ্ত থাকলে তার কারণ: সরেজমিনে পর্যবেক্ষণ ও PCR অনুযায়ী প্রকল্পের কোন কাজ অসমাপ্ত নেই।

৭। **প্রকল্পের পটভূমি:**

২০২০ সালের মধ্যে বাংলাদেশের পল্লী অঞ্চলের সকল গ্রামে বিদ্যুৎ পৌঁছে দেওয়ার লক্ষ্যে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃক “এলাকা ভিত্তিক পল্লী বিদ্যুতায়ন কার্যক্রম”- এর এক মহা পরিকল্পনা প্রণয়ন করা হয়। যার অংশ হিসাবে খুলনা বিভাগের ৯টি পল্লী বিদ্যুৎ সমিতিতে বিদ্যমান বৈদ্যুতিক লাইন সম্প্রসারণের জন্য আলোচ্য প্রকল্পটি গ্রহণ করা হয়।

৮। **প্রকল্পের উদ্দেশ্যঃ**

বাংলাদেশের সকল গ্রামে দ্রুত বিদ্যুতায়নের মাধ্যমে পল্লী অঞ্চলের মানুষের আর্থ-সামাজিক উন্নয়ন সাধন করা এই প্রকল্পের উদ্দেশ্য।

৯। **প্রকল্পের অনুমোদন অবস্থাঃ**

প্রকল্পটির মূল ডিপিপি ১৯/১০/২০১০ তারিখে একনেক সভায় ৩৯৩০০৩.৩১ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারি, ২০১১ হতে ডিসেম্বর, ২০১৩ মেয়াদে অনুমোদিত হয়। পরবর্তীতে প্রকল্পের সংশোধিত ডিপিপি ৩০/০৯/২০১৩ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক ৪৬৯৮১.৭২ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারি, ২০১১ হতে জুন, ২০১৫ মেয়াদে অনুমোদিত হয়।

১০। প্রকল্পের মূল কার্যক্রমঃ

- ৩৬১৭ কি:মি: নতুন বিতরণ লাইন নির্মাণ
- ৮৩ কি: মি: বিতরণ লাইন পুনর্বাসন
- ১৪টি নতুন ৩৩/১১ সাবস্টেশন নির্মাণ
- ১,৪৮,০০০ গ্রাহক সংযোগ প্রদান

১১। প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন:

পল্লী বিদ্যুতা য়ন বোর্ড থেকে প্রাপ্ত Project Completion Report (পিসিআর) অনুযায়ী প্রকল্পটির অঙ্গভিত্তিক অগ্রগতি নিম্নে বর্ণনা করা হলঃ

(লক্ষ টাকায়)

ক্রম নং	অঙ্গের নাম	একক	ডিপিপি অনুযায়ী অঙ্গের প্রাক্কলিত ব্যয়	জুন, ২০১৫ পর্যন্ত অগ্রগতি	
			আর্থিক	আর্থিক	বাস্তব(%)
১	২	৩	৪	৫	৬
১	কর্মকর্তাদের বেতন	৪৩ জন	০.০০	০.০০	০.০
২	কর্মচারীদের বেতন	৫৮ জন	৫০.৯৮	২৯.০২	৫৬.৯২%
৩	বাড়িভাড়া ভাতা	১০১ জন	৩৩.৪২	১৩.৮৭	৪১.৫০%
৪	উৎসব ভাতা	১০১ জন	৮.৫০	৪.০৫	৪৭.৬৫%
৫	চিকিৎসা ভাতা	১০১ জন	৭.৯৪	৪.৩৪	৫৪.৬৬%
৬	টিফিন ভাতা	১০১ জন	১.৭০	০.৯২	৫৪.১২%
৭	যাতায়াত ভাতা	১০১ জন	১.৭০	০.০০	০.০%
৮	অন্যান্য ভাতা	১০১ জন	১৬৫.৬৭	১৩.৫৩	৮.১৭%
৯	ভ্রমণ ভাতা	LS	৪০.০০	১৮.২৭	৪৫.৬৮%
১০	অফিস ভাড়া	LS	৯.০০	০.৫২	৫.৭৮%
১১	টেলিফোন	LS	৭.৫০	২.৩৩	৩১.০৭%
১২	পানি সরবরাহ ও পয়:নিষ্কাশন	LS	১.৫০	০.০৫	৩.৩৩%
১৩	বিদ্যুৎ বিল	LS	৫.৫০	০.৫২	৯.৪৫%
১৪	গ্যাস ও জ্বালানী বিল	LS	১.৫০	০.০২	১.৩৩%
১৫	পেট্রোল ও লুব্রিক্যান্ট (গাড়ীর জন্য)	LS	৬৫.০০	২৬.১৭	৪০.২৬%
১৬	ছাপা ও প্রকাশনা	LS	১৬.০০	৯.৭৯	৬১.১৯%
১৭	ষ্টেশনারী, সীল ও ষ্ট্যাম্প	LS	১৪.৫০	৬.৪৮	৪৪.৬৯%
১৮	প্রশিক্ষণ	LS	১৫.০০	০.১৮	১.২০%
১৯	আপ্যায়ন	LS	৮.০০	৫.৯৩	৭৪.১৩%
২০	মালামাল পরিবহন ও ল্যান্ডিং চার্জ	LS	৯২২.০০	২৮৫.৮৪	৩১.০০%
২১	ইঞ্জি: ডিজাইন ও পরিদর্শন কাজের পরামর্শক ফি	LS	৫৮৫.০০	৪৩২.৪৪	৭৩.৯২%
২২	মালামাল পরিদর্শন ও টেষ্টিং ফি	LS	৩০.০০	০.০০	০.০%

ক্রম নং	অঙ্গের নাম	একক	ডিপিপি অনুযায়ী অঙ্গের প্রাক্কলিত ব্যয়	জুন, ২০১৫ পর্যন্ত অগ্রগতি	
			আর্থিক	আর্থিক	বাস্তব(%)
১	২	৩	৪	৫	৬
২৩	যানবাহন মেরামত ও রক্ষণাবেক্ষণ	LS	২৫.০০	১৪.১২	৫৬.৪৮%
২৪	আসবাবপত্র মেরামত ও রক্ষণাবেক্ষণ	LS	১.৫০	০.১৯	১২.৬৭%
২৫	কম্পিউটার ও আনুষাংগিক মেরামত ও রক্ষণাবেক্ষণ	LS	১.৫০	০.৩৭	২৪.৬৭%
২৬	অন্যান্য মেরামত ও রক্ষণাবেক্ষণ	LS	২.০০	০.৪০	২০.০০%
২৭	যানবাহন ক্রয়	০৫টি	২৫৭.৯৫	২১৪.৪৫	৮৩.১৪%
২৮	যন্ত্রপাতি ও মালামাল ক্রয়	লট	৪০১১৫.৮০	৩৯৬৮৮.১৮	৯৮.৯৩%
২৯	কম্পিউটার ও আনুষাংগিক ক্রয়	১৮ সেট	৫.৩৭	১.৮৭	৩৪.৮২%
৩০	আসবাবপত্র ক্রয়	লট	১২.০০	৮.৪৫	৭০.৪২%
৩১	অন্যান্য	লট	৩.৫০	০.০১	০.২৯%
৩২	ভূমি অধিগ্রহণ	৯.৯ একর	১২৮.৭০	৬০.৭০	৪৭.১৬%
৩৩	বৈদ্যুতিক লাইন ও	৪১০০ কি:মি:	৩১১০.০০	২৬৮.৭৫	৮.৬৪%
৩৪	উপকেন্দ্র নির্মাণ	৩০ টি	৫৭৮.০০	৫২৫.০৭	৯০.৮৪%
৩৫	Price Contingency	LS	৪৫০.০০	০.০০	০.০%
	মোট		৪৬৯৮১.৭২	৪৪০৪৬.৮২	৯৩.৭৫%

১২। প্রকল্পের অর্থায়নঃ

(ক) জিওবিঃ

(লক্ষ টাকায়)

মোট	ঋণ	অনুদান	Cash Foreign Exchange
(১)	*(২)*	*(৩)*	*(৪)*
৪২৬৭৬.১০	-	৪২৬৭৬.১০	-

(খ) প্রকল্প সাহায্যঃ প্রযোজ্য নয়।

(গ) নিজস্ব অর্থায়ন: ৪৩০৬.০০ লক্ষ টাকা

১৩। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যঃ

আলোচ্য প্রকল্পের প্রকল্প পরিচালক হিসেবে নিম্নোক্ত কর্মকর্তাগণ দায়িত্ব পালন করেনঃ

কর্মকর্তার নাম	পদবী	মেয়াদ
জনাব মো: গোলাম মোস্তফা	পরিচালক, পল্লী বিদ্যুতায়ন বোর্ড	জানুয়ারি, ২০১১ হতে জুলাই, ২০১১
জনাব শৈলেন্দ্র নাথ হালদার	তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পল্লী বিদ্যুতায়ন বোর্ড	জুলাই, ২০১১ থেকে জুন, ২০১৫

১৪। পরিদর্শনঃ

আইএমই বিভাগের সহকারী পরিচালক জনাব মো: তাওসীফ রহমান ২৩ই জুলাই, ২০১৬ তারিখে খুলনা পল্লী বিদ্যুৎ সমিতি এবং ২৪জুলাই ২০১৬ তারিখে সাতক্ষীরা পল্লী বিদ্যুৎ সমিতি সরেজমিন পরিদর্শন ও তথ্য সংগ্রহ করেন। পরিদর্শনকালে প্রকল্পের সাথে সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

১৫। পর্যবেক্ষণঃ

১৫.১ খুলনা পল্লী বিদ্যুৎ সমিতি পরিদর্শন:

১৫.১.১ আলোচ্য প্রকল্পের আওতায় খুলনা পল্লী বিদ্যুৎ সমিতিতে ডিপিপি অনুযায়ী মোট ৪৩৮ কি:মি: বিতরণ লাইন নির্মাণের লক্ষ্যমাত্রা নির্ধারিত ছিল। লক্ষ্যমাত্রার বিপরীতে জুন , ২০১৫ পর্যন্ত ৪৩৯.৭২ কি:মি: বিতরণ লাইন নির্মিত হয়েছে, যা নির্ধারিত লক্ষ্যমাত্রার চেয়ে ০.৪ % বেশি।

১৫.১.২ আলোচ্য প্রকল্পের আওতায় মোট ২০২৪০ জন গ্রাহক সংযোগ সুবিধা সৃষ্টি করা হয়েছে , যার বিপরীতে জুলাই ,২০১৬ পর্যন্ত ১৯৫৭৫ জনকে সংযোগ প্রদান করা হয়েছে।

১৫.১.৩ আলোচ্য প্রকল্পের আওতায় উক্ত সমিতিতে ৮২৩৪টি পোল সরবরাহ করা হয়েছে , তন্মধ্যে জুলাই, ২০১৬ পর্যন্ত ৮০৫৭টি পোল ব্যবহার করা হয়েছে এবং ১৭৭টি পোল সমিতিতে মজুদ আছে।

১৫.১.৪ আলোচ্য প্রকল্পের আওতায় উক্ত সমিতিতে ১৪৩২৭টি মিটার সরবরাহ করা হয়েছে, তন্মধ্যে জুলাই, ২০১৬ পর্যন্ত ১৪২৪৭ টি মিটার ব্যবহার করা হয়েছে এবং ৮০টি মিটার সমিতিতে মজুদ আছে।

১৫.১.৫ আলোচ্য প্রকল্পের আওতায় ১১৩৬টি ট্রান্সফরমার সরবরাহ করা হয়েছে, তন্মধ্যে জুলাই, ২০১৬ পর্যন্ত ৯০২টি ট্রান্সফরমার ব্যবহার করা হয়েছে , ৮০ টি ট্রান্সফরমার যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ ও ১২০টি "১৮ লক্ষ গ্রাহক সংযোগ প্রকল্প"-তে সরবরাহ করা হয়েছে, এবং ৩৪টি ট্রান্সফরমার সমিতিতে মজুদ আছে।

১৫.২ সাতক্ষীরা পল্লী বিদ্যুৎ সমিতি পরিদর্শন:

১৫.১.১ আলোচ্য প্রকল্পের আওতায় সাতক্ষীরা পল্লী বিদ্যুৎ সমিতিতে ডিপিপি অনুযায়ী মোট ৪৬৪ কি:মি: বিতরণ লাইন নির্মাণের লক্ষ্যমাত্রা নির্ধারিত ছিল। লক্ষ্যমাত্রার বিপরীতে জুন , ২০১৫ পর্যন্ত ৪৭০.২৯ কি:মি: বিতরণ লাইন নির্মিত হয়েছে, যা নির্ধারিত লক্ষ্যমাত্রার চেয়ে ১.৩৬ % বেশি।

১৫.১.২ আলোচ্য প্রকল্পের আওতায় মোট ২৫৮২৭ জন গ্রাহক সংযোগ সুবিধা সৃষ্টি করা হয়েছে , যার বিপরীতে জুলাই ,২০১৬ পর্যন্ত ১৯৪৩২ জনকে সংযোগ প্রদান করা হয়েছে।

১৫.১.৩ আলোচ্য প্রকল্পের আওতায় উক্ত সমিতিতে ৬১৭১টি পোল সরবরাহ করা হয়েছে , তন্মধ্যে জুলাই, ২০১৬ পর্যন্ত ৫৮৬৪টি পোল ব্যবহার করা হয়েছে এবং ৩০৭টি পোল সমিতিতে মজুদ আছে।

১৫.১.৪ আলোচ্য প্রকল্পের আওতায় উক্ত সমিতিতে ১১৩৭০টি মিটার সরবরাহ করা হয়েছে, তন্মধ্যে জুলাই, ২০১৬ পর্যন্ত সব কয়টি মিটার ব্যবহার করা হয়েছে।

১৫.১.৫ আলোচ্য প্রকল্পের আওতায় ৯৭৪টি ট্রান্সফরমার সরবরাহ করা হয়েছে, তন্মধ্যে জুলাই, ২০১৬ পর্যন্ত ৮২৩টি ট্রান্সফরমার ব্যবহার করা হয়েছে এবং ১৫১টি ট্রান্সফরমার সমিতিতে মজুদ আছে।

১৫.৪ সার্বিকভাবে প্রকল্পের বাস্তবায়ন বিলম্ব হবার কারণঃ

বিদ্যুৎ বিভাগের অ ভিন্ন রেট শিডিউল ২০১১ সালে রিভিউ করে হালনাগাদ করা হয়। আলোচ্য প্রকল্পটিতে ২০০৭ সালের অভিন্ন রেট শিডিউল অনুসরণ করে টেন্ডার ডকুমেন্ট প্রস্তুত করা হয় , ফলশ্রুতিতে প্রকল্পের শুরুর দিকে যেসব দরপত্র আহবান করা হয়, সেগুলিতে দরদাতাদের নিকট হতে আশানুরূপ সাড়া পাওয়া যায় নি। কতিপয় ক্ষেত্রে পুনরায় দরপত্র আহবান করতে হয়েছে।

১৫.৫ প্রকল্পের Audit সংক্রান্ত তথ্যঃ

অডিট পিরিয়ড	অডিট রিপোর্ট দাখিলের তারিখ	প্রধান প্রধান পর্যবেক্ষণ/আপত্তি	নিষ্পত্তি হয়েছে কিনা (নিষ্পত্তির জন্য গৃহীত ব্যবস্থা)
২০১০-১১ হতে ২০১৩-১৪	২২/০৭/২০১৫	২২ টি আপত্তি	নিষ্পত্তি হয়েছে
২০১৪-১৫	২৭/০৭/২০১৫	৮টি আপত্তি	জবাব দেয়া হয়েছে, নিষ্পত্তির অপেক্ষায় আছে।

১৬। প্রকল্পের প্রধান প্রধান ক্রয় সংক্রান্ত তথ্যঃ

প্রকল্পের আওতায় বেশ কিছু ছোট ছোট প্যাকেজের আওতায় বিভিন্ন সমিতিতে ভৌত কাজ সম্পাদন করা হয়েছে। তন্মধ্যে ৫০.০০ লক্ষ টাকার উর্ধ্বমূল্যের দুইটি ক্রয় কার্যের বিবরণ নিম্নে প্রদান করা হলঃ

Description of procurement (goods/works/consultancy) as per bid document	Tender /Bid/ proposal cost		Tender/Bid/ proposal		Date of completion of work/Services and supply of goods
	As per DPP	Contracted value	Invitation Date	Contract signing/ LC opening Date	
1	***2***	***3***	***4***	***5***	***6***
Package: SS-10-001 Construction of Horionakundu 33/11 KV, 10 MVA Substation in JhenaidahPBS	53.50	39.87	23/11/2013	03/02/2014	20/11/2014
Package: SS-10-001 Construction of Gangni-2 (Bamundi) 33/11 KV, 10 MVA Substation in Meherpur PBS	53.73	44.47	12/03/2014	14/05/2014	04/02/2015

১৭। প্রকল্পের উদ্দেশ্য অর্জনঃ

প্রকল্পের মূল উদ্দেশ্য	প্রকৃত অর্জন
১) ৩৬১৭ কি:মি: নতুন বিতরণ লাইন নির্মাণ	১) ৩৬৪৮ কি:মি: নতুন বিতরণ লাইন নির্মাণ করা হয়েছে।
২) ৮৩ কি: মি: বিতরণ লাইন পুনর্বাসন	২) ৩৪ কি: মি: বিতরণ লাইন পুনর্বাসন করা হয়েছে।

প্রকল্পের মূল উদ্দেশ্য	প্রকৃত অর্জন
৩) ১৪টি (মোট ১০০ এমভিএ) নতুন ৩৩/১১ সাবস্টেশন নির্মাণ।	৩) ১৪টি (মোট ১০০ এমভিএ) নতুন ৩৩/১১ সাবস্টেশন নির্মাণ করা হয়েছে।
৪) ১,৪৮,০০০ গ্রাহক সংযোগ প্রদান।	৪) ১,৭৬,১৯৯ জন গ্রাহক সংযোগ প্রদান করা হয়েছে।
৫) খুলনা বিভাগের বিভিন্ন অঞ্চলের গ্রামীণ জনগোষ্ঠির মাধ্যমে জীবনযাত্রার মান উন্নয়ন।	৫) খুলনা বিভাগের ৬১ টি উপজেলায় গ্রামীণ জনগোষ্ঠির নিকট বিদ্যুৎ পৌঁছে দেবার মাধ্যমে জীবনযাত্রার মান উন্নয়নে প্রকল্পটি উল্লেখযোগ্য ভূমিকা রেখেছে।

১৮। বাস্তবায়ন সমস্যাঃ

১৮.১। পল্লী বিদ্যুৎ সমিতিগুলোতে সরবরাহকৃত ট্রান্সফর্মার , পোল ও মিটার সঠিক সময়ে লক্ষ্যমাত্রা অনুযায়ী ব্যবহার করা হয়না। প্রকল্প সমাপ্তির এক বছর পরেও খুলনা পল্লী বিদ্যুৎ সমিতিতে প্রকল্প হতে সরবরাহকৃত ৩৪ টি ট্রান্সফর্মার এবং ৮০টি মিটার মজুদ আছে। একইভাবে **সাতক্ষীরা পল্লী বিদ্যুৎ সমিতিতে প্রকল্প হতে সরবরাহকৃত ১৫১ টি ট্রান্সফর্মার মজুদ আছে।**

১৮.২। অনেক ক্ষেত্রে গ্রাহক পর্যায়ে যাবতীয় আনুষ্ঠানিকতা সম্পন্ন করার পরও বিদ্যুৎ সংযোগ পেতে বিলম্ব হয়। খুলনা পল্লী বিদ্যুৎ সমিতিতে প্রকল্পের আওতায় মোট ২০২৪০ জন গ্রাহক সংযোগ সুবিধা সৃষ্টি করা হয়েছে , যার বিপরীতে জুলাই ,২০১৬ পর্যন্ত ১৯৫৭৫ জনকে সংযোগ প্রদান করা হয়েছে। একইভাবে **সাতক্ষীরা পল্লী বিদ্যুৎ সমিতিতে আলোচ্য প্রকল্পের আওতায় মোট ২৫৮২৭ জন গ্রাহক সংযোগ সুবিধা সৃষ্টি করা হয়েছে , যার বিপরীতে জুলাই ,২০১৬ পর্যন্ত ১৯৪৩২ জনকে সংযোগ প্রদান করা হয়েছে।**

১৮.৩। নতুন নির্মিত ৩৩/১১ কেভি উপকেন্দ্র পরিচালনা করার জন্য আলাদা কোনো লোকবল নিয়োগ করার সংস্থান না থাকায় প্রয়োজন অনুযায়ী তাৎক্ষণিক লাইন বন্ধ বা চালুকরণ ও দ্রুত গ্রাহক সেবা দেয়া সম্ভব হচ্ছেনা।

১৮.৪। মাঠ পর্যায়ে পরিদর্শন করে দেখা যায় যে, অনেক সময় লাইন নির্মাণ কাজ সমাপ্ত হবার পরেও শুধুমাত্র মিটার সরবরাহ না করার কারণে দীর্ঘদিন বিদ্যুৎ সংযোগ হচ্ছেনা। সাতক্ষীরা জেলার কালীগঞ্জ উপজেলার বিষ্ণুপুর ইউনিয়নের পারুলগাছা গ্রামের অধিবাসীদের সাথে আলাপসূত্রে জানা যায় যে , লাইন নির্মাণ এবং হাউজ ওয়্যারিং -এর কাজ সমাপ্ত হবার পরেও মিটার সরবরাহ করে বিদ্যুৎ সংযোগ দেয়া হচ্ছেনা। এছাড়া কালীগঞ্জ উপজেলার অধিবাসীদের সাথে আলাপসূত্রে জানা যায় , প্রাথমিক বিদ্যালয় ও ইউনিয়ন পরিষদ কাউন্সিলের মত গুরুত্বপূর্ণ স্থাপনাগুলিতে বিদ্যুৎ সংযোগ দিতে বিলম্ব হয়।

১৮.৫। মাঠ পর্যায়ে ব্যক্তি মালিকানাধীন জমির উপর খুঁটি স্থাপনে মালিকদের পক্ষ থেকে বাধাও একটি বড় সমস্যা। জমিতে শস্য/ফসল থাকলে খুঁটি স্থাপনের কাজ করা যায় না। এছাড়া বর্ষাকালে অধিকাংশ লাইন নির্মাণের অধিকাংশ জমি পানিতে ডুবে থাকে। যার ফলে নির্দিষ্ট সময়ে লাইন নির্মাণের কাজ বাধাগ্রস্থ হয়।

১৯। সুপারিশঃ

১৯.১। প্রকল্পের আওতায় পল্লী বিদ্যুৎ সমিতিগুলোতে সরবরাহকৃত ট্রান্সফর্মার , পোল ও মিটার সঠিক সময়ে লক্ষ্যমাত্রা অনুযায়ী ব্যবহার নিশ্চিত করতে হবে(অনুঃ ১৮.১)।

১৯.২। আলোচ্য প্রকল্প সমাপ্তির পর প্রকল্পের আওতায় সংগৃহীত অব্যবহৃত মালামাল যেমন ট্রান্সফরমার , পোল, মিটার ইত্যাদি যথযথভাবে inventory প্রস্তুত করাপূর্বক যথারীতি দ্রুত ব্যবহারের প্রয়োজনীয় উদ্যোগ নিতে হবে;

১৯.৩। যে সকল গ্রাহক যাবতীয় আনুষ্ঠানিকতা সম্পন্ন করার পরও বিদ্যুৎ সংযোগ পাননি সে বিষয়ে কারণ অনুসন্ধা নপূর্বক সমস্যার সমাধান করতে হবে (অনুঃ ১৮.২)।

১৯.৪। প্রয়োজন অনুযায়ী তাৎক্ষণিক লাইন বন্ধ বা চালুকরণ ও দ্রুত গ্রাহক সেবা দেওয়ার জন্য উপকেন্দ্রে সার্বক্ষণিক দক্ষ লোকবল নিয়োগ করার বিষয়টি বিবেচনা করা যেতে পারে(অনুঃ ১৮.৩)।

১৯.৫। বিভিন্ন জনগুরুত্বপূর্ণ স্থাপনাসমূ হে (স্বাস্থ্যকেন্দ্র, প্রাথমিক বিদ্যালয় , ইউনিয়ন পরিষদ কাউন্সিল অফিস ইত্যাদি) অগ্রাধিকার ভিত্তিতে বিদ্যুৎ সংযোগ দেয়া যেতে পারে (অনুঃ ১৮.৪)।

১৯.৬। লাইন নির্মাণ ও অন্যান্য ভৌত কাজ বর্ষা মৌসুমের পূর্বেই সমাপ্ত করার জন্য সচেষ্ট হতে হবে এবং ঠিকাদারগণোকে সেভাবে দিক নির্দেশনা দিতে হবে (অনুঃ ১৮.৫)।

১৯.৭। আগামী ২(দুই) মাসের মধ্যে উপর্যুক্ত সুপারিশসমূহ (১৯.১ হতে ১৯.৬) বাস্তবায়নে গৃহীত ব্যবস্থাবলী যথাশীঘ্র আইএমইডি'কে অবহিত করতে হবে।

Emergency Rehabilitation & Expansion of Urban Areas Power Distribution System under Rajshahi zone" শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত: ডিসেম্বর, ২০১৪)

১। **প্রকল্পের নামঃ** "Emergency Rehabilitation & Expansion of Urban Areas Power Distribution System under Rajshahi zone"

২। **উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগঃ** বিদ্যুৎ বিভাগ; বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়

৩। **বাস্তবায়নকারী সংস্থাঃ** বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বিউবো)

৪। **প্রকল্পের অবস্থানঃ**
পঞ্চগড়, দিনাজপুর, নিলফামারী, লালমনিরহাট, গাইবান্ধা, কুড়িগ্রাম, চাপাইনবাবগঞ্জ, রাজশাহী, নাটোর, নওগাঁ, পাবনা এবং বগুড়া জেলা।

৫। **প্রকল্পের ব্যয় ও বাস্তবায়ন সময়ঃ**

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়ন কাল		প্রকৃত বাস্তবায়ন কাল	অতিক্রান্ত ব্যয় (মূল অনুমোদিত প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল অনুমোদিত বাস্তবায়ন কালের %)
মূল (প্র: সা:)	সর্বশেষ সংশোধিত (প্র:সা:)		মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
৮৪৩১.০০ (০.০০)	১১০০১.৪৮ (০.০০)	১০৫২৯.৯৯	জুলাই, ২০০৮ হতে জুন, ২০১১	জুলাই, ২০০৮ হতে ডিসেম্বর, ২০১৪	জুলাই, ২০০৮ হতে ডিসেম্বর, ২০১৪	২০৯৮.৯৯ (২৪.৮%)	৩.৫ বছর (১১৬.৬৬%)

৬। **কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ** সরেজমিনে পর্যবেক্ষণ ও PCR অনুযায়ী প্রকল্পের কোন কাজ অসমাপ্ত নেই।

৭। **প্রকল্পের উদ্দেশ্য ও পটভূমিঃ**

৭.১। **প্রকল্পের উদ্দেশ্যঃ**
প্রকল্পের প্রধান উদ্দেশ্য হলো বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের রাজশাহী ও রংপুর বিভাগের বিদ্যমান বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার সম্প্রসারণ, আধুনিকীকরণ এবং ক্ষমতা বৃদ্ধি করা।

৭.২। **প্রকল্পের পটভূমিঃ**
দেশের সামগ্রিক উন্নয়ন নিশ্চিত করার লক্ষ্যে পর্যাপ্ত ও নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ করা জরুরী। দেশের অর্থনৈতিক কর্মকান্ডের ব্যাপক প্রসার , দ্রুত নগরায়ন এবং ক্রমবর্ধমান শিল্পায়নের কারণে বি দ্যুতের চাহিদা পূর্বের তুলনায় অনেক বৃদ্ধি পেয়েছে। ক্রমবর্ধমান বিদ্যুৎ চাহিদা পূরণে বিদ্যুৎ উৎপাদন বৃদ্ধির সাথে সাথে দেশের বিদ্যমান বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার সম্প্রসারণ, আধুনিকীকরণ এবং ক্ষমতা বৃদ্ধি করা প্রয়োজন। দেশের রাজশাহী এবং রংপুর বিভাগের ২৪টি ছোট শহরে বিদ্যুৎ বিতরণ ব্যবস্থায় বিভিন্ন সমস্যার কারণে উক্ত এলাকার ক্রমবর্ধমান বিদ্যুৎ চাহিদা পূরণ কঠিন হয়ে পড়ে। উক্ত শহরগুলোতে প্রয়োজনীয় বিদ্যুৎ বিতরণ লাইন না থাকা , সঠিক স্থানে ও পর্যাপ্ত সংখ্যক বিদ্যুৎ বিতরণ উপকেন্দ্রের অভাব, বিদ্যমান উপকেন্দ্রগুলোর ক্ষমতা চাহিদা র তুলনায় অপর্যাপ্ত হওয়া প্রভৃতি কারণে সরবরাহকৃত এলাকায় সিস্টেম লস, লো-ভোল্টেজ এবং ঘন -ঘন বিদ্যুৎ বিভ্রাটসহ বহুবিধ সমস্যা বিরাজমান ছিল। এ সমস্ত সমস্যার সমাধানকল্পে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড কর্তৃক আলোচ্য প্রকল্পটি বাস্তবায়নের উদ্যোগ নেয়া হয়।

৮। প্রকল্পের অনুমোদন অবস্থাঃ

প্রকল্পটি মোট ৮৪৩১.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে ২০০৮-০৯ হতে ২০১০-১১ মেয়াদে বাস্তবায়নের জন্য একনেক কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে সংশোধিত প্রকল্পটি ১১০০১.৪৮ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই ২০০৮ হতে জুন ২০১৪ মেয়াদে বাস্তবায়নের জন্য ০৫/০২/২০১৪ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়।

৯। প্রকল্পের অর্থায়নঃ

(ক) জিওবি:

(লক্ষ টাকায়)

মোট	ঋণ	অনুদান	Cash Foreign Exchange
(১)	(২)	(৩)	(৪)
১০২৪৬.৩৪	৪০৯৮.৫৪ (৪০%)	৬১৪৭.৮০ (৬০%)	--

(খ) প্রকল্প সাহায্য: নেই।

(গ) নিজস্ব অর্থায়ন: ৭৫৫.১৪ লক্ষ টাকা।

১০। প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়নঃ

বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড থেকে প্রাপ্ত Project Completion Report (পিসিআর) অনুযায়ী প্রকল্পটির অংগভিত্তিক অগ্রগতি নিম্নে বর্ণনা করা হল:

(লক্ষ টাকায়)

SL. No.	Description	Unit	Target As per DPP		Actual Progress	
			Physical	Financial	Physical	Financial
1	**Land Development**	**cum**	**10000**	**10**		**0.00**
	Sub Total-1			**10**		**0.00**
2	**Distribution Lines (in km).**					
a)	33 KV Lines (New)	km	7.5	143.64	100%	138.33
b)	33 KV Lines (Renovation)	km	70	631.27	100%	604.583
c)	11 KV Lines (New)	km	134	1300.04	100%	1251.939
d)	11 KV Lines (Renovation)	km	10	72.5	100%	69.818
e)	11/0.4 KV Lines (New)	km	135	2416.5	100%	2327.09
f)	11/0.4 KV Lines (Renovation)	km	2	29.11	100%	28.033
g)	0.4 KV Lines (New)	km	160	1621.05	100%	1561.071
h)	0.4 KV Lines (Renovation)	km	46	347.85	100%	334.980
	Sub Total-2			**6561.95**		**6315.84**
3	**33/11 KV Sub Stations**					
a)	5 MVA (4.1.67 MVA) (New) (5 Nos.)	Nos	5	1381.4	100%	1359.298
b)	1x5 MVA (Renovation)	Nos	1	75.71	100%	73.363
c)	2x5 MVA (Renovation)	Nos	2	287.49	100%	257.490
d)	2.5 MVA (Renovation)	Nos	1	54.49	100%	52.801
	Sub Total-3			**1799.08**		**1742.952**
4.	**Distribution Sub-**					

SL. No.	Description	Unit	Target As per DPP		Actual Progress	
			Physical	Financial	Physical	Financial
	stations					
a)	11/0.4 KV, 250 KVA (New) (76 Nos.)	Nos	76	446.44	100%	426.797
b)	11/0.4 KV, 100 KVA (New) (77 nos)	Nos	77	293.74	100%	280.815
c)	11/0.4 KV, 200/250 KVA (Renovation)	Nos	13	12.21	100%	11.673
d)	11/0.4 KV, 100 KVA (Renovation)	Nos	17	15.08	100%	14.416
	Sub Total-4			**767.47**		**733.701**
	Total Material Cos (Sub Total: 2-4)			**9128.5**		**8792.49**
5.	**Transport Vehicles**					
a)	Jeep		1	38.98	100%	38.98
b)	Double Cabin Pick-up		2	34.42	100%	34.42
c)	Motor Cycle		3	3.3	100%	3.30
	Sub Total-5			**76.70**		**76.70**
6	**Others**					
a)	Salary of Manpower		41	161.09		172.67
b)	Field Establishment		LS	425.01		421.65
c)	Interest During Construction (IDC)			169.04		115.19
	Sub Total-6			**755.14**		**709.51**
7	**Capital Expenditure**					
a)	Internal Transpiration		LS	397.09	100%	395.01
b)	Installation Cost		LS	634.05	100%	556.28
c)	Physical Construction		LS	0.00		0.00
d)	Price Escalation		LS	0.00		0.00
e)	Interest During Construction (IDC)		LS	0.00		0.00
f)	Miscellaneous		LS	0.00		0.00
	Sub-Total-7			**1031.14**		**951.29**
	Grand Total (1to 7)			**10246.34**		**9820.48**

১১। পরিদর্শন:

আইএম ই বিভাগের সহকারী পরিচালক জনাব মোঃ তাওসীফ রহমান কর্তৃ ক ৫-৭ ডিসেম্বর ২০১৫ তারিখে প্রকল্প এলাকার নওগাঁ, রাজশাহী ও বগুড়া জেলা অংশ পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্প পরিচালকসহ অন্যান্য সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ উপস্থিত থেকে সহায়তা প্রদান করেন।

১২। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:

প্রকল্পটির অনুকূলে এ পর্যন্ত দায়িত্ব পালনকারী প্রকল্প পরিচালকদের নাম , পদবী, দায়িত্বের ধরন ও দায়িত্বের মেয়াদ নিম্নরূপ :

ক্রম নং	প্রকল্প পরিচালকের নাম	পদবী	দায়িত্বের ধরন	দায়িত্বের মেয়াদ
১	প্রকৌ: মো: হাসানুজ্জামান	তত্ত্বাবধায়ক প্রকৌশলী	অতিরিক্ত দায়িত্ব	জুলাই, ২০০৮ হতে জুন ১৪, ২০০৯ পর্যন্ত
২	প্রকৌ: মো: আরজাদ হোসেন	তত্ত্বাবধায়ক প্রকৌশলী	অতিরিক্ত দায়িত্ব	জুন ১৪, ২০০৯ হতে আগস্ট ২৩, ২০০৯ পর্যন্ত
৩	প্রকৌ: এ.এম. মাসুদ-আল-ফারুক	তত্ত্বাবধায়ক প্রকৌশলী	পূর্ণকালীন	আগস্ট ২৩, ২০০৯ হতে মে ২৭, ২০১২ পর্যন্ত
৪	মো: হযরত আলী	তত্ত্বাবধায়ক প্রকৌশলী	পূর্ণকালীন	মে ২৭, ২০১২ হতে ডিসেম্বর ৩১, ২০১৪

১৩। পর্যবেক্ষণ /বাস্তবায়ন সমস্যা:

১৩.১। **লাইন নির্মাণ :** প্রকল্পের আওতায় ৭.৫ কিঃ মিঃ ৩৩ কেভি লাইন নির্মাণ এবং ৭০ কিঃ মিঃ ৩৩ কেভি লাইন রিনোভেশনের লক্ষ্যমাত্রা নির্ধারিত ছিল; যা শতভাগ অর্জিত হয়েছে।

১৩.২। **বিতরণ ট্রান্সফর্মার :** প্রকল্পের আওতায় ৭৬ টি ২৫০ কেভি ট্রান্সফর্মার ৭৭ টি ১০০ কেভি ট্রান্সফর্মার ক্রয় এবং স্থাপনের লক্ষ্যমাত্রা নির্ধারিত ছিল; যা শতভাগ অর্জিত হয়েছে।

১৩.৩। **যানবাহন:** প্রকল্পের আওতায় ১ টি জীপ , ২টি ডাবল কেবিন পিক-আপ এবং ৩টি মটর সাইকেল ক্রয় করা হয়েছে; যার সবগুলি বিপিডিবি'র অপারেশন এন্ড মেইনটেনেন্স বিভাগে হ্যান্ডওভার করা হয়েছে।

১৩.৪। **প্রকল্পের জনবল::** প্রকল্পের শুরুতে জনবল নিয়োগে প্রায় ১(এক) বছর বিলম্ব হয়েছে। এছাড়া প্রকল্পটির ডিপিপি অনুযায়ী নির্ধারিত সব জনবল প্রকল্প চলাকালীন কখনও নিয়োগ দেয়া হয়নি। ডি পিপির অনুযায়ী সংস্থান অনুযায়ী নির্ধারিত জনবল সময়মত নিয়োগ দিতে না পারার কারণে বাস্তবায়ন কার্যক্রম বিঘ্নিত হয়েছে।

১৩.৫। **প্রকল্প সংশোধন:** মূল অনুমোদিত ডিপিপি 'র তুলনায় বৈদ্যুতিক মালামালের মূল্য বৃদ্ধি পাওয়াতে প্রকল্প সংশোধন প্রয়োজন হয়। ডিপিপি সংশোধন এবং অনুমোদনে যথেষ্ট সময় ব্যয় হয়েছে।

১৩.৬। প্রকল্পের অনুকূলে ৫(পাঁচ) টি রুরাল টাইপ ৩৩/১১ কেভি সাবস্টেশন নির্মাণ করা হয়েছে। সাবস্টেশন নির্মাণের জন্য টার্ণকী ঠিকাদার নিয়োগে যথেষ্ট বিলম্ব হয়েছে। ফলে নির্ধারিত সময়ে নির্মাণকাজ শেষ করা সম্ভব হয়নি। রুরাল টাইপ সাবস্টেশন নির্মাণে জিআইএস সাবস্টেশনের তুলনায় অধিকতর বেশি পরিমাণ জমির প্রয়োজন হয়।

১৩.৭। প্রকল্পের External Audit সংক্রান্ত তথ্য:

অডিট পিরিয়ড	অডিট রিপোর্ট দাখিলের তারিখ	প্রধান প্রধান পর্যবেক্ষণ/আপত্তি	নিষ্পত্তি হয়েছে কিনা (নিষ্পত্তির জন্য গৃহীত ব্যবস্থা)
২০১২-১৩	০৬/০১/২০১৫	<u>অনুচ্ছেদ নং-০১</u> বৈদ্যুতিক ট্রান্সফরমার ক্রয় বাবদ ২২,৫০,দ০০০/- টাকা অতিরিক্ত পরিশোধ। সরকারী অর্থের অপচয়।	উত্থাপিত আপত্তির নিষ্পত্তিমূলক জবাব প্রদান করা হয়েছে।
		<u>অনুচ্ছেদ নং-০২</u> প্রকল্পের সম্পাদিত কাজের ইন্সুরেন্স (বীমা) না করায় ইন্সুরেন্স প্রিমিয়া ম ও ভ্যাট বাবদ ৮,৭৩,৭৩৪/- টাকা অনাদায়।	উত্থাপিত আপত্তির নিষ্পত্তিমূলক জবাব প্রদান করা হয়েছে।

		অনুচ্ছেদ নং-০৩ ব্যাংক হিসাবে জমাকৃত সুদের টাকা সরকারী কোষাগারে জমা প্রদান করা হয়নি। জড়িত টাকার পরিমাণ ৮,৬৩,১১২/- টাকা।	উত্থাপিত আপত্তির নিষ্পত্তিমূলক জবাব প্রদান করা হয়েছে।
		অনুচ্ছেদ নং-০৪ বৈদ্যুতিক মালামালের মূল্য বাবদ ২০১২-২০১৩ অর্থ বছরে বিআরবি কেবল ইন্ডাষ্ট্রিজ লি :, কুষ্টিয়াকে ২৫,৯৭,৮৪০/- টাকা অতিরিক্ত পরিশোধ।	উত্থাপিত আপত্তির নিষ্পত্তিমূলক জবাব প্রদান করা হইয়াছে।
		অনুচ্ছেদ নং-০৫ ক্রয়কৃত ১৫,৩০,৫৯,৩৭০/- টাকার বৈদ্যুতিক মালামালের গুণগত মান যাচাই ছাড়াই তা কাজে ব্যবহার। সরকারী অর্থের অপচয়।	উত্থাপিত আপত্তির নিষ্পত্তিমূলক জবাব প্রদান করা হইয়াছে।
		অনুচ্ছেদ নং-০৬ প্রকল্পের মেয়াদ সমপনান্তে অব্যয়িত টাকা সমর্পণ প্রসংগে। অব্যয়িত ৬,৪১,৪৮,০০০/- টাকা।	উত্থাপিত আপত্তি র নিষ্পত্তিমূলক জবাব প্রদান করা হইয়াছে।
		অনুচ্ছেদ নং-০৭ প্রকল্পের মেয়াদ সমাপ্ত হলেও গুদামে রক্ষিত ২,৮০,২৫,৩২৪/- টাকার অব্যবহৃত বৈদ্যুতিক মালামাল বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের কেন্দ্রীয় গুদামে ফেরৎ প্রদান করা হয়নি।	উত্থাপিত আপত্তির নিষ্পত্তিমূলক জবাব প্রদান করা হইয়াছে।

১৪। প্রকল্পের প্রধান প্রধান ক্রয় সংক্রান্ত তথ্য

(লক্ষ টাকা)

Description of procurement (goods/works/consultancy) as per bid document	Tender /Bid/ proposal cost		Tender/Bid/ proposal		Date of completion of work/Services and supply of goods
	As per DPP	Contracted value	Invitation Date	Contract signing/ LC opening Date	
1	*2*	*3*	*4*	*5*	*6*
5 Nos 33/11 KV, 4x 1.667 MVA Rural Type Substation (Turn key contract)	1381.40	1381.40	15/05/2012	12/12/2012	27/02/2014

১৫। প্রকল্পের উদ্দেশ্য অর্জন:

প্রকল্পের মূল উদ্দেশ্য	প্রকৃত অর্জন
ক) প্রকল্প এলাকায় বিদ্যুৎ বিতরণ লাইন এবং উপকেন্দ্রসমূহের ক্ষমতা বৃদ্ধি করে বিতরণ ব্যবস্থা শক্তিশালী করা।	ক) প্রকল্পের আওতায় ৫(পাঁচ)টি রুরাল টাইপ ৩৩/১১ কেভি সাবস্টেশন নির্মাণ করা হয়েছে। নতুন ৭.৫ কিমিঃ ৩৩ কেভি লাইন নির্মাণ এবং ৭০ কিঃ মিঃ ৩৩ কেভি লাইন রিনোভেশন করা হয়েছে। প্রকল্পের আওতায় ৭৬ টি ২৫০ কেভি ট্রান্সফর্মার ও ৭৭ টি ১০০ কেভি ট্রান্সফর্মার ক্রয় এবং স্থাপন করা হয়েছে।
খ) লো ভোল্টেজ সমস্যা নিরসন করা এবং সিস্টেম লস কমানো।	খ) প্রকল্প এলাকায় লো ভোল্টেজ সমস্যা উল্লেখযোগ্য পরিমাণে হ্রাস পেয়েছে এবং সিস্টেম লস কমেছে।
গ) দেশের মানুষের আর্থ -সামাজিক অবস্থার উন্নয়ন ত্বরান্বিত করা।	গ) নিরবিছিন্ন বিদ্যুৎ সরবরাহ করার মাধ্যমে দেশের মানুষের আর্থ -সামাজিক অবস্থার উন্নয়ন ত্বরান্বিত করা সম্ভব হবে।

১৬। সুপারিশ:

১৬.১। ভবিষ্যতে বিদ্যুৎ বিতরণধর্মী প্রকল্পে দেশের মূল্যবান কৃষি জমি সাশ্রয়ের জন্য রুরাল টাইপ সাবস্টেশনের পরিবর্তে জিআইএস সাবস্টেশনের সংস্থান রাখা সমীচীন হবে;

১৬.২। ভবিষ্যতে ডিপিপি প্রণয়ন এবং প্রকল্প বাস্তবায়নের সময় অধিকতর সর্তকতা অবলম্বন করতে হবে যাতে এত বেশি Time Over Run ও Cost Over Run এড়িয়ে যাওয়া সম্ভব হয়;

১৬.৩। প্রকল্পের আওতায় সরবরাহকৃত বিতরণ ট্রান্সফর্মারগুলি যথাযথভাবে রক্ষণাবেক্ষণ করার এবং স্টক রেজিস্টার মেইনটেইন করার উদ্যোগ গ্রহণ করতে হবে;

১৬.৪। ভবিষ্যতের জন্য পরিকল্পনাধীন বিপিডিবি 'র বিতরণধর্মী প্রকল্পের কা জের সাথে যেন এই প্রকল্পের কোন কাজের বিশেষতঃ বিদ্যমান বিতরণ লাইন পুনর্বাসন কাজের যেন দ্বৈততা না হয় সে বিষয়ে সতর্ক থাকতে হবে;

১৬.৫। আগামী ৩(তিন) মাসের মধ্যে উপর্যুক্ত সুপারিশসমূহ (১৬.১ হতে ১৬.৪) বাস্তবায়নে গৃহীত ব্যবস্থাবলী আইএমইডি 'কে অবহিত করতে হবে।

"পল্লী বিদ্যুতায়ন সম্প্রসারণ চট্টগ্রাম-সিলেট বিভাগীয় কার্যক্রম-১" শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত : জুন, ২০১৫)

১। প্রকল্পের নাম ঃ "পল্লী বিদ্যুতায়ন সম্প্রসারণ চট্টগ্রাম-সিলেট বিভাগীয় কার্যক্রম-১" শীর্ষক প্রকল্প

২। উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ ঃ বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানি ও খণিজ সম্পদ মন্ত্রণালয়।

৩। বাস্তবায়নকারী সংস্থা ঃ বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, (বিআরইবি)।

৪। প্রকল্প এলাকা ঃ চট্টগ্রাম-সিলেট বিভাগের ৯টি জেলার ৭৩টি উপজেলা এবং ঢাকা বিভাগের মুন্সীগঞ্জ জেলার গজারিয়া উপজেলা।

৫। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় ঃ

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়ন কাল	অতিক্রান্ত ব্যয় (মূল অনুমোদিত প্রাক্কলিত ব্যয়ের%	অতিক্রান্ত সময় (মূল অনুমোদিত বাস্তবায়ন কালের %)
মূল (প্র: সা:)	সর্বশেষ সংশোধিত (প্র:সা:)		মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
৪৯৭৭৬.৮১ (১০০০০.০০)	৫৭৫৪১.১২ (১০০০০.০০)	৫৩৯২৮.৫৭	০১/০৭/২০১০ হতে ৩০/০৬/২০১৪	০১/০৭/২০১০ হতে ৩০/০৬/২০১৫	০১/০৭/২০১০ হতে ৩০/০৬/২০১৫	৪১৫১.৭৬ (৮.৩৪%)	১ বছর (২৫%)

৬। প্রকল্পের অর্থায়ন ও উৎস ঃ

প্রকল্পটি বাংলাদেশ সরকার (জাপানী ঋন মওকুফ তহবিল (JDCF)সহ) ও বিআরইবি'র নিজস্ব অর্থায়নে বাস্তবায়িত হয়েছে। বাংলাদেশ সরকার ও বিআরইবি'র নিজস্ব অর্থের ব্যয়ের পরিমান যথাক্রমে ৪৭৬৮৪.৫৫ লক্ষ টাকা ও ৬২৪৪.০২ লক্ষ টাকা।

৭। পটভূমিঃ

২০২০ই সালের মধ্যে বাংলাদেশের পল্লী অঞ্চলের সকল গ্রামে বিদ্যুৎ পৌঁ ছে দেওয়ার লক্ষ্যে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃক "এলাকা ভিত্তিক পল্লী বিদ্যুতায়ন কার্যক্রম "এর এক মহা পরিকল্পনা প্রণয়ন করা হয় ; যার অংশ হিসাবে চট্টগ্রাম -সিলেট বিভাগের ৯টি জেলার ৭৩টি উপজে লা এবং ঢাকা বিভাগের মুন্সীগঞ্জ জেলার গজারিয়া উপজেলায় বিদ্যমান বৈ দ্যুতিক লাইন সম্প্রসারণের জন্য আলোচ্য প্রকল্পটি গ্রহন করা হয়।

০৮। **উদ্দেশ্য**: গ্রামাঞ্চলে বিদ্যুৎ সরবরাহের মাধ্যমে আর্থ-সামাজিক উন্নয়ন এ প্রকল্পের প্রধান উদ্দেশ্য।

০৯। **প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রম:**

- ৩৭৯৫ কিঃমিঃ (৩৩/১১ কেভি)বৈদ্যুতিক লাইন নির্মাণ এবং ৭০৫ কি: মি: বিদ্যুৎ লাইনের সংস্কার;
- ১১টি নতুন উপকেন্দ্র নির্মাণ (প্রতিটি ১০ MVA ক্ষমতা সম্পন্ন)এবং চলমান ৫টি উপকেন্দ্রের সক্ষমতা বৃদ্ধি;
- ১,৮০,০০০ নতুন গ্রাহকের বিদ্যুৎ সংযোগ প্রদানের সক্ষমতা সৃষ্টি;

১০। কাজ অসমাপ্ত থাকলে তার কারণ: PCR হতে প্রাপ্ত তথ্য পর্যালোচনা করে দেখা যায় প্রকল্পের কোন কাজ অসমাপ্ত নেই।

১১। প্রকল্প অনুমোদনের অবস্থা: মূল প্রকল্পটি ২৪ আগষ্ট ২০১০ তারিখে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক) কর্তৃক ৪৯৭৭৬.৮১ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই ২০১০ হতে জুন ২০১৪ মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়। পরবর্তীতে সংশোধিত প্রকল্পটি ২৬/০৯/২০১৩ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক ৫৭৫৪১.১২ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই,২০১০ হতে জুন, ২০১৫ মেয়াদে বাস্তবায়নের নিমিত্ত অনুমোদিত হয়।

১২। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:

ক্রমিক	প্রকল্প পুরিচালকের নাম	মেয়াদ	দায়িত্বের ধরণ	পদমর্যাদা
১	জনাব পল্লব কুমার	২৬ সেপ্টেম্বর ২০১০ হতে ৩১ ডিসেম্বর ২০১৩	পূর্ণকালীন	তত্ত্বাবধায়ক প্রকৌশলী
২	জনাব এ.কে.এম হুমায়ন কবির	১জানুয়ারী ২০১৪ হতে ২৬ সেপ্টেম্বর ২০১৪	পূর্ণকালীন	তত্ত্বাবধায়ক প্রকৌশলী
৩	জনাব সরোজ কুমার সাহা	২৭ সেপ্টেম্বর ২০১৪ হতে ৩০জুন ২০১৫	এডিশনাল	তত্ত্বাবধায়ক প্রকৌশলী

১৩। প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন:

বিদ্যুৎ, জ্বালানী ও খানিজ সম্পদ মন্ত্রণালয়/ বিদ্যুৎ বিভাগ হতে প্রাপ্ত **PCR** (Project Completion Report) এবং **RDPP** এর তথ্য অনুযায়ী প্রকল্পটির অংগভিত্তিক বাস্তব ওআর্থিক আগ্রগতি নিম্নরূপঃ

Item of work (as per PP)	Target (as per DPP)		Actual Progress		Reasons for deviation
	Financial (In Lac Taka)	Physical Unit	Financial In Lac Taka)	Physical Unit	
1	*3*	*4*	*5*	*6*	*7*
a. Revenue:					
1. Pay of Officers	139.80	Total-82 Nos. (Officer-30 Nos. & Staff-52 Nos.)	56.58	Total-82 Nos. (Officer-30 Nos. & Staff-52 Nos.)	Nos. of Recruited Manpower is less due to unavailability of competent candidate & some have been left the service
2. Pay of Employees	150.54		60.77		
Allowances					
3. Housing Allowance	178.95		56.31		
4. Festival Allowance	48.39		16.52		
5. Medical Allowance	29.10		12.86		
6. Tiffin Allowance	4.68		1.91		
7. Transport Allowance	4.66		0.04		
8. Others Allowance (Gratuity, Deputation Allowance, Other Allowances if necessary)	83.76		36.04		
Supplies & Services					
9. Travelling Allowance	42.00		31.89		Actual cost is less due to less requirement during execution of the project.
10. Office Rent	15.00		9.77		
11. Telephone	3.00		2.40		
12. Water & Sewerage	0.70		0.12		
13. Electricity	4.32		0.65		
14. Gas & Fuel	0.14		0.00		

Item of work (as per PP)	Target (as per DPP)		Actual Progress		Reasons for deviation
	Financial (In Lac Taka)	Physical Unit	Financial In Lac Taka)	Physical Unit	
1	*3*	*4*	*5*	*6*	*7*
15. Petrol & Lubricant for Vehicle	50.00	16 Nos. PBSs Total Line-4500 km, New-3795 km, Reno-705 km, Total S/S-16 nos. (New) =11 Nos. Upgradation-5 Nos.	17.15	16 Nos. PBSs Total Line-4442.00 km, New-3780 km, Reno-662 km, Total S/S-16 nos. (New) =11 Nos. Upgradation-5 Nos.	
16. Insurance & Bank charge	445.00		299.96		
17. Printing & Publication	15.00		12.96		
18. Stationary, Seal & Stamps	15.00		8.00		
19.Training	10.00		0.40		
20. Entertainment	15.00		4.88		
21. Transportation & Landing Charge	1000.00		530.09		
22. Local Consultant for Engineering, Design & Supervision	560.00		520.42		
23. Inspection & Testing Fee	30.00		0.00		
Maintenance & Rehabilitation					
24. Vehicle	50.00		8.32		Actual cost is less due to less requirement during execution of the project.
25. Furniture	0.48		0.18		
26. Computer & Office Equipment	1.18		0.55		
27. Others	10.00		0.47		
b. Capital Components		Total-3 Nos. (Jeep-1 Nos. Pick up (Double Cabin with Canopy)-1 Nos. Froklift-1 Nos.		Total-3 Nos. (Jeep-1 Nos. Pick up (Double Cabin with Canopy)-1 Nos. Froklift-1 Nos.	Less cost is required due to competitive Bidding.
Asset Procurement					
28. Transport Vehicle	171.33		142.33		
29. Equipment & Materials	47696.88		46685.99		
(i) Line Construction Materials & Substation Materials					
30. Computer & Accessories	5.30		5.27		
31. Furniture	8.36		5.96		
Land Acquisition/Purchase					
32. Land Acquisition	295.00	2.64 Acres	108.78	2.64 Acres	
Construction & works					
33. Land Development		16 Nos. PBSs Total Line-4500 km, New-3795 km, Reno-705 km, Total S/S-16 nos. (New) =11 Nos. Upgradation-5 Nos.		Total Line 4442.00 km, (New-3780 Renovation-662) Total S/S -16 nos. (New) =11 Nos. Upgradation-5 Nos.	Actual cost is less due to less requirement during execution of the project.
34. Erection & Installations of Electrical Line & Substation	4143.66		3817.99		
(i) Electrical Line					
(ii) Sub - station					
(iii) Sub-station Up-gradation					
35. CD-VAT	1600.00		1500.00		Actual cost is less due to less

Item of work (as per PP)	Target (as per DPP)		Actual Progress		Reasons for deviation
	Financial (In Lac Taka)	Physical Unit	Financial In Lac Taka)	Physical Unit	
1	*3*	*4*	*5*	*6*	*7*
					requirement during execution of the project.
Misc, Capital Expenditure					
36. Unforeseen cost	30.00		0.00		Due to no requirement
C. Price Contingency	685.88		0.00		Due to no requirement
Total: (a+b+c)	**57541.12**		**53928.57**		

নোট: প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ৫৭৫৪১.১২ লক্ষ টাকার বিপরীতে ৫৩৯২৮.৫৭ লক্ষ টাকা ব্যয় হয়েছে।

১৪। প্রকল্পের অডিট সংক্রান্ত তথ্য: প্রাপ্ত পিসিআর হতে দেখা যায় গত ২৬ জুন ২০১৪ তারিখ এবং ৫ সেপ্টেম্বর ২০১৫ তারিখে Internal অডিট হয়েছে; এতে মোট ৩১ findings এর মধ্যে ২২ টি নিষ্পত্তি হয়েছে এবং বাকী ৯ টি findings নিষ্পত্তির জন্য প্রক্রিয়াধীন আছে। এছাড়া ৭ আগষ্ট ২০১২, ৬ মার্চ ২০১৩ এবং ১৫ সেপ্টেম্বর ২০১৪ তারিখে External অডিট হয়েছে যার মধ্যে মোট ১৫ টি Findings এর মধ্যে ৬ টি নিষ্পত্তি হয়েছে এবং বাকী ৯ টি findings নিষ্পত্তির জন্য প্রক্রিয়াধীন আছে।

১৫। প্রকল্প পরিদর্শন:

বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের বিদ্যুৎ বিভাগ হতে প্রকল্পের পিসিআর প্রাপ্তির পর আইএমইডি কর্তৃক প্রকল্পটির সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন প্রনয়নের নিমিত্ত আইএমইডি 'র শিল্প ও শক্তি সেক্টরের উপ -পরিচালক মুহাম্মদ কামাল হোসেন তালুকদার কর্তৃক গত ৩১ অক্টোবর, ২০১৫ তারিখে চট্টগ্রাম জেলার চট্টগ্রাম পলস্নী বিদ্যুৎ সমিতি-১ এর আওতাধীন আনোয়ারা ও বাঁশখালী উপজেলায় আলোচ্য প্রকল্পের আওতায় নির্মিত ৩৩/১১কেভি সাব-স্টেশন ও চলমান বিদ্যুৎ লাইন পরিদর্শন করা হয়। উক্ত পরিদর্শনকালে আলোচ্য প্রকল্পের প্রকল্প পরিচালক এবং নির্বাহী প্রকৌশলীসহ প্রকল্পের সাথে সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড চট্রগ্রাম পল্লী বিদ্যুৎ (পবিস ১) সমিতির জেনারেল ম্যানেজার এর দপ্তর হতে প্রাপ্ত তথ্যের আলোকে চট্রগ্রাম জেলার বিভিন্ন উপজেলায় বিদ্যুৎ লাইন নির্মাণ ও সম্প্রসারণ সংক্রান্ত তথ্যাদি নিম্নরূপ:

অন্তর্ভুক্ত থানা/উপজেলা	উপজেলা ওয়ারী মোট বরাদ্দ (কিঃমিঃ)	প্রকল্পের শুরু হতে জুন ২০১৫ পর্যন্ত সময়ে মোট অগ্রগতি (কিঃমিঃ)	নতুন গ্রাহক সংযোগ সুবিধা সৃষ্টি	সংযোগকৃত গ্রাহক সংখ্যা	মন্তব্য
পটিয়া	২.১২	১.৯৯	১১৪	৭৫	বর্তমানে উক্ত প্রকল্পের অধীনে নির্মানাধীন আর কোন বিদ্যুৎ লাইন নেই।
কর্ণফুলী	৪.৯২	২.৬৫	২২১	৬১	
আনোয়ারা	৩১.৬৫	২৯.১১	১৯৪০	১৭১২	
বোয়ালখালী	৪.০৯	৩.৮৭	১৮০	১৪০	
লোহাগাড়া	৩৮.৮০	৩৫.৫৫	১৯৭০	১৭৪৭	
বাঁশখালী	৯০.১৭	৮৫.০৮	৫৮১৫	৫০৫১	
চন্দনাইশ	১৮.৬৬	১৪.২৩	৭২০	৬০২	
সাতকানিয়া	৮৪.৫৯	৮৩.৬৭	৩৯২২	৩২০০	
মোট =	**২৭৫.০০কি:মি:**	**২৫৬.১৪ কি:মি:**	**১৪৮৮২**	**১২৫৮৮**	

উল্লিখিত সারণী হতে দেখা যায় আলোচ্য প্রকল্পের আওতায় চট্রগ্রাম জেলার ৮টি উপজেলায় মোট ২৭৫ কি: মি: বরাদ্দের বিপরীতে প্রকল্প মেয়াদে ২৫৬.১৪ কি: মি: বিদ্যুৎ লাইন নির্মাণ করা হয়েছে; যা মোট লক্ষ্য মাত্রা হতে ১৮.৮৬ কি: মি: কম। এ প্রসঙ্গে প্রকল্প পরিচালক বলেন বাস্তবে বিদ্যুৎ লাইন সম্প্রসারণের কাজ করতে গিয়ে অনেক সময় কিছু কিছু এলাকায় existing ওয়ান ফেইজ লাইনকে থ্রি ফেইজ লাইন এবং নিম্ন ক্ষমতা সম্পন্ন তার ও খুঁটি পরিবর্তন করে উচ্চ ক্ষমতা সম্পন্ন লাইন নির্মাণের জন্য upgradation কাজ করতে হয় বিধায় অনেক ক্ষেত্রে মোট অর্জন এবং ডিপিপিতে উল্লিখিত লক্ষ্য মাত্রার মধ্যে সামান্য তারতম্য থেকে যায়। পরিদর্শিত আনোয়ারা ও বাঁশখালী উপজেলার প্রকল্প বাস্তবায়ন অবস্থা নিম্নে উলেস্নখ করা হল:

১৫.১। আনোয়ারা উপজেলা ঃ আনোয়ারা উপজেলায় আলোচ্য প্রকল্পের আওতায় ৩১.৬৫ কি:মি: বিদ্যুৎ লাইন নির্মাণের লক্ষ মাত্রার বিপরীতে ২৯.১১ কি: মি: লাইন নির্মাণ করা হয়েছে । উক্ত লাইন নির্মাণের ফলে ১৯৪০ টি নতুন গ্রাহক সংযোগ সুবিধা সৃষ্টি হয়েছে এবং ইতোমধ্যে ১৭১২ জন নতুন গ্রাহককে বিদ্যুৎ সংযোগ প্রদান করা হয়েছে। এছাড়া এছাড়া প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আনোয়ারা উপজেলার মোল্লাপাড়া নামক গ্রামে প্রকল্পের আওতায় নির্মিত বৈদ্যতি ক লাইন সরেজমিনে পরিদর্শন করা হয়েছে।

নিম্নে আনোয়ার উপজেলার মোল্লাপাড়া গ্রামে নির্মিত বৈদ্যুতিক বিতরন লাইনের চিত্র উপস্থাপন করা হলো ঃ

	
মোল্লাপাড়া গ্রামে নির্মিত বৈদ্যুতিক লাইন	**মোল্লাপাড়া গ্রামে নির্মিত বৈদ্যুতিক লাইন**

১৫.২। বাঁশখালী উপজেলা:

বাঁশখালী উপজেলায় আলোচ্য প্রকল্পের আওতায় ৯০.১৭ কি:মি: বিদ্যুৎ লাইন নির্মাণের লক্ষ্য মাত্রার বিপরীতে ৮৫.০৮ কি: মি: লাইন নির্মাণ করা হয়েছে ; যা লক্ষ্যমাত্রা হতে ৫.০৯ কি:মি: কম। উক্ত লাইন নির্মাণের ফলে ৫৮১৫ টি সংযোগ সুবি ধা সৃষ্টি হয়েছে এবং ইতোমধ্যে ৫০৫১ জন নতুন গ্রাহককে বিদ্যুৎ সংযোগ প্রদান করা হয়েছে। এছাড়া এছাড়া প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে বাঁশখালী উপজেলার গুনাগরী ইউনিয়নে প্রকল্পের আওতায় নির্মিত ৩৩/১১ কেভি, ১০ এমভিএ উপকেন্দ্র ও বৈদ্যতিক লাইন সরেজমিনে পরিদর্শন করা হয় । বাঁশখালী-২ (গুনাগরী) উপকেন্দ্র নির্মানের মাধ্যমে ২৫,০০০ জন গ্রাহককে বৈদ্যুতিক সংযোগ প্রদানের সুবিধা সৃষ্টি হয়েছে।বর্তমানে উক্ত উপকেন্দ্রের সবোর্চ্চ বিদ্যুৎ চাহিদা ৪.৫ মেগাওয়াট এবং দুইটি ফিডারের মাধ্যমে প্রায় ১০,০০০ গ্রাহককে আলোচ্য উপকেন্দ্রের মাধ্যমে বিদ্যুৎ সুবিধা প্রদান করা হচ্ছে।

নিম্নে বাঁশখালী উপজেলার বাঁশখালী-২ (গুনাগরী) উপকেন্দ্রের চিত্র উপস্থাপন করা হলো ঃ





৩৩/১১কেভি ১০ এমভিএ বৈদ্যুতিক উপকেন্দ্র (ফ্রন্ট ভিউ)

উপকেন্দ্র সংলগ্ন নির্মিত চলমান বৈদ্যুতিক লাইন

?????? ??? ?-??? বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের প্রধান কার্যালয়ে একটি প্রকিউরমেন্ট ইউনিট রয়েছে; যেখান থেকে পল্লী বিদ্যুতায়ন বোর্ডের আওতাধীন সকল প্রকল্পের প্রয়োজনীয় মালামাল ক্রয় করা হয়ে থাকে। শুধু বিদ্যুৎ লাইন নির্মাণ ও সম্প্রসারনের জন্য ঠিকাদার নিয়োগের কাজটি প্রকল্প পরিচালকের আওতাধীন প্রকল্প সংশ্লিষ্ট এলাকার পল্লী বিদ্যুৎ সমিতির সাথে সমন্বয় করে করা হয়ে থাকে। প্রকল্পের চট্রগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-১'র আওতাধীন এলাকার বিদ্যুৎ লাইন সম্প্রসারনের দরপত্রের বিস্তারিত বর্ণনা নিম্নরুপ:

ক্রমিক নং	চুক্তি/কার্য্যাদেশ নং	ঠিকাদার প্রতিষ্ঠানের নাম	চুক্তি অনুযায়ী কিঃমিঃ	চুক্তি মূল্য লক্ষ টাকা	কাজ শুরুর তারিখ	কাজ সম্পাদনের তারিখ	মোট সম্পাদিত কাজ (কিঃমিঃ)	মোট পরিশোধিত বিল (লক্ষ টাকা)	মন্তব্য
১	১৯১ আর	মেসার্স দি আল আমিন কনস্ট্রাকশন্	৭.৭১৪	৩.৫৫৯	২৯/৩/১১	২৭/০৯/১১	৬.৫০১	২.৭৬	চুড়ান্ত
২	১৯২আর	মেসার্স মোঃ রম্নহুল আমিন	৬.৮৯৪	৩.৫৫০	২৭/২/১১	২৪/০৮/১১	৬.৪৬৮	২.৯৬	চুড়ান্ত
৩	১৯৩ এন	মেসার্স আব্দুল হান্নান চৌধুরী	৮.২৮৩	৫.৮০৯	৭/৪/১১	০৪/০৩/১২	৭.৪৬৪	৪.৬২	চুড়ান্ত
৪	১৯৪ আর	মেসার্স আব্দুল হান্নান চৌধুরী	১১.৮৭৫	৬.৬৪১	২৮/৭/১১	০২/০৬/১২	৭.৭০৬	৪.৪৮	চুড়ান্ত
৫	১৯৫ এন	মেসার্স আহমেদ কনস্ট্রাকশন্	৯.৮৩৬	৫.৬২৮	১২/৫/১১	১৫/১২/১১	৯.৮২৭	৪.৬৩	চুড়ান্ত

ক্রমিক নং	চুক্তি/কার্য্যাদেশ নং	ঠিকাদার প্রতিষ্ঠানের নাম	চুক্তি অনুযায়ী কিঃমিঃ	চুক্তি মূল্য লক্ষ টাকা	কাজ শুরুর তারিখ	কাজ সম্পাদনের তারিখ	মোট সম্পাদিত কাজ (কিঃমিঃ)	মোট পরিশোধিত বিল (লক্ষ টাকা)	মন্তব্য
৬	১০৬ আর	মেসার্স দি আল আমিন কনস্ট্রাকশ্ন	১১.৯৫২	৭.৬৩৬	১২/২/১২	১৩/০৯/১২	১০.৫৬৫	৫.৮৮	চুড়ান্ত
৭	১০৭ আর	মেসার্স মোঃ রম্নহুল আমিন	১১.৯২৮	১০.৭৪৫	৩/৫/১২	৩০/০১/১৩	১০.৬২০	৬.৮৫	চুড়ান্ত
৮	১০৮ এন	মেসার্স প্রতিভা কর্পোরেশন	১১.৯৮০	৮.৯৬৪	১৫/৩/১২	১৬/০২/১৩	১১.৬৫৬	৬.৪২	চুড়ান্ত
৯	১০৯ আর	মেসার্স প্রতিভা কর্পোরেশন	১৭.৩৫১	১৩.৪৬৩	৩/৫/১২	২১/০৩/১৩	১৬.৮৭২	১০.৮০	চুড়ান্ত
১০	১১০ আর	মেসার্স দি আল আমিন কনস্ট্রাকশ্ন	১২.১৮৫	১০.৫৭৯	৪/১২/১২	০৫/১২/১৩	১১.৫৯৮	৯.৪৩	চুড়ান্ত
১১	১১১ আর	মেসার্স দি আল আমিন কনস্ট্রাকশ্ন	১২.৭৯০	৯.০৩৭	২৬/১১/১২	০৫/১২/১৩	১২.৫৭৩	৭.৯২	চুড়ান্ত
১২	১১২ আর	মেসার্স ফারইস্ট ইঞ্জিনিয়ার্স	১৫.৬৭৮	১৪.৩১৫	৩১/১২/১২	৩০/০৪/১৫	১৫.৩৮৩	১০.৯০	চুড়ান্ত
১৩	১১৩ আর	মেসার্স দি আল আমিন কনস্ট্রাকশ্ন	১২.৬৮০	১১.৩৭৯	১১/২/১৩	০৪/০৫/১৪	১২.৪৪৮	৯.৭৪	চুড়ান্ত
১৪	১১৪ এন	মেসার্স টি এস ইঞ্জিনিয়ার্স	১৪.৭৩০	৯.১৮৫	২৯/৫/১৩	১৪/০৯/১৪	১১.০৬৪	৬.৫৯	চুড়ান্ত
১৫	১১৫ এন	মেসার্স মৃধা এন্টারপ্রাইজ	২৫.১১০	১৯.১৩৬	০২/১০/১৩	৩১/০৩/১৫	২৩.২৯৫	১৮.০৩	চুড়ান্ত
১৬	১১৬ এন	মেসার্স দি আল আমিন কনস্ট্রাকশ্ন	৩২.৪২১	২৭.৭৫৫	১৬/১২/১৩	২০/০৫/১৫	৩০.৯৩৭	২৫.৯৫	চুড়ান্ত
১৭	১১৭ এন	মেসার্স রম্নবায়েত ইঞ্জিনিয়ার্স	১৫.১৪০	১৩.০৫০	৩/৪/১৪	৩০/০৪/১৫	১৪.৬৯০	১২.৪১	চুড়ান্ত
১৯	১১৯ এন	মেসার্স প্রভা কনস্ট্রাকশ্ন	১৫.১১৭	২২.৫৭৪	১৫/৫/১৪	৩০/০৬/১৫	৫.৭৩৫	১৩.১০	চুড়ান্ত
২০	১২০ এন	মেসার্স প্রভা কনস্ট্রাকশ্ন	১৫.৯৭১	১৩.১২৭	১৪/৫/১৪	১১/০৬/১৫	১৫.৪৪০	১০.৮৪	চুড়ান্ত
২১	১২১ এন	সৈকত এন্টারপ্রাইজ	১৫.৯৩০	১৩.৪০৯	২৯/৫/১৪	১৮/০৬/১৫	১৫.২৯৮	১১.২৫	চুড়ান্ত
	মোট =		**২৮৫.৫৬৫**	**২৮২.২৮৬**			**২৫৬.১৪০**	**২৩৬.০৯০**	

উল্লিখিত ছক হতে দেখা যায় আলোচ্য প্রকল্পে চট্রগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-১ কর্তৃক দরপত্রের মাধ্যমে নির্বাচিত ২১ টি ঠিকাদারী প্রতিষ্ঠান ২৮৫.৫৬৫ কি:মি: কার্যাদেশ প্রাপ্তির বিপরীতে ২৫৬.১৪০ কি: মি: বিদ্যুৎ লাইন নির্মাণ ও সম্প্রসারনের কাজ সম্পন্ন করেছে।

১৭। **প্রকল্পের সার্বিক বাস্তব অগ্রগতি:** প্রকল্প পরিচালকের দপ্তর হতে প্রাপ্ত তথ্যানুযায়ী প্রকল্পের বাস্তব অগ্রগতি নিম্নরুপ:

ক্রমিক নং	**পল্লী বিদ্যুৎ সমিতির নাম**	**আরডিপি অনুযায়ী প্রাক্কলন**			**জুন, ২০১৫ পর্যন্ত নির্মাণ**		
		বিতরণ লাইন (৩৩/১১ কেভি) কি: মি:	**বিদ্যুৎ উপ-কেন্দ্র নির্মাণ (৫/১০) এমভিএ**		**বিতরণ লাইন (৩৩/১১**	**বিদ্যুৎ উপ-কেন্দ্র নির্মাণ (৫/১০) এমভিএ**	
			নতুন	**ক্ষমতা বর্ধন**	**নতুন**	**নতুন**	**ক্ষমতা বর্ধন**
১	***২***	***৩***	***৪***	***৫***	***৬***	***৭***	***৮***
১	ব্রাহ্মনবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি	২৪০	১ (১০)	১(৫)	২৩৮	১ (১০)	১(৫)
২	চট্রগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-১	২৭৫	১ (১০)		২৫৬	১ (১০)	
৩	চট্রগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি- ২	১৬০	১ (১০)		১৫৮	১ (৫)	
৪	চট্রগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-৩	২০০			১৯২	১ (১০)	
৫	কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১	৩১০	১ (১০)		৩০৭	১ (৫)	
৬	কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-২	৩৭০	১ (১০)		৩৬৭	১ (১০)	
৭	চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি	৩৫০	১ (১০)		৩৪৫	১ (১০)	
৮	কক্সবাজার পল্লী বিদ্যুৎ সমিতি	২৪০	১ (১০)	১(৫)	২৩০	১ (১০)	১(৫)
৯	ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি	৩০৫	১ (১০)		৩০৯	১ (১০)	
১০	লক্ষীপুর পল্লী বিদ্যুৎ সমিতি	২৭৫			২৭৫	১ (৫)	
১১	নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি	৩৪০		১(৫)	৩২২	১ (১০)	১(৫)
১২	হবিগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি	২৮০	১ (১০)		২৭৫	১ (১০)	
১৩	মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতি	৩০০			২৯৬	১ (১০)	

ক্রমিক নং	পল্লী বিদ্যুৎ সমিতির নাম	আরডিপি অনুযায়ী প্রাক্কলন			জুন, ২০১৫ পর্যন্ত নির্মাণ		
		বিতরণ লাইন (৩৩/১১ কেভি) কি: মি:	বিদ্যুৎ উপ-কেন্দ্র নির্মাণ (৫/১০) এমভিএ		বিতরণ লাইন (৩৩/১১	বিদ্যুৎ উপ-কেন্দ্র নির্মাণ (৫/১০) এমভিএ	
			নতুন	ক্ষমতা বর্ধন	নতুন	নতুন	ক্ষমতা বর্ধন
১	২	৩	৪	৫	৬	৭	৮
১৪	সুনামগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-	২৭৫	১ (৫)		২৭০	১ (১০)	
১৫	সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-১	৩৪০	১ (১০)	১(৫)	৩৫৮	১ (১০)	১(৫)
১৬	সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-২	২৪০		১(৫)	২৪৪	১ (১০)	১(৫)
	সর্বমোট =	**৪৫০০কি: মি:**	**১১ (১০৫)**	**৫(২৫)**	**৪৪৪২ কি:মি:**	**১১ (১১০)**	**৫(২৫)**

১৮। প্রকল্পের উদ্দেশ্য অর্জন :

পরিকল্পিত উদ্দেশ্য	প্রকৃত অর্জন
১। বিদ্যুৎ লাইন সম্প্রসারণ: ৩৭৯৫ কিঃমিঃ (৩৩ কেভি/ ১১ কেভি) বৈদ্যুতিক লাইন নির্মাণ এবং ৭০৫ কি: মি: বিদ্যুৎ লাইনের সংস্কারসহ মোট ৪৫০০ কি: মি:।	আলোচ্য প্রকল্পের আওতায় (৩৩ কেভি/ ১১ কেভি) ৪৪৪২ কি:মি: বৈদ্যুতিক লাইন (নতুন ৩৭৮০ কি: মি: এবং renovation ৬৬২কি: মি:) নির্মাণ করা হয়েছে; যা মোট লক্ষ্যমাত্রা হতে ৫৮ কি: মি: কম।
২।সাব-স্টেশন নির্মাণ: মোট ১০৫ এমভিএ ক্ষমতা সম্পন্ন ১১টি নতুন সাব -স্টেশন নির্মান এবং বিদ্যমান ৫ টি সাব - স্টেশনের সক্ষমতা ২৫ এমভিএ করা।	১০ এমভিএ ক্ষমতা সম্পন্ন ১১ টি সাব-ষ্টেশন নির্মাণ করা হয়েছে , যার মোট ক্ষমতা ১১০ এমভিএ; যা লক্ষ্যমাত্রা হতে ৫ এমভিএ বেশী। এছাড়া, augmentation এর মাধ্যমে বিদ্যমান ৫টি সাব-স্টেশনের সক্ষমতা ২৫এমভিএ বাড়ানো হয়েছে।
৩। নতুন গ্রাহক সংযোগ: ১,৮০,০০০ নতুন গ্রাহক সংযোগ প্রদানের সক্ষমতা সৃষ্টি করা।	পিসিআর হতে দেখা যায় প্রকল্পটি বাস্তবায়নের ফলে বিভিন্ন পর্যায়ের ২১৭,০০০ টি নতুন গ্রাহক সংযোগের সক্ষমতা সৃষ্টি হয়েছে।

১৯। বাস্তবায়ন সমস্যা ঃ

১৯.১।<u>মালামাল প্রাপ্তিতে বিলম্ব :</u> বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের প্রধান কার্যালয়ের প্রকিউরমেন্ট ইউনিট হতে বৈদ্যুতিক পোল ও অন্যান্য মালামাল যথাসময়ে না পাওয়ায় কিছু কিছু এলাকায় প্রকল্পের কার্য সম্পাদনে বিলম্ব হয়।

১৯.২। <u>জলাবদ্ধতার কারণে বাস্তবায়ন বিলম্বিত:</u> ভৌগলিক অবস্থানগত কারণে প্রকল্প সংশ্লিষ্ট সিলেট বিভাগের কয়েকটি জেলার কিছু কিছু এলাকা বছরের কয়েক মাস জলবেষ্টিত থাকার কারণে এ সময় বিদ্যুতের খুটি নির্মাণ ও বিদ্যুতের লাইন সম্প্রসারণের কাজ করা সম্ভব হয়নি।

১৯.৩। <u>পরিবহন সমস্যা:</u> কিছু কিছু এলাকায় বিল ও নিচু জমি এবং রাস্তা-ঘাট ভাল না থাকার কারণে বৈদ্যুতিক পোল ও বিদ্যুৎ লাইন সম্প্রসারণের মালামাল পরিবহনে পরিকল্পিত সময়ের চেয়ে বেশী সময় ব্যয় হয়।

১৯.৪। <u>পোল ইরেকশন ও ক্যাবল সম্প্রসারণে বাধা:</u> বিদ্যুতের পোল ইরেকশন এবং বিদ্যুৎ লাইন সম্প্রসারণের ক্যাবল কোন কোন এলাকায় ব্যক্তি মালিকানা জমির উপর দিয়ে নেয়ার সময়ে জ মির মালিক কর্তৃক আপত্তি ও অনেক ক্ষেত্রে বাধার কারণে উক্ত কার্য সম্পাদনে নির্ধারিত সময়ের অতিরিক্ত সময় ব্যয় হয়।

১৯.৫। <u>নিরবিচ্ছিন্নভাবে কার্য সম্পাদনে প্রতিবন্ধকতা :</u> চলমান বিদ্যুৎ লাইন বন্ধ করে বিদ্যুৎ লাইন সংস্করণ ও সম্প্রসারণের কাজ করতে হয়। সব সময় লাইন বন্ধ করা যায় না বিধায় নিরবিচ্ছিন্নভাবে কাজ করা সম্ভব হয়নি। ফলে অভিষ্ট লক্ষ্য অর্জনে নির্ধারিত সময়ের চেয়ে অনেক এলাকায় বেশি সময় ব্যয় হয়।

২০। সুপারিশ ঃ

২০.১। বৈদ্যুতিক পোল ও অন্যান্য সকল মালামাল যথাসময়ে না পাওয়ায় একদিকে যেমন কিছু কিছু পন্যের মূল্য বৃদ্ধির কারনে প্রকল্প ব্যয় বৃদ্ধি পেয়েছে; অন্যদিকে কাঙ্খিত সময়ে গ্রাহকেরা বিদ্যুৎ সুবিধা পায়নি। তাই , ভবিষ্যতে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের প্রধান কার্যালয়ের প্রকিউরমেন্ট ইউনিট হতে প্রকল্পের শুরুতেই যথাসময়ে মালামাল সরবরাহের বিষয়টি নিশ্চিত করতে হবে **(অনুচ্ছেদ ১৯.১)**।

২০.২। প্রকল্পের আওতায় নির্মিত ১১টি ৩৩/১১ কেভি ১০ এমভিএ ক্ষমতাসম্পন্ন বিদ্যুৎ উপ -কেন্দ্রের মধ্যে কিছু উপকেন্দ্রের বর্তমান গড় বিদ্যুৎ চাহিদা ৫ এমভিএ'র ও কম। তাই , ভবিষ্যতে অনুরুপ নতুন প্রকল্প গ্রহনের ক্ষেত্রে উক্ত উপকেন্দ্র সমূহ হতে বিদ্যুৎ সরবরাহের বিষয়টিকে অগ্রাধিকার হিসেবে রাখতে হবে **(অনুচ্ছেদ ১৫.২)।**

২০.৩। যে সকল জেলার অধিকাংশ এলাকার মাট - ঘাট বর্ষাকালে প্লাবিত থাকার কারণে বিদ্যুতের খুটি নির্মাণ ও সম্প্রসারণের কাজ করা যায় না , এ সকল জেলায় ভবিষ্যতে অনুরুপ প্রকল্প গ্রহনের ক্ষেত্রে বছরের অবশিষ্ট সময়ে বিদ্যুৎ লাইন নির্মাণের বিষয়টি অগ্রাধিকার ভিত্তিতে নিতে হবে **(১৯.২ ও ১৯.৩)।**

২০.৪। বিআরইবি অবশিষ্ট Internal এবং External audit আপত্তি দ্রুত নিষ্পত্তি করবে **(অনুচ্ছেদ ১৪.)**।

২০.৫। প্রকল্পের আওতায় নির্মিত বৈদ্যুতিক লাইন ও সাবস্টেশন নিয়মিত রক্ষণাবেক্ষণ করতে হবে।

২০.৬। (২০.১-২০.৫) অনুচ্ছেদে বর্ণিত কার্যক্রমের উপর গৃহিত ব্যবস্থা আগামী দুই (০২) মাসের মধ্যে আইএমইডি-কে অবহিত করবে।